ভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতাঃ :কবলো নির্গুণশ্চ ॥ ৯৭ ॥

রুদ্রায় নমঃ। আদিত্যায় নমঃ। বিনায়কায় নমঃ। সূর্য্যায় নমঃ। বিদ্যায়ৈ নমঃ। ইন্দ্রায় নমঃ। অগ্নয়ে নমঃ।

তি। বিষয়াদিভিরনপেক্ষো নিত্যচৈতন্যাত্মা ইত্যর্থঃ। ন চাত্মনি ষ্ট্যাদি শক্তীনাং স্বাভাবিকত্বং চেত্তদা মোক্ষদশায়া মপি সৃষ্টেরপরি-র্য্যত্বাদনির্মোক্ষপ্রসঙ্গ ইত্যাহ নির্গুণশ্চেতি। চ শব্দঃ সর্ব্ববিশেষণৈঃ মুচ্চয়ার্থঃ। ৯৭।

কথং রুদ্রা যজন্তীত্যস্যোত্তরমাহ। রুদ্রায় ঈশ্বরায় ইতি মন্ত্রেণ একা-রুদ্রা যজন্তীত্যর্থঃ। মানবাঃ কথং যজন্তীত্যস্যোত্তরমাহ আদিত্যায় ইতি। আদিত্যায় বিষ্ণবে নমঃ। এবং সর্ব্বত্র নমোস্তস্মৈব মন্ত্রত্বং ধ্যম্। কথং দ্বাদশাদিত্যা যজন্তীত্যস্যোত্তরমাহ সূর্য্যায় নম ইতি।

শঙ্কায় শ্রীকৃষ্ণ কহিতেছেন, তিনি এক হইয়াও সর্ব্বভূতে গূঢ়ভাবে প্রবিষ্ট আছেন। শ্রুতিতে লিখিত আছে যে, ভগবান প্রত্যেক ার্থ সৃষ্টি করিয়া তৎক্ষণাৎ তাহার মধ্যে প্রবেশ করেন। যেমন প্রদী-দি গৃহান্তর হইতে অন্য গৃহে প্রবেশ করে, তাঁহার প্রবেশ সেইরূপ হ, তিনি সর্ব্বব্যাপী, অর্থাৎ সর্ব্বদা সর্ব্বত্র বিদ্যমান আছেন। আর গবান আকাশের ন্যায় সর্ব্বব্যাপী নহেন, তিনি সর্ব্বভূতের অধিষ্ঠান, র্থাৎ সর্ব্বভূত তাঁহাকেই আশ্রয় করিয়া আছে। তিনি সর্ব্বভূতের াদান কারণ এবং সর্ব্বভূতের অন্তরাত্মা। তিনি সর্ব্বকার্য্যের অধ্যক্ষ, র্ব্বসাক্ষী, অর্থাৎ দর্শন মাত্রেই তাঁহার কর্তৃত্ব স্বীকার করা যায়। আর ই ভগবান চৈতন্যরূপ, অদ্বিতীয়, বিষয়াদি অপেক্ষা করেন না এবং নি নিত্য ও নির্গুণ ॥ ৯৭ ॥

পূর্ব্বে ব্রহ্মা প্রশ্ন করিয়াছেন যে, কিরূপে রুদ্রাদিরা তাহার অর্চ্চনা রিবে? এই প্রশ্নের উত্তরে শ্রীকৃষ্ণ বলিতেছেন "রুদ্রায় নমঃ এই

যমায় নমঃ। নির্ঋতয়ে নমঃ। বরুণায় নমঃ। বায়বে নমঃ। কুবেরায় নমঃ। ঈশানায় নমঃ। ব্রহ্মণে নমঃ। সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ॥ ৯৮॥

দত্ত্বা স্তুতিং পুণ্যতমাং ব্রহ্মণে স্বস্বরূপিণে।
কর্ত্তৃত্বং সর্ব্বভূতানামন্তর্দ্ধানে বভূব সঃ॥ ৯৯॥

সূতে সর্ব্বপ্রপঞ্চমিতি সূর্য্যঃ জ্যোতিঃস্বরূপঃ পরমাত্মা ইত্যর্থঃ। অনেন মন্ত্রেণাদিত্যা যজন্তীত্যর্থঃ। কথং দেবা যজন্তীত্যস্তোত্তরমাহ। ইন্দ্রায় নমঃ। অগ্নয়ে নমঃ। নির্ঋতয়ে নমঃ। বরুণায় নমঃ। বায়বে নমঃ কুবেরায় নমঃ। ঈশানায় নমঃ। ব্রহ্মণে নমঃ। সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ ইতি। সর্ব্বেভ্যঃ বসুগন্ধর্ব্বাপ্সরঃকিন্নরপ্রভৃতিভ্যঃ নমঃ ইত্যর্থঃ॥ ৯৮॥

তদেবং ব্রহ্মসংবাদে গান্ধর্ব্বীপ্রশ্নোত্তরং নিরূপ্যাথ কথিতো মুনি-গান্ধর্ব্বীপ্রশ্নোত্তরমবতারয়তি দত্ত্বা স্তুতিমিতি। সঃ বিষ্ণুঃ স্বস্বরূপিণে স্বমূর্ত্তয়ে ব্রহ্মণে পুণ্যতমাং প্রাগুক্তাং স্তুতিং দত্ত্বা তথা সর্ব্বলোকানাং কর্ত্তৃত্বং কর্ত্তৃসামর্থ্যং ব্রহ্মণে দত্ত্বা অন্তর্দ্ধানে বভূব অদৃশ্যো বভূব॥ ৯৯॥

মন্ত্রে রুদ্রগণ পূজা করিবে। "আদিত্যায়, অর্থাৎ বিষ্ণবে নমঃ" এই মন্ত্রে মানবগণ। "বিনায়কায় নমঃ" এই মন্ত্রে বিনায়কগণ। যিনি জগৎ প্রসব করেন, তিনিই সূর্য্য, অর্থাৎ জ্যোতিঃস্বরূপ পরমাত্মা, অতএব "সূর্য্যায় নমঃ" এই মন্ত্রে আদিত্যগণ। "বিদ্যায়ৈ নমঃ" এই মন্ত্রে বিদ্যাধরগণ। "ইন্দ্রায় নমঃ" এই মন্ত্রে ইন্দ্রাদি দেবগণ। "অগ্নয়ে নমঃ" এই মন্ত্রে অগ্নি, "যমায় নমঃ" এই মন্ত্রে চতুর্দ্দশ যম," নিঋতয়ে নমঃ এই মন্ত্রে নিঋতি, "বরুণায় নমঃ" এই মন্ত্রে বরুণ, "বায়বে নমঃ" এই মন্ত্রে বায়ু, "কুবেরায় নমঃ" এই মন্ত্রে কুবের, "ঈশানায় নমঃ" এই মন্ত্রে ঈশান, "ব্রহ্মণে নমঃ" এই মন্ত্রে ব্রহ্মা এবং "সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ" এই মন্ত্রে গন্ধর্ব্ব, অষ্টবসু, অপ্সরোগণ ও কিন্নরগণ পূজা করেন। ৯৮।

গান্ধর্ব্বী দুর্ব্বাশার নিকট এইরূপে ব্রহ্ম নারায়ণ সম্বাদ শ্রবণ করিয়া স্বীয় প্রশ্নের উত্তর নিশ্চয় করিলেন এবং মুনিবর দুর্ব্বাশাও গান্ধর্ব্বী

ব্রহ্মণে ব্রহ্মপুত্রেভ্যো নারদায় তথা শ্রুতম্।
তথা প্রোক্তন্তু গান্ধর্ব্বি গচ্ছধ্বং স্বালয়ান্তিকম্ ॥১০০॥

ইত্যাথর্ব্বণোপনিষৎসু গোপালতাপন্যুত্তরভাগঃ
সমাপ্তঃ ॥

ইতি অথর্ব্ববেদীয়-গোপালতাপনীয়োপনিষৎ
সমাপ্তা ॥

ময়া বেদতৎসম্প্রদায়তো যথা শ্রুতং যুষ্মান্ প্রতি তথা প্রোক্তমিত্যাহ
াহ্মণে ব্রহ্মপুত্রেভ্য ইতি। হে গান্ধর্ব্বি ময়া ইদং ব্রহ্মপুত্রেভ্যঃ নারদাৎ
থা শ্রুতং তথা ময়া যুষ্মান্ প্রতি প্রোক্তং। হে গান্ধর্ব্বি সর্ব্বা যূয়ং স্বালয়া-
ন্তিকং স্বাশ্রমপ্রদেশং প্রতি গচ্ছধ্বং। আদ্যং ব্রহ্মণে ইতি পদং পূর্ব্ব-
শ্লোকে যোজিতং। নারদায় ইত্যত্র পঞ্চম্যাঃ সুপাংসুলুগিতি সূত্রেণ
াদেশঃ। আদ্যং তথা ইতি পদং যথা ইত্যর্থে। ৮০-১০০ ॥

ভবসন্তাপসন্তানশাতনী তাপনী শ্রুতিঃ।
তদর্থবোধিনী টীকা জনার্দ্দনবিনির্ম্মিতা।

ইতি শ্রীমদ্বিশ্বেশ্বরবিরচিতায়াং গোপালতাপনীটীকায়ামুত্তর-
তাপনীটীকা সমাপ্তা ॥

নিকট অনেক প্রশ্নের উত্তর পাইলেন, পরন্তু ভগবান্ বিষ্ণু স্বীয় মূর্ত্তি-
স্বরূপ ব্রহ্মাকে পূর্ব্বোক্ত পুণ্যতমা স্তুতি ও জগতের কর্তৃত্ব প্রদানপূর্ব্বক
ন্তর্হিত হইলেন ॥ ৯৯ ॥

গান্ধর্ব্বীকে যে উপদেশ প্রদান করিলেন তাহার প্রামাণ্য স্থাপনার্থ
হিতেছেন। গোপীগণ! এই তাপনীয়-শ্রুতি প্রথমতঃ সনকাদি ঋষিরা

ব্রহ্মার নিকট শ্রবণ করেন,-তৎপরে নারদ সনকাদি ঋষিগণের নিকট শুনিয়া ছিলেন এবং নারদের নিকট আমি যেরূপ শ্রবণ করিয়াছি, তোমাদিগের নিকট তাহাই প্রকাশ করিলাম। হে গান্ধর্ব্বি! তোমরা এইক্ষণ স্বস্ব স্থানে প্রস্থান কর। ১০০।

ইতি গোপালোত্তর-তাপনী সমাপ্ত॥

ইতি অথর্ব্ববেদীয়-গোপালতাপনীয়োপনিষৎ সমাপ্ত।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়

নৃসিংহতাপনী

ও

ষট্‌চক্রোপনিষৎ।

সানুবাদ-মূল, টীকা ও ভাষ্যাদি-সমেত।



নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্‌দর্শনাদিশাস্ত্র-প্রকাশক


শ্রীমহেশচন্দ্র পা... ক
সঙ্কলিত ও প্র...

(সভার কার্য্যালয়; ১৪১ নং বাগবা...

কলিকা...

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রী...
শ্রীনবকুমার বসু-...

সূচিপত্রম্।



॥ ওঁ তৎ সৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

নৃসিংহতাপনী।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ নমঃ শ্রীনৃসিংহায় ॥

॥ ওঁ॥ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ।
স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনুভির্ব্ব্যশেম দেবহিতং যদায়ুঃ ॥ ১ ॥

অথর্ব্ববেদী-নৃসিংতাপনীভাষ্যম্।

যন্নাম্নোপনিষৎ খ্যাতা তপনং তং বিধিং গুরুম্।
প্রণম্যোপাসনাগর্ভাং তদ্‌ব্যাখ্যাং শ্রদ্ধয়ারভে ॥
আনুষ্টুভাৎ সামরাজান্নারসিংহাদিদং জগৎ।
জাতং যস্মিন্ স্থিতং লীনং নমস্তস্মৈ ত্রিশক্তয়ে।

॥ ওঁ। ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ইতি মন্ত্রান্তর্গতভদ্রপদব্যাখ্যানপরামৃচমাদিতঃ শাস্তৌ পঠন্নস্যাভ্যঃ শ্রৌত-স্মার্ত্ত-পৌরাণিক কল্পপ্রতিপাদিতাভ্যঃ সাকারব্রহ্মবিদ্যাভ্য ইয়ং সুভদ্রেতি দর্শয়তি। ভদ্রং কল্যাণম্ কর্ণেভিঃ ইতি ছান্দসম্ কর্ণৈঃ শৃণুয়াম শৃণুমঃ। দেবাঃ সন্তো বয়ং ভদ্রং কল্যাণং পশ্যেমঃ অক্ষভিঃ চক্ষুর্ভিঃ যজত্রাঃ যজনশীলাঃ স্থিরৈরঙ্গৈঃ হৃদয়াদ্যৈঃ সামাঙ্গৈঃ প্রণব সাবিত্র যজুর্লক্ষ্মী-নৃসিংহগায়ত্রীরূপৈঃ মূলমন্ত্রাঙ্গব্যাখ্যানপরৈঃ তনূভিঃ

প্রথমতঃ শান্তি মন্ত্র কথিত হইতেছে। শান্তি মন্ত্র ব্যাখ্যানে প্রতিপাদিত হইতেছে যে, শ্রুতি, স্মৃতি, পুরাণাদি প্রতিপাদিত সাকার ব্রহ্মবিদ্যা হইতে বক্ষ্যমাণ ব্রহ্মবিদ্যাই প্রশস্ত। অতএব তাহাই প্রদর্শন করিতেছেন।—আমরা কর্ণ দ্বারা সর্ব্বদা কল্যাণ শ্রবণ করি, চক্ষুদ্বারা মঙ্গল

স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু॥
॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥ ২ ॥

স্তুতিমন্ত্রৈঃ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ ব্রহ্মা তস্মৈ বৈ নমোনমঃ ইত্যাদ্যৈঃ তুষ্টুবাংস ইতি স্তুতিসাধনত্বেনোক্তত্বাৎ তনুশব্দেন মন্ত্রা গৃহ্যন্তে তথা অঙ্গশব্দেন চ। তুষ্টুবাংসঃ স্তবানাঃ স্তুতিং কুর্ব্বাণাঃ ব্যশেম বিগতরোগং বিবিধৈহিকামুষ্মিক সুখভোগক্ষমমশেষং প্রাপ্নুয়াম। আয়ুঃ ইতি প্রত্যেকং সম্বধ্যতে। যদ্দেবহিতং দেবস্তাপনীয়োক্তবিদ্যয়োপাস্যঃ তত্তদবসরোচিতকারণে বুদ্ধ্যা শিক্ষন্ হিতমাচরতি যস্মিন্নায়ুষি তথোক্তমায়ুর্ব্যশেমেতি সম্বন্ধঃ ॥ ১ ॥

স্বস্তি ন ইত্যত্র স্বস্তিপদানাং চতুর্ণামপৌনরুক্ত্যং যাস্কবচনাদন্যথাসত্ত্বাং স্বস্তীত্যবিনাশনামেত্যাদি স্বস্তি ইত্যবিনাশমায়ুঃ নঃ অস্মভ্যমিন্দ্রো দধাতু। কীদৃক্ বৃদ্ধশ্রবাঃ বৃদ্ধাৎ বৃহস্পতেঃ সদ্বিদ্যাশ্রবণং যস্য স তথোক্তঃ। দধাতু স্বস্তি ইত্যাভিমুখ্যমুপাসনায়াং নোঽস্মভ্যং পূষা বিশ্ববেদাঃ বিশ্বানি দেবাংসি যস্য স তথোক্তঃ। অথবা সর্ব্বে বেদা উপাসনায়ামাভিমুখ্যং দধতু। স্বস্তি পূজার্হতাং নোঽস্মভ্যং তার্ক্ষ্যো দেবভক্তো গরুত্মান্ অরিষ্টনেমিঃ অহিংসিতবজ্রো দধাতু। স্বস্তি শোভনং

দর্শন করি, যজনশীল হইয়া হৃদয়াদি স্থিরীভূত অঙ্গ সমূহদ্বারা "যোবৈ নৃসিংহোদেবো ভগবান্ যশ্চ ব্রহ্মা তস্মৈ বৈ নমোনমঃ" ইত্যাদি সপ্রণব সাবিত্র মন্ত্র যজুঃ, লক্ষ্মী, নৃসিংহ ও গায়ত্রীরূপ স্তুতিমন্ত্র দ্বারা স্তব করিয়া রোগবিহীন হইয়া ঐহিক ও পারত্রিক বিবিধ ভোগসাধনক্ষম আয়ুঃ প্রাপ্ত হইতেছি। যে নৃসিংহদেব উক্ত তাপনীয় বিদ্যার উপাস্য সেই নরহরিদেবের অবসরোচিত কারণে বুদ্ধিদ্বারা শিক্ষা করিয়া যেরূপ আয়ুকালে হিতসাধন করিতে পারি, সেইরূপ আয়ু পাইতেছি ॥ ১ ॥

যিনি বৃহস্পতির নিকট সদ্বিদ্যা শ্রবণ করিয়াছেন, সেই ইন্দ্র আমাদিগের অবিনশ্বর আয়ুঃপ্রদান করুন। বিশ্বপ্রকাশক সূর্য্যদেব আমাদিগের স্বস্তিসাধন করুন। প্রতিহতবজ্র গরুড় আমাদিগকে পূজার্হ করুন এবং

ওম্ আপো হ বা ইদমাসন্ সলিলমেব স প্রজাপতি-

নোঽস্মভ্যং দধাতু বৃহস্পতিরিত্যর্থঃ। অস্মিন্ মন্ত্রে অম্বচ্ছন্দো বীপ্সয়া বক্ষ্যমাণায়াং বিদ্যায়ামাদরং দর্শয়তি ॥ ওঁ শান্তিঃ। ওঁ শান্তিঃ। ওঁ শান্তিঃ। ত্রিধা তু বিঘ্নোপশান্তির্বক্ষ্যমাণবিদ্যানুষ্ঠানে। ২।

আপো হ বা ইদমাসন্নিত্যাদ্যা তদেতন্নিকামস্ত ভবতীত্যন্তা তাপনীয়োপনিষৎ শ্রীনৃসিংহাকারব্রহ্মবিষয়া সতী নিরাকারব্রহ্মপ্রতিপত্ত্যুপায়ভূতা। অতএব পৃথক্ সম্বন্ধাভিধেয় প্রয়োজনানি ন বক্তব্যানি। যান্যেব তূপনিষৎ-সম্বন্ধাভিধেয়প্রয়োজনানি তান্যেবোপনিষদ্ব্যাচিখ্যাসুনা সঙ্ক্ষেপতো বক্তব্যানি। তত্র প্রয়োজনসাধনাভিব্যঞ্জকত্বেনাভিধেয়সম্বদ্ধং শাস্ত্রং পারম্পর্য্যেণ প্রয়োজনবৎ। কিং পুনঃ প্রয়োজনম্ ইত্যুচ্যতে। রোগার্ত্তস্যেব রোগনিবৃত্তৌ স্বস্থতা দুঃখাত্মকস্যাত্মনো দ্বৈতপ্রপঞ্চস্যোপশমে স্বস্থতা অদ্বৈতভাবঃ প্রয়োজনম্। দ্বৈতপ্রপঞ্চস্য চ অবিদ্যাকৃতত্বাদ্বিদ্যয়া তদুপশমঃ স্যাদিতি ব্রহ্মবিদ্যাপ্রকাশনায়াঽস্যারম্ভঃ। যত্র হি দ্বৈতমিব যত্র চান্যদিব স্যাত্তত্রান্যোঽন্যৎ পশ্যেদ্বিজানীয়াৎ যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূত্তৎ কেন কং পশ্যেদ্বিজানীয়াৎ ইত্যাদিশ্রুতিভ্যোঽস্যার্থস্য সিদ্ধিঃ। তত্র তাবদস্যামুপনিষদি ইদং পরামৃশ্যতে কিং যাবদ্বেদ্যং বিদ্যাভেদঃ আহো স্বিদন্যোঽন্য-বিশেষণ-বিশেষ্যভাববিশিষ্টস্য চ বেদ্যস্যৈক্যাদ্বিদ্যৈক্যমিতি। তত্র কিং নঃ প্রতিভাতি বিদ্যাভেদ ইতি। তথা হি। প্রথমোপনিষদি লোক-সাঙ্গসামশুদ্ধসামগ্র্যাদি-সামান্তর্গতস্বরবিশেষ-ক্ষীরোদার্ণবশায়ি নৃকেসরিশঙ্কর—সচ্চিদানন্দ—ময়ানামন্যোঽন্যবিশেষণ—বিশেষ্যভাব—রহিতানাং

বৃহস্পতি আমাদিগের সর্ব্ববিষয়ে শুভ প্রদান করুন। বিদ্যানুষ্ঠান কালে এইরূপ কল্যাণ কামনা করিয়া বিঘ্ননিবারণার্থ ত্রিধাশন্তি শব্দ উচ্চারণ করিবে ॥ ২ ॥

আপোহ বা ইদমাসন্ ইত্যাদি এবং তদেতন্নিকামস্ত ভবতি ইত্যন্ত তাপনীয়োপনিষৎ শ্রীনৃসিংহাকার-ব্রহ্মবিষয়িকা হইলেও ইহাই নিরাকারব্রহ্ম বিজ্ঞানের উপায়স্বরূপ, অতএব পৃথক্ রূপে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন বক্তব্য নহে। উপনিষদের যে সকল সম্বন্ধ। প্রয়োজন ও অভিধেয় আছে,

রেকঃ পুষ্করপর্ণে সমভবৎ তস্যান্তর্ম্মনসি কামঃ সম-বর্ত্ততেদং সৃজেয়মিতি ॥ ৩ ॥

বেদ্যানাং শ্রবণাৎ তথা প্রণবাদ্যষ্টবঙ্গপদ পাদার্থশক্তি-শক্তিবীজ নির্ণয়ঃ সামাঙ্গমন্ত্রচতুষ্টয়ানাং বেদ্যানাং দ্বিতীয় তৃতীয়-চতুর্থোপনিষৎসু সথাসঙ্খ্যং শ্রবণাৎ অন্ত্যোপনিষদি মহাচক্রবিদ্যা শ্রূয়তে। নমু অন্যোঽন্যবিশেষণ-বিশেষ্যভাব-রহিতানামপ্যঙ্গাঙ্গিভাবোভবতু। নেতি ব্রূমঃ। ফলবৎসন্নিধাব-ফলং তদঙ্গম্ ইতি ন্যায়বৈষম্যাৎ। তথা হি। লোকাদিতত্তদ্বেদ্যানাং ফলসম্বন্ধেন যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি ইত্যসকৃচ্ছ্রবণাৎ। নমু লোকাদীনামন্যোঽন্যবিশেষণ বিশেষ্যভাব-রহিতানামপি নৃসিংহাকারব্রহ্মণা সহ বিশেষণ-বিশেষ্যভাবসম্ভবাৎ। তথা হি। সর্ব্বান্ লোকান্ সর্ব্বান্ দেবান্ সর্ব্বানাত্মনঃ সর্ব্বাণি ভূতান্যুদগৃহ্লাত্যুদগৃষ্যতে ইত্যাদি পদব্যাখ্যানে সর্ব্বেষাং বেদ্যানাং তৎসম্বন্ধশ্রবণাৎ অতো বিশিষ্টস্য বেদ্যস্যৈক্যাদ্বিদ্যৈক্য মিতি। অত্রোচ্যতে। সত্যং শ্রূয়তে সম্বন্ধঃ তথাপ্যর্থবাদত্বাৎ ন বিবক্ষ্যতে অর্থবাদশ্চ বিধ্যশ্রবণাৎ উদগৃহ্লাতি বিরমতি ব্যাপ্নোতি জ্বলতি পশ্যতি পলায়ন্তে দদাতি মারয়তি নমন্তীত্যেবং বর্ত্তমানাপদেশাচ্চ। ন চ বাচ্যম্ অধস্তাৎ পদোদ্ধারে তস্য হ বা উগ্রং প্রথমং স্থানং জানীয়াৎ ইতিবিধিঃ। শ্রূয়ত ইতি যতস্ততঃ প্রাগপি প্রত্যক্ষরমুভয়ত ওঁকারো ভবতি ইতিবিধি-বলাৎ প্রণবাক্ষরমিশ্রণেন মূলমন্ত্রাক্ষরব্যত্যয়াৎ তত্তৎপদাজ্ঞানে প্রাপ্তে তত্তৎ পদপরিমাণজ্ঞাপনার্থং বিধিরুপক্ষীণঃ সন্ ন তৎপদার্থানাং শ্রীনৃসিংহ-ব্রহ্মণা সহ সম্বন্ধং বিধাতুং শক্নোতি। অতো যাবদ্বেদ্যং বিদ্যাভেদ ইত্যেবং প্রাপ্তম্ এবং প্রাপ্তেব্রূমঃ। সত্যম্। পৃথিব্যাদিলোকানাং পরস্পরং

তাহা উপনিষদ্ব্যাখ্যাকারীরা সংক্ষেপে নিরূপণ করিয়া থাকেন। রোগার্ত্ত ব্যক্তির পক্ষে যেমন রোগনিবৃত্তি হইয়া স্বস্থতালাভই প্রয়োজন, সেইরূপ দুঃখাত্মক আত্মার দ্বৈতজ্ঞানের নিবৃত্তি হইয়া স্বস্থতা, অর্থাৎ অদ্বৈত ভাবই উপনিষতের প্রয়োজন। অবিদ্যাবশতই দ্বৈতজ্ঞান হইয়া থাকে, পরন্তু সেই অবিদ্যার বিনাশ হইলেই তাহার নিবৃত্তি হয় এবং তাহাহইলেই ব্রহ্মবিদ্যা প্রকাশ হইতে পারে, এই নিমিত্ত এই গ্রন্থের আরম্ভ হইয়াছে।

বিশেষণবিশেষ্যভাবো নাবগম্যতে প্রত্যুত প্রত্যেকঞ্চ বেদ্যতা শ্রূয়তে জানীয়াদিতি তথাপি নৃসিংহব্রহ্মণা সহ সম্বন্ধস্তত্র তত্র শ্রূয়মাণঃ কেন নিবারয়িতুং শক্যতে। তথা হি। স এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভম-পশ্যদিত্যাদৌ তেভ্য এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভং প্রাযচ্ছৎ। য এবং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভং প্রত্নিগৃহ্লীয়াৎ ইত্যাদি মধ্যে পুনশ্চ আনুষ্টুভস্য মন্ত্ররাজস্য নারসিংহস্যাঙ্গমন্ত্রান্ নো ব্রূহি ইতি মন্ত্ররাজং নারসিংহ মানুষ্টুভং ভবতি ইত্যেবং মধ্যে শ্রাবয়িত্বা অন্তে অথ এতং মন্ত্ররাজং নার সিংহমানুষ্টুভং নিত্যমধীতে ইত্যসকৃদগ্রস্থাদিমধ্যাবসানেষু নৃসিংহব্রহ্ম-সম্বন্ধিত্বেন সঙ্কীর্ত্তনাদ্বিদ্যায়া ঐক্যমিতি নিশ্চিতেন তৎসম্বন্ধিত্বেন যথা-যোগ্যতয়া তদন্তর্গতপদজাতং সামসম্বন্ধিসমস্তং যথাযোগ্যতয়া বর্ণনীয়ম্। অপিচান্ত্যোপনিষদি ফলকথনাবসরে কৃৎস্নাং শ্রীনৃসিংহব্রহ্মবিদ্যামভিধায় য এবং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভং নিত্যমধীতে ইত্যেতন্মন্ত্রনারসিংহানুষ্টুভশব্দানাং কৃৎস্নৃসিংহব্রহ্মবিদ্যাভিধায়কত্বেন নিশ্চিতানামসকৃচ্ছ্রুতা-নামেবাদৌ এবং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভমপশ্যৎ ইতি শ্রবণাৎ তদন্ত-রালবর্ত্তিপদজাতং নৃসিংহব্রহ্মবিদ্যাসম্বন্ধমিতি নিশ্চীয়তে। তৎসম্বন্ধশ্চ তত্তৎপদব্যাখ্যানাবসরে স্পষ্ট এব প্রদর্শয়িষ্যতে। অপিচ বাক্যান্বয়াদিতি ন্যায়েন সর্ব্বমেবেদং প্রকরণং নৃসিংহব্রহ্মবিদ্যাপ্রকরণমিতি গম্যতে। অথ যদুক্তং পদব্যাখ্যানে বাক্যানাং নৃসিংহ ব্রহ্মবিদ্যা সম্বন্ধ সমর্পকাণাং বিধ্যশ্রবণাদ্বর্ত্তমানাপদেশাচ্চার্থবাদত্বমিতি তদযুক্তম্ অধস্তাৎপদোদ্ধারে তস্য হ বা উগ্রং প্রথমং স্থানং জানীয়াৎ ইতিবিধিঃ স্পষ্ট এব শ্রূয়তে। তত্র চ বিধৌ তচ্ছব্দেন সাঙ্গস্য মূলমন্ত্রস্য পরামর্শাদঙ্গানাঞ্চ দ্বৈবিধ্যান্মূল-মন্ত্রাঙ্গমন্ত্রাণাং যথাযোগ্যতয়া ব্যাখ্যানব্যাখ্যেয়ভাবেনাবস্থিত্বাৎ কৃৎস্নৈব নৃসিংহ ব্রহ্মবিদ্যাবগম্যতে। স চ বিধিরনুষঙ্গন্যায়েন সর্ব্বপদসম্বন্ধঃ স্পষ্ট

"যাবৎ দ্বৈতজ্ঞান থাকে, তাবৎ অন্য অন্যকে দর্শন করে এবং অন্য অন্যকে জানে, এইরূপ জ্ঞান হয় এবং যখন সর্ব্বই আত্মময়, এইরূপ জ্ঞান হয়, তখন কে কাহাকে দর্শন করে? কে কাহাকে জানে, এইরূপ বোধ হইয়া থাকে" ইত্যাদি শ্রুতি প্রমাণেই উক্তার্থের সিদ্ধি আছে। এই নৃসিংহ তাপনীয় উপনিষৎ আপোহবাইদমাসন্ ইত্যাদি মন্ত্রে আধ্যাত্মিকা পূর্ব্বক

ইতি। নম্ন তত্রাপ্যুক্তং পদজ্ঞানার্থং তদিতি। তন্ন। প্রাক্ প্রত্যক্ষর মুত্তরত ওঙ্কারো ভবতি ইতি বাক্যাদর্থাজ্ঞানেন পদাজ্ঞানে প্রাপ্তে তৎ পুরঃসরমেব পদজ্ঞানমিতি। নম্বেবং তচ্ছেষত্বেনোপরিষ্টাদর্থকথনমনুপ পন্নম্ নানুপপন্নম্ উপরিষ্টাদ্ধি কস্মাদুচ্যতে কস্মাদুচ্যত ইতি অর্থপুরঃসরমেব পদং স্পৃষ্ট্বা অর্থমুপসংহরতি তস্মাদিদমুচ্যতে তস্মাদিদমুচ্যতে অতোঽব গম্যতে প্রাগপ্যর্থজ্ঞানপুরঃসরমেব পদজ্ঞানমিতি অতঃ সর্ব্বপদসম্বন্ধি বিধিশ্রবণং স্পষ্টমিতি। কিঞ্চ সর্ব্বেষাং পদানামর্থমাশ্রাব্য অন্তে য এবং বেদেতি বিধিশ্রবণাৎ বেদেতি বর্ত্তমানত্বাৎ কথং বিধিরিতি চেৎ ন বচনানিত্বপূর্ব্বত্বাদিতি ন্যায়াৎ য এবং বেদেতি যঃ এবং প্রাক্তনমর্থজাতং শ্রীনৃসিংহব্রহ্মসম্বন্ধং বেদ উপাস্তে। উপনিষদি সাকারব্রহ্মবিদ্যাপ্রকরণে পঠিতানাং বেদোপাসনাজ্ঞানধ্যানপদানামুপাসনার্থত্বেন নির্ণীতত্বাৎ অতো নায়মর্থবাদ ইতি। অতঃ পঞ্চমুপনিষৎসু ন যাবদ্বেদ্যং বিদ্যাভেদ ইতি সিদ্ধম্। আপো হ বা ইদমাসন্নিত্যাদিনা শ্রীনৃসিংহ-ব্রহ্মবিদ্যা প্রকরণমাখ্যায়িকাপূর্ব্ব মবতারয়তীয়মুপনিষৎ। তত্র তাবৎপ্রথমোপনিষদি সামসম্বন্ধিত্বেন পৃথিব্যন্তরিক্ষ দ্যু ব্রহ্ম-বেদ সাঙ্গসামাগ্নিসূর্য্য-চন্দ্র-ব্রহ্মাদি দেবানাং সামোদ্ধারপূর্ব্বকং ক্ষীরোদার্ণবশায়িন্যুপবিষ্টে বা শেষভোগমস্তকপরিবৃত্তে নৃকেসরিণি যোগারূঢ়ে বরদাভয়হস্তে ত্রিনেত্রে শঙ্করে পিনাকহস্তে সচ্চিদানন্দময়ে ব্রহ্মবিবর্তে উপাসনং। তস্মিন্নেব দ্বিতীয়োপনিষদি প্রণবোপাসনাপূর্ব্বক-সামরহিতানুষ্টুমন্ত্র-পঞ্চাঙ্গপদোদ্ধারপূর্ব্বক-পদব্যাখ্যাকথন-গুণবিশিষ্টোপাসনম্। তস্মিন্নেব তৃতীয়োপনিষদি সামাবিতত্বেন মূলমন্ত্রসম্বন্ধিত্বেন চ শক্তিবীজকথনং তন্নির্ণয়শ্চ। তস্মিন্নেব চতুর্থোপনিষদি মূলমন্ত্রাঙ্গমন্ত্র-সামাঙ্গমন্ত্রৈঃ প্রণবেন হৃদয়ং সাবিত্রেণ শিরো

শ্রীনৃসিংহ ব্রহ্মবিদ্যা প্রকরণের অবতারণ করিতেছেন।—প্রথমোপনিষদে সামসম্বন্ধি প্রযুক্ত পৃথিবী, অন্তরীক্ষ, স্বর্গ, ব্রহ্ম, বেদ, সাঙ্গ সাম, অগ্নি, সূর্য্য, চন্দ্র, ব্রহ্মাদিদেবের সামোদ্ধারণ-পূর্ব্বক অনন্তনাগফণোপরি ক্ষীরোদার্ণবশায়ী নৃসিংহের, যোগনিমগ্ন বরদাভয় হস্ত ত্রিনয়ন পিনাক হস্ত শঙ্করের এবং সচ্চিদানন্দ ব্রহ্মের উপাসনা উক্ত হইয়াছে। দ্বিতীয়োপনিষদে

তস্মাৎ যৎ পুরুষো মনসাভিগচ্ছতি তদ্বাচা বদতি তৎ কর্ম্মণা করোতি, তদেষাভ্যুক্তা কামস্তদগ্রে সমবর্ত্ততা-

মহালক্ষ্ম্যা শিখাং নৃসিংহগায়ত্র্যা কবচং ব্যাচষ্টে। মহাচক্রে দ্বাত্রিংশদ্ব্যূহ-দেবতোদ্দেশপূর্ব্বক পুরশ্চরণমন্ত্রাংশ্চ। পঞ্চমোপনিষদি মন্ত্রবর্ণেভ্যো দ্বাত্রিংশদ্ব্যূহান্ মহাচক্রে বিন্যস্য তৎস্বরূপকথনেনাস্ত্রমন্ত্রং ব্যাখ্যামঃ। শ্রীনৃসিংহব্রহ্মবিদ্যানুষ্ঠাতুঃ ফলং ব্যাচষ্টে। আপ আসন্ ইতিসম্বন্ধঃ। বৈ প্রসিদ্ধম্ ইদম্ প্রত্যক্ষাদিদৃষ্টং সলিলং বস্তেব স প্রজাপতিঃ স ইতি পূর্ব্ব-পরামর্শিনা তচ্ছব্দেন পুংলিঙ্গেন প্রকৃতং পরামৃশতি যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ ইতি শ্রুতেঃ ব্রহ্মা প্রজাপতিঃ এক:সন পুষ্করপর্ণে পদ্মপত্রে সমভবৎ আসীৎ। তস্য প্রজাপতেঃ মনসি অন্তঃকরণে অন্তর্ব্বর্ত্তী কামঃ ইচ্ছা সমবর্ত্তত ইদং সৃজেয়মিতি সৃষ্টিবিষয় ইত্যর্থঃ ॥ ৩ ॥

তস্মাৎ যৎ পুরুষো মনসাভিগচ্ছতি অন্তঃকরণেনেচ্ছতি তদ্বাচা বদতি। বাগ্বদনপূর্ব্বকং কর্ম্মকরণং লোকপ্রসিদ্ধং দর্শয়তি তৎ কর্ম্মণা করোতীতি। উক্তমেবার্থং দৃঢ়য়িতুমৃচং সাক্ষিত্বেনোদ্ধারয়তি তদেষাভ্যুক্তেতি অর্থদার্ঢ্যে

প্রণবোপাসনাপূর্ব্বক সামরহিত অনুষ্টুপ মন্ত্র পঞ্চাঙ্গপদোদ্ধারপূর্ব্বক পদ-ব্যাখ্যা কথন এবং গুণবিশিষ্ট ব্রহ্মোপাসনা কথিত আছে। তৃতীয়উপনি-ষদে সামান্বিত মূল মন্ত্রসম্বন্ধী শক্তিবীজ কথন ও তন্নির্ণয়, চতুর্থ উপনিষদে মূল মন্ত্র, অঙ্গমন্ত্র, সামাজ মন্ত্র ও প্রণবের সহিত হৃদয়, সাবিত্র মন্ত্রের সহিত কবচ ব্যাখ্যা কথিত হইয়াছে এবং পঞ্চমোপনিষদে মন্ত্রবর্ণ হইতে মহাচক্রে দ্বাত্রিংশৎব্যূহবিন্যাস করিয়া তৎস্বরূপ কথনদ্বারা অস্ত্র মন্ত্র ব্যাখ্যাত হইবে। এইরূপ শ্রীনৃসিংহ ব্রহ্মবিদ্যানুষ্ঠানে কর্ত্তার ফল বিবৃত হইবে। কোন সময়ে কেবল জল মাত্রই ছিল, সেই সমস্ত জলই ব্রহ্মা, অনন্তর ব্রহ্মা সেই সলিলোপরি পদ্মপত্রে বিদ্যমান হইলেন, এই সময়ে তাঁহার অন্তঃকরণে ইচ্ছা হইল যে, আমি জগৎসৃষ্টি করিব ॥ ৩ ॥

পুরুষ যাহা মনে মনে ভাবনা করে, তাহা বাক্যে প্রকাশ করিয়া থাকে, ইহাই লোকপ্রসিদ্ধি আছে। যে মনোগতভাব বাক্যে প্রকাশ করি-

হৃধিমনসো রেতঃ প্রথমং যদাসীৎ। সতো বন্ধুমসতি নির-
বিন্দন্ হৃদি প্রতীষ্য কবয়ো মনীষেতি উপৈনং তদুপনমতি
যৎকামো ভবতি স তপোঽতপ্যত স তপস্তপ্ত্বা ॥ ৪ ॥

হি ঋগ্নির্ণীতৈব সামযজুষোরর্থশৈথিল্যমপি সম্ভাব্যতে যদ্বৈ যজ্ঞস্য যজুষা ক্রিয়তে শিথিলং তদ্যদৃচাতটম্ ইতিশ্রুতেঃ। তস্মিন্নেবার্থে এষা ঋক্ বক্ষ্য-মাণা অভ্যুক্তা আভিমুখ্যেনোক্তা মনসঃ কামস্তদগ্রে সমবর্ত্তত রেতঃ উদকং প্রথমম্ অহো স্বষ্ট্যবসরে যদাসীৎ যস্মাৎ প্রথমমুদকমাসীত্তদৈব মনসঃ অধি ইত্যুপরিবিষয়ে সৃষ্টিবিষয়ে সমবর্ত্ততেত্যর্থঃ। সতঃ ব্রহ্মণঃ বন্ধুং বন্ধনং বিবর্ত্তং কবয়ঃ বিপশ্চিতঃ হৃদি নিরবিন্দন্ অসতি ব্রহ্মণি অসচ্ছব্দস্য নাম-রূপাব্যাকৃতত্বেন ব্রহ্মণি প্রযুক্তত্বাৎ অসদসদ্বা ইদমগ্র আসীৎ ইত্যাদৌ। হৃদি অন্তঃকরণে প্রতীষ্য প্রত্যগাত্মানমবেক্ষ্য মনীষা মনীষয়া নিশ্চিত-বুদ্ধ্যা ব্রহ্মণি ব্রহ্মণো বন্ধুং বন্ধুমিব বন্ধুং পরব্রহ্মব্যাকর্ত্তারং ক্ষীরোদার্ণবাদি-বিশেষণবিশিষ্টং ভাবিসৃষ্টেঃ স্রষ্টারং মূলমন্ত্রসামাত্থ্যপাত্তং হৃদি নিরবিন্দ-ন্নিত্যুত্তরার্দ্ধস্য গূঢ়োঽভিপ্রায়ঃ। ইতিশব্দ ঋক্সমাপ্তিং দ্যোতয়তি। উপৈনং কামিনং তৎ কাম্যমুপনমতি যস্মিন্ কামো ভবতি সঃ প্রজাপতিঃ তপঃ মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ঐকাগ্র্যং পরমং তপঃ ইতি স্মরণাৎ অতপ্যত মনস-ইন্দ্রিয়াণাঞ্চৈকাগ্র্যমকরোৎ। স প্রজাপতিঃ তপস্তপ্ত্বা পূর্ব্বংব্যাখ্যাতম্ ॥৪॥

য়াই কার্য্য করিতে প্রবৃত্ত হয়, উক্ত অর্থ উদ্ভাবনের নিমিত্তই এই মন্ত্র উক্ত হইয়াছে। সর্ব্ব কার্য্যেই অগ্রে কামনা উপস্থিত হইয়া থাকে। প্রথমে, অর্থাৎ সৃষ্টির অবসরে যে উদক বর্ত্তমান ছিল, ঐ উদকই সকলের কারণ, যখন কেবল জল মাত্রই ছিল, তখনই মনের কামনা হইয়াছিল, উক্ত কামনাকেই পণ্ডিতগণ ব্রহ্ম বন্ধন বলিয়া মনে মনে কল্পনা করেন এবং তাঁহারা স্বীয় প্রজ্ঞাদ্বারা অন্তঃকরণে প্রত্যগাত্মাকে দর্শন করিয়া ক্ষীরোদা-র্ণবশায়ী বিশেষণবিশিষ্ট পরব্রহ্মকে লাভ করিতে পারেন। আর যাহারা কামী, তাহাদিগেরই কাম্য সিদ্ধি হয়; সুতরাং প্রজাপতিরও কামনা হইল, তখন প্রজাপতি মন ও ইন্দ্রিয়ের একাগ্রতারূপ তপশ্চরণ আরম্ভ করিলেন ॥ ৪ ॥

স এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভমপশ্যৎ তেন বৈ সর্ব্বমিদমসৃজৎ যদিদং কিঞ্চ তস্মাৎ সর্ব্বমিদমানুষ্টুভমিত্যাচক্ষতে যদিদং কিঞ্চ ॥ ৫ ॥

সঃ প্রজাপতিঃ এতং প্রকৃতং সর্ব্বনাম্নোপাত্তং সতো বন্ধুমিত্যনেন গূঢ়াভিপ্রায়েণ সূচিতং জ্যোতিশ্চরণাভিধানাদিতিন্যায়েন মন্ত্ররাজং প্রাকরণিকমন্ত্রাণাং রাজানং প্রধানভূতং সামরাজং বা মন্ত্রশব্দস্য অহে বুধ্নিয় মন্ত্রং মে গোপায় যমৃষয়স্ত্রৈবিদো বিদুঃ ঋচঃ সামানি যজূংষি ইত্যাদৌ সাম্নাপি প্রযুক্তত্বাৎ। নারসিংহং নৃসিংহসম্বন্ধি সামাদি তদ্ধিতাৎ। নৃসিংহ গায়ত্র্যাদিপ্রাপ্তৌ তদ্ব্যাবৃত্ত্যর্থম্ আনুষ্টুভম্ ইত্যনুষ্টুপ্ ছন্দঃ তচ্ছন্দ উপাধিকমৃগ্বিশেষমাহ গায়ত্রমেতদহর্ভবতীতি ন্যায়াৎ। অপশ্যৎ দৃষ্টবান্ ইত্যভিপ্রায়ঃ। এতদুক্তং ভবতি দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ পঞ্চমোপনিষৎসু মন্ত্ররাজাদিত্রয়ঃ শব্দাঃ প্রযুক্তাঃ তৎপুরুষবহুব্রীহি-তদ্ধিতসামর্থ্যাৎ পূর্ব্বপূর্ব্বোপনিষদর্থমাচক্ষাণাঃ সন্ত এবাদৌ প্রযুক্তাঃ কৃৎস্নামেব ব্রহ্মবিদ্যাং সংগৃহীতবন্তঃ। অতশ্চ বক্ষ্যমাণাং কৃৎস্নামেব ব্রহ্মবিদ্যামপশ্যদিত্যর্থঃ। তেন প্রাগুক্তেন বৈ প্রসিদ্ধং সর্ব্বমিদমসৃজত প্রত্যক্ষাদিসিদ্ধমসৃজত। যদিদং কিঞ্চ স্পষ্টম্। তস্মাৎ সর্ব্বমিদমানুষ্টুভমিত্যাচক্ষতে যদিদং কিঞ্চ। মন্ত্ররাজনারসিংহশব্দৌ বিহায়ানুষ্টুভমিতি তদ্ধিতপ্রয়োগাদ্দ্বাত্রিংশদক্ষরাণামেব তৎসাম্নশ্চ সামর্থ্যং দর্শয়ত্যেব ॥ ৫ ।

অনন্তর সেই প্রজাপতি প্রকৃত সর্ব্বনামোপাত্ত সর্ব্বমন্ত্রপ্রধান অনুষ্টুপ্ছন্দঃসমন্বিত এই নারসিংহ মন্ত্র দর্শন করিয়াছিলেন, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম উপনিষদে মন্ত্ররাজাদি শব্দত্রয় প্রযুক্ত হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব উপনিষদর্থ কথনের নিমিত্তই সর্ব্ব উপনিষদের পূর্ব্বে উহারা প্রযুক্ত হইয়া সকল ব্রহ্মবিদ্যা সংগৃহীত হইয়া থাকে, অতএব প্রজাপতিই সমগ্র ব্রহ্মবিদ্যা দর্শন করিয়াছিলেন, ইহাই জানা যায়। সেই ব্রহ্মবিদ্যাবলেই প্রজাপতি প্রত্যক্ষসিদ্ধ বস্তু সকল সৃষ্টি করিয়াছেন। এই নিমিত্তই এই

অনুষ্টুভো বা ইমানি ভূতানি জায়ন্তে অনুষ্টুভা জাতানি জীবন্ত্যনুষ্টুভং প্রয়ন্ত্যভিসংবিশন্তি তস্যৈষা ভবত্যনুষ্টুপ প্রথমা ভবত্যনুষ্টুবুত্তমা ভবতি বাগ্বা অনুষ্টুপ বাচৈব প্রয়ন্তি বাচোবোদ্যন্তি পরমা বা এষা ছন্দসাং যদনুষ্টুবিতি ॥ ৬ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

অত্রেত্যাখ্যায়িকায়াং কিল প্রজাপতিস্তপসা লোকত্রয়স্থষ্ট্যর্থমেব কারণং জিজ্ঞাসুরত্যন্তশুদ্ধান্তঃকরণত্বাৎ শক্তিত্রয়যুক্তাং ব্রহ্মস্বরূপিণীং ভূতসৃষ্টিপুরঃসরমেব সর্ব্বসৃষ্টিকারণিকামনুষ্টুবৃচমপশ্যদিত্যাহ। অনুষ্টুভো বা ইমানি ভূতানি জায়ন্তেঽনুষ্টুভা জাতানি জীবন্ত্যনুষ্টুভং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি জন্মাদ্যস্য যত ইত্যস্য ব্রহ্মলক্ষণলক্ষিতত্বং দর্শয়তি। উক্তমেবার্থং দ্রঢ়য়িতুমৃচং সাক্ষিত্বেনোদ্ভাবয়তি। তস্য ব্রহ্মরূপস্য সাক্ষিণো এষা বক্ষ্যমাণা ঋগ্‌ভবতি অনুষ্টুপ্ প্রথমা ভবতি সর্ব্বসৃষ্টেঃ প্রথমা আদ্যা ভবতি অনুষ্টুপ্ উত্তমা শ্রেষ্ঠা ভবতি বাগ্বা অনুষ্টুপ্ সর্ব্বো বাক্‌প্রপঞ্চোঽনুষ্টুভি লীন ইতি দর্শয়তি। নামসৃষ্টিপূর্ব্বকত্বাদ্‌রূপসৃষ্টের্ব্বাগ্‌রূপত্বাদনুষ্টুভঃ অনু-

---

সকলকে আনুষ্টুভ বলা যায়, অর্থাৎ অনুষ্টুপ্‌মন্ত্রমধ্যে ব্রহ্মবিদ্যা প্রভাবে সৃষ্টি হইয়াছে, বলিয়া সকলই আনুষ্টুভ হইতেছে ॥ ৫ ॥

প্রজাপতি তপস্যাদ্বারা লোক সৃষ্টির নিমিত্ত কারণজিজ্ঞাসু হইয়া শুদ্ধান্তঃকরণপ্রযুক্ত ভূতসৃষ্টিপূর্ব্বক সর্ব্বসৃষ্টির কারণীভূতা অনুষ্টুপ্ ঋক্‌দর্শন করিয়াছিলেন। এই অনুষ্টুপ্ ঋক্ হইতেই এই ভূত সকল উৎপন্ন হয়, সেই অনুষ্টুপ্ ঋক্‌প্রভাবেই উৎপন্ন জীব সকল জীবিত আছে এবং অন্তেও সেই অনুষ্টুপ্ ঋকে প্রবেশ করে। এই অনুষ্টুপ্ ঋক্ ব্রহ্মস্বরূপের সাক্ষিভূতা। এই ঋক্ সর্ব্ব সৃষ্টির আদি এবং ইহাই সকলের প্রধান। বাক্যও অনুষ্টুপ স্বরূপ যেহেতু সর্ব্বপ্রকার বাক্যই অনুষ্টুপে লীন হয়।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

সসাগরাং সপর্ব্বতাং সসপ্তদ্বীপং বসুন্ধরাং তৎ-সাম্নঃ প্রথমং পাদং জানীয়াৎ। যক্ষগন্ধর্ব্বাপ্সরোগণৈঃ সেবিতমন্তরীক্ষং তৎসাম্নো দ্বিতীয়ং পাদং জানীয়াৎ।

ষ্টুবেব মূলকারণং বাচৈব প্রয়ন্তি অনুষ্টুভৈব প্রলয়ং গচ্ছন্তি ভূতানি বাচৈব অনুষ্টুভৈব উদ্যন্তি উৎপত্তিং গচ্ছন্তি পরমা বা এষা ছন্দসাম্ গায়ত্র্যাদীনাং ছন্দসাং বেদানাং বা পরমা উৎকৃষ্টা পরমত্বঞ্চ সামাধার-ত্বাদনুষ্টুভঃ সাম্নশ্চ পরমত্বং দেবা বৈনর্চ্চিতযজুষ্যশ্রয়ন্ত তে সাম্নৈবা শ্রয়ন্ত ইতি শ্রুতেঃ বেদানাং সামবেদোঽস্মীতি স্মৃতেশ্চ। যদনুষ্টুবিতি ইতি শব্দ ঋক্‌সমাপ্তিং দ্যোতয়তি॥ ৬॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১।

এবং তাবদাথ্যায়িকায়ামন্তে সকল-নৃসিংহোপাসনা সংগ্রাহকান্ মন্ত্র-রাজ-নারসিংহানুষ্টুপশব্দান্ বিজ্ঞায় তৈরেব শব্দৈঃ সকলোপাসনাং সৃষ্ট্যর্থং

রূপ সৃষ্টির নামসৃষ্টিপূর্ব্বকত্বপ্রযুক্ত অনুষ্টুপ্‌ই মূলকরণ। এই ভূতসকল অনুষ্টুপ্‌রূপ বাক্যদ্বারা প্রলয়প্রাপ্ত হয় এবং সেই অনুষ্টুপ্‌দ্বারা উৎপত্তি-ভাজন হইয়া থাকে। এই অনুষ্টুপ্‌ছন্দঃ গায়ত্রী প্রভৃতি ছন্দঃসমুদায়ের এবং বেদাদির মধ্যে উৎকৃষ্ট। যেহেতু অনুষ্টুপ্‌ই সামবেদের আধারভূত, আর "দেবাবৈ" ইত্যাদি শ্রুতি এবং "বেদানাং সামবেদোঽস্মি" ইত্যাদি স্মৃতিপ্রমাণে সামবেদের প্রাধান্য জানা যায়। ৬॥

ইতি প্রথম খণ্ড। ১।

সকল নৃসিংহোপাসনার সংগ্রাহক মন্ত্ররাজ ও নারসিংহ অনুষ্টুপ্ শব্দ জানিয়া সেই সকল শব্দদ্বারা সকলোপাসনার সৃষ্টির নিমিত্ত প্রজাপতির

বসুরুদ্রাদিত্যৈঃ সবঃ সেবিতং দিবং তৎ সাম্নস্তৃতীয়ং পাদং জানীয়াৎ। ব্রহ্মস্বরূপং নিরঞ্জনং পরমব্যোম্নিকং

প্রজাপত্যমুষ্ঠিতাং সংগৃহ্য অথেদানীমবিশেষেণামুষ্ঠানে প্রাপ্তে তত্র তাবৎ সাম্ন ঋগক্ষরাভিব্যঞ্জকত্বাদভিব্যঞ্জকাভিব্যঙ্গ্যয়োরভিব্যঞ্জকপূর্ব্বকত্বাৎ সাম্নশ্চ সর্ব্ববেদশ্রেষ্ঠত্বাৎ দেবা বৈনর্চ্চিতযজুষ্যশ্রয়ন্ত তে সাম্নৈবাশ্রয়ন্ত ইতি শ্রুতে র্বেদানাং সামবেদোঽস্মীতি স্মৃতেশ্চ অন্য চ সামরাজত্বাৎ তদুপাসনায়াং প্রাপ্তায়াং ক্রমসূচনপূর্ব্বিকাং তামাহ। সসাগরাং সপর্ব্বতাং সসপ্তদ্বীপাং বসুন্ধরাং তৎসাম্নঃ প্রথমং পাদং জানীয়াদিতি। যথাকথঞ্চিদুপাসনারূপে প্রাপ্তে সসাগরামিতি প্রথমত এব সাগরসঙ্কীর্ত্তনেন সাগরপূর্ব্বিকামুপাসনাং দ্যোতয়তি অতএব ন পৃথিবীবিশেষণং সাগর ইতি কেচিদ্ব্যাচক্ষতে। ততশ্চ প্রথমতঃ সাগরং ক্ষীরোদার্ণবং ধ্যাত্বা তচ্ছায়িনি উপবিষ্টে বা তস্মিন্ পঞ্চাঙ্গন্যাসমৃক্সাময়োঃ কৃত্বা তস্মিন্নেব সপর্ব্বতামিত্যাদ্যুপাসনাং সহ সাগরেণ বর্ত্তনং যস্যা উপাসনায়াস্তাং সসাগরাং জানীয়াদিত্যনুষঙ্গঃ ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেত্যাদেরানন্দময়াদ্বিচ্ছেদমিবেতি। তদযুক্তম্ ন তাবদ্বিশিষ্টামুপানাং সসাগরশব্দস্তাবদাহ কিন্তু বদ্ধক্রমকে পদার্থজাতে তদাদিত্বায়েন সূচয়তি। তদন্যবিশেষণত্বেনৈকবাক্যত্বেঽপি সমানং তস্মাদ্বদ্ধক্রমকমুপাসনং প্রথমত এব সাগরশব্দোপাদানাৎ ক্ষীরোদার্ণবপূর্ব্বকং জ্ঞেয়ম্। ততশ্চায়মর্থঃ তৎসাম্নঃ তস্যান্যস্যায়া অনুষ্টুভোন্যস্য চ সাম্নঃ প্রথমং পাদং ক্ষীরোদার্ণবশায়িন উপবিষ্টস্য বা নৃকেসরিণ উক্তবিশেষণবিশিষ্টাং বসুন্ধরাং হৃদয়মঙ্গং

অনুষ্ঠিত উপাসনা সংগ্রহ করিয়া এইক্ষণ অবিশেষে অনুষ্ঠান করিলে সামাক্ষরের সর্ব্বাভিব্যঞ্জকত্বহেতু সর্ব্বশ্রেষ্ঠতা প্রতিপন্ন হয় এবং "দেবাবৈ" ইত্যাদি শ্রুতি ও "বেদানাং সামবেদোঽস্মি" ইত্যাদি স্মৃতিতেও সামবেদের সর্ব্বশ্রেষ্ঠতা উক্ত আছে। বিশেষতঃ ব্রহ্মের সামরাজত্বপ্রযুক্ত তাহার উপাসনাতে ক্রমসূচন পূর্ব্বক সেই সামবেদের প্রধানতা বলিতেছেন, মাসবেদের চারিপাদ, তাহাদিগের মধ্যে সসাগরা সপর্ব্বতা সপ্তদ্বীপসমন্বিতা পৃথিবীই সামের প্রথমপাদ। যে কোনরূপ উপাসনাকালে অগ্রে ক্ষীরোদার্ণবসায়ী নৃসিংহদেবকে ধ্যান করিয়া উপাসনা করিতে

তৎসাম্নশ্চতুর্থং পাদং জানীয়াৎ। যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি ॥ ১ ॥

ঋগ্‌যজুঃসামাথর্ব্বাণশ্চত্বারো বেদাঃ সাঙ্গাঃ সশাখা-

হৃদয়ান্তর্ব্বর্ত্তিত্বেন জানীয়াদিত্যর্থঃ। এবমুত্তরেষ্বপি ত্রিষু পাদেষু যক্ষগন্ধর্ব্ব-বসুরুদ্র-ব্রহ্মস্বরূপং লোকসাহচর্য্যাদ্ ব্রহ্মলোকং তৎসাম্নঃ তস্যাস্তস্যা অনুষ্টুভোঽন্তস্য চ সাম্নো দ্বিতীয়ং তৃতীয়ং চতুর্থং পাদং তস্য নৃকেসরিণঃ শিরঃ-শিখাকবচান্তর্ব্বর্ত্তিত্বেন জানীয়াদিতি যোজনীয়ম্। এবং নৃকেসরিণং যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতীতি গমনোপাদানাৎ। কার্য্যমমৃতত্বং ন কৈবল্যম্। কার্য্যং বাদরিরস্য গত্যুপপত্তেরিতি ন্যায়াৎ। অথবা দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম নির্গুণং ব্রহ্মতারকং তারকমাত্রাভিঃ প্রণবমাত্রাভিঃ প্রত্যগ্‌ব্রহ্মণোরেকত্বং ব্যাচষ্টে ইত্যন্তে শ্রবণাদমৃতত্বং কৈবল্যমেবমুপরিষ্টা-দ্ভেয়থাস্যামৃতত্বং শ্রূয়মাণং ব্যাখ্যেয়ম্ ॥ ১ ॥

ঋগ্‌যজুঃসামাথর্ব্বাণশ্চত্বারো বেদাঃ সাঙ্গাঃ সশাখাশ্চত্বারঃ পাদা ভবন্তীতি মহাচক্রং ব্যাখ্যাতম্। তস্য তাভ্যাং ক্ষীরোদার্ণবশায়িন উপবিষ্টস্য।। নৃকেশরিণঃ ক্রমপ্রাপ্তং পঞ্চমমঙ্গমন্ত্রাখ্যং বক্ষ্যামঃ। মন্ত্রেবং সাঙ্গো-পাসনামপরিসমাপ্য কোঽয়ং মধ্যে প্রশ্নোপক্রমঃ পিশাচজল্পিতমিব কিং ধ্যানং কিং দৈবতকান্যঙ্গানি কানি দৈবতানি কিং ছন্দঃ ক ঋষিরিতি

হইবে। এই নিমিত্তই সসাগরা পৃথিবী আদ্যপাদ বলিয়া উক্ত হইয়াছে। যক্ষ, গন্ধর্ব্ব ও অপ্সরাগণের পরিষেবিত অন্তরীক্ষকে সামের দ্বিতীয় পাদ জানিবে। বসুগণ, রুদ্রগণ ও আদিত্যগণের সেবিত স্বর্গ সামের তৃতীয় পাদ এবং নিরঞ্জন ব্রহ্মলোক সামের চতুর্থপাদ, এই পাদ চতুষ্টয় নৃসিংহের শির, শিখা ও কবচের অন্তর্ব্বর্ত্তি আছে। যিনি এই সকল পর্য্যালোচনা করিয়া নৃসিংহরূপী ব্রহ্মকে জানিতে পারেন, তিনি অমৃতত্ব, অর্থাৎ মুক্তি-পদ লাভ করিয়া থাকেন ॥ ১ ॥

অঙ্গ এবং শাখা সমন্বিত ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারিবেদ ক্ষীরোদার্ণবশায়ী নৃসিংহের চারিপাদ। এইক্ষণ তাহার ধ্যান কোন দেব-

শ্চত্বারঃ পাদা ভবন্তি কিং ধ্যানং কিং দৈবতং কান্যঙ্গানি কানি দৈবতানি কিং ছন্দঃ ক ঋষিরিতি ॥ ২ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

ধ্যানদেবতাঙ্গদেবতাচ্ছন্দঋষীণাং প্রশ্নঃ। অত্রোচ্যতে অত্র কিলাখ্যায়িকায়াং প্রজাপতির্বিরক্তেভ্যো দেবেভ্যঃ সামদ্বারিকামুপাসনাং প্রতিসমাপ্য তূষ্ণীং বভূব শ্রোতৃণাং বোধং পরীক্ষিতুং কিং প্রাগুক্ত এবার্থে অবান্তরবিশেষং পৃচ্ছন্তি অন্যদপ্যর্থজাতং তদুপযোগি। ন চেতি অনেনাভিপ্রায়েণ মধ্য এব প্রশ্নোপক্রমঃ। তত্র ষট্‌প্রশ্নানাং প্রথমপ্রশ্নে জানীয়াদিতি প্রাগুক্তং বিধৌ উপরিষ্টাচ্চোপনিষদামাসমাপ্তের্জ্ঞানমাত্রং ধ্যানং বেতি প্রশ্নঃ। জানীয়াদিতি বিধৌ অভ্যাসস্য ধ্যানস্যাশ্রবণাং। তত্রোত্তরাপ্রদানাদপ্রতিসিদ্ধমনুমতং ভবতীতি ন্যায়াজ্জানীয়াদিত্যত্র ধ্যায়েদিত্যর্থঃ ধ্যায়তির্জ্ঞানাভ্যাসে বর্ত্ততে। কিং দৈবতং কিং ছন্দঃ ক ঋষিরিতি প্রশ্নত্রয়ে নারসিংহানুষ্টুভতদ্ধিতশ্রবণাৎ। স্বস্যৈব ব্রহ্মণঃ প্রজাপতেঃ কথকত্বেন দৈবতচ্ছন্দ ঋষিত্বেনোত্তরং যস্য বাক্যং স ঋষিঃ যা তেনোচ্যতে সা দেবতা ইত্যাশ্বলায়নস্মরণাৎ। ইতি শব্দঃ প্রশ্নসমাপ্তিং দ্যোতয়তি ॥ ২ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ। ২।

তার অনুরূপ? তাঁহার অঙ্গ কি কি? দেবতাই বা কি কি? ছন্দঃ এবং ঋষি কি? এইরূপে ধ্যান, দেবতা, অঙ্গদেবতা, ছন্দঃ ও ঋষির প্রশ্ন হইল। এই আখ্যায়িকাতে প্রজাপতি বিরক্ত দেবগণের নিকট সামদ্বারিকা উপাসনা বর্ণন করিয়া মৌনাবলম্বন করিয়াছিলেন, শ্রোতাদিগের বোধপরীক্ষাই এই মৌনাবলম্বনের কারণ ॥ ২ ॥

ইতি দ্বিতীয় খণ্ড। ২।

তৃতীয়ঃ খণ্ডঃ।

স হোবাচ প্রজাপতিঃ স যো হ বৈ তৎ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তং তৎসাম্নোঽঙ্গং বেদ শ্রিয়া হৈবাভিষিচ্যতে সর্ব্বে বেদাঃ প্রণবাদিকাস্তং প্রণবং তৎসাম্নোঽঙ্গং বেদ স ত্রীঁল্লোকান্ জয়তি চতুর্ব্বিংশত্যক্ষরা মহা-

অত্র কিল ষট্ প্রশ্নানাং প্রশ্নচতুষ্টয়নৈরপেক্ষেণ অঙ্গপূর্ব্বকত্বাদঙ্গিজ্ঞানস্য পারিশেষ্যাচ্চ সাম্নোঽঙ্গতদ্দৈবতপ্রশ্নদ্বয়েন স প্রজাপতিঃ শ্রোতৃণাং বোধমর্থিনাকাঙ্ক্ষ্য হ হর্ষিত উত্তরমুবাচ। স যো হ বৈ ইতি। বীপ্সয়া হর্ষনির্ভরতাং দর্শয়তি। সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তং শ্রীবীজেনাভিষিক্তম্ উপরিষ্টাৎ শ্রীবীজমিত্যর্থঃ। তৎসাম্নোঽঙ্গং বেদেত্যভিষিক্তমিতি বদন্ শিরঃপূর্ব্বকত্বাদভিষেকস্য তস্মিন্নভিষিক্তে শিরোঽঙ্গস্থানে সাম্নোঽঙ্গং বেদেত্যঙ্গতাং বিধত্তে। শ্রিয়া হৈবাভিষিচ্যত ইতি অঙ্গেষু সর্ব্বত্র ফলশ্রবণং দ্রব্যসংস্কারকর্ম্মসু পরার্থত্বাৎ ফলশ্রুতিরর্থবাদঃ স্যাদিত্যর্থবাদঃ অনতিধৃষ্যং স্তৃণাতি প্রজয়ৈবৈনং পশুভিরনতিধৃষ্যং করোতীতি ন্যায়েন গুণফলাধিকারো বা। সর্ব্বে বেদাঃ প্রণবাদিকাস্তং প্রণবমিতি। সর্ব্বে

প্রজাপতি শ্রোতৃবর্গের বোধাভিলাষ দেখিয়া মহর্ষচিত্তে পূর্ব্বোক্ত ষট্ প্রশ্নের উত্তর করিতেছেন।—শ্রীবীজপূর্ব্বক সাবিত্রের অষ্টাক্ষর পদই সামের অঙ্গমন্ত্র জানিবে। এই অষ্টাক্ষর পাদশিরঃপ্রভৃতি স্থলে ন্যাস করিতে হইবে। প্রথমতঃ শিরঃস্থানে শ্রীবীজ ন্যাস করিতে হইবে, তাহাতেই প্রজাবর্গ অজেয় হয়। সর্ব্ববেদ ও উপবেদ সকলই প্রণবাদি, সেই প্রণবই সামের অঙ্গ। শিরঃস্থানে এই প্রণবন্যাস করিবে। ইহাতে সর্ব্ববেদের আদিভূত প্রণব হইতে সামাক্ষরের আধিক্য জানা যায়। এইরূপে সামের অঙ্গ জানিলে ত্রিলোকবিজয়ী হইতে পারে। চতুর্ব্বিংশত্যক্ষরা মহালক্ষ্মী মন্ত্রকে এই সামের অঙ্গ মন্ত্র জানিবে। শিখাস্থানে

লক্ষ্মীর্যজুস্তৎ সাম্নোঽঙ্গং বেদ স আয়ুর্যশঃ কীর্ত্তিজ্ঞানৈ-স্বর্য্যবান্ ভবতি। তস্মাদিদং সাঙ্গং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি। সাবিত্রীং প্রণবং যজু-র্লক্ষ্মীং স্ত্রী শূদ্রায় নেচ্ছন্তি দ্বাত্রিংশদক্ষরং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি। সাবিত্রীং লক্ষ্মীং যজুঃ প্রণবং যদি জানীয়াৎ স্ত্রীশূদ্রঃ স মৃতোঽধো গচ্ছতি।

বেদা উপবেদাশ্চাষ্টাবিতি অষ্টসংখ্যানন্তরং তৎস্থানে হৃদয়াদ্যঙ্গস্থানে প্রণবং বিদধৎ সর্ব্ববেদাদিভূতাৎ প্রণবাৎ সামাক্ষরাণ্যধিকতরাণীতি দর্শ-য়তি। তৎসাম্নোঽঙ্গং বেদ স ত্রীন্‌লোকান্ জয়তীত্যুক্তার্থম্। চতুর্ব্বিংশত্য-ক্ষরা মহালক্ষ্মীর্যজুঃ তস্মিন্ চতুর্ব্বিংশত্যক্ষরস্থানে সামতৃতীয়পাদাদুপরিষ্টাৎ সাম্নোঽঙ্গং বেদ শিখাঙ্গস্থানে ইত্যর্থঃ। স আয়ুঃ যশঃ জ্ঞাতিপ্রশংসাবান্ কীর্ত্তিঃ জনপ্রশংসাবান্ জ্ঞানৈশ্বর্য্যবান্ ভবতীত্যুক্তার্থম্। যস্মাদেবং সামাঙ্গ-ফলং তস্মাদিদং সাঙ্গং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতী-ত্যুক্তার্থম্। সাবিত্র্যাদিমন্ত্রাণাং হৃদয়াদ্যঙ্গস্থানে প্রাপ্তানাং মন্ত্রাদাবেবাঙ্গত্ব-বিধানার্থমপকর্ষঃ। অপকর্ষস্তু প্রক্রমোপসংহারাভ্যাং বিদ্যৈক্যে তাৎপর্য্যং দর্শয়তি। সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রী শূদ্রায় স্ত্রী চ শূদ্রশ্চ স্ত্রীশূদ্রং তস্মৈ স্ত্রীশূদ্রায় নেচ্ছন্তীতি নিষেধং কুর্ব্বন্ প্রধানোপাসনায়াং স্ত্রীশূদ্রস্যাপ্যধিকারং

এই মন্ত্র ন্যাস করিবে। যিনি এইরূপে অঙ্গ মন্ত্র জানিয়া সামোপাসনা করেন, তিনি আয়ুঃ, যশঃ, কীর্ত্তি, জ্ঞান ও ঐশ্বর্য্যশালী হইয়া থাকেন। যেহেতু এইরূপ সামাঙ্গ বিজ্ঞানফল উক্ত আছে, অতএব অবশ্য সাঙ্গসাম জানিবে। সাঙ্গ সামবেত্তা ব্যক্তি অমৃতত্ব, অর্থাৎ মুক্তিলাভ করিতে পারেন। আর যদি স্ত্রী কিম্বা শূদ্র সাবিত্রী, লক্ষ্মীমন্ত্র, যজুর্ম্মন্ত্র ও প্রণব অভ্যাস করে, তাহাহইলে সেই স্ত্রী ও শূদ্র মরণান্তে নিরয়গামী হয়, অতএব স্ত্রী ও শূদ্রের সাবিত্রী ও প্রণবাদি পাঠ সর্ব্বথা নিষিদ্ধ জানিবে। যদি কোন আচার্য্য স্ত্রী, কিম্বা শূদ্রকে সাবিত্রীপ্রভৃতি পাঠ করান, তাহা-

তস্মাৎ সর্ব্বদা নাচষ্টে যদ্যাচষ্টে স আচার্য্যস্তেনৈব মৃতো-ঽধো গচ্ছতি ॥ ১ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

র্শয়তি। দ্বাত্রিংশদক্ষরং সাম জানীয়াদিতি দ্বাত্রিংশদক্ষরাণাং সাম-ত্বকং বিধত্তে। যো জানীতে ইত্যাদ্যুক্তার্থম্। সাবিত্রীং লক্ষ্মীং যজুঃ প্রণবং যদি জানীয়াৎ স্ত্রীশূদ্রঃ স মৃতঃ অধঃ নরকং গচ্ছতীতি প্রত্যবায়-র্শনেন নিষেধমেব দ্রঢ়য়তি। তস্মাৎ সর্ব্বদা নাচষ্ট ইতি কদাচিদপি নাচষ্ট ত্যাচার্য্যস্য নিষেধং দর্শয়তি। যদ্যাচষ্টে স আচার্য্যঃ তেনৈবঃ কথনেন তোঽধো গচ্ছতীতি প্রত্যবায়দর্শনেন নিষেধমেব দ্রঢ়য়তি ॥ ১ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

হইলে সেই আচার্য্যও মরণান্তে নরকভাগী হইয়া থাকেন। এই সকল প্রত্যবায় শ্রবণেই স্ত্রীশূদ্রাদির প্রণব ও বেদাদিপাঠ নিষিদ্ধ জানা যাইতেছে ॥ ১ ॥

ইতি তৃতীয় খণ্ড ॥ ৩ ॥

চতুর্থঃ খণ্ডঃ।

স হোবাচ প্রজাপতিঃ অগ্নির্ব্বৈ বেদা ইদং সর্ব্বং বিশ্বানি ভূতানি প্রাণা বা ইন্দ্রিয়াণি পশবোঽন্নমমৃতং সম্রাট্ স্বরাট্ বিরাট্ তৎসাম্নঃ প্রথমং পাদং জানীয়াৎ। ঋগ্যজুঃ-সামাথর্ব্বরূপঃ সূর্য্যোঽন্তরাদিত্যো হিরণ্ময়ঃ পুরু-

---

এবং সামাঙ্গান্যুক্ত্বা তদুপাসনায়াং স্ত্রীশূদ্রব্যতিরিক্তমধিকারিণমুক্ত্বা অন্ত্যপ্রশ্নে অঙ্গদৈবতানি বক্তুং সামদেবতৈব তত্তৎস্থানে পতিতস্যাঙ্গস্য দেবতেতি স প্রজাপতিঃ হ হর্ষিতঃ অন্ত্যপ্রশ্নে উত্তরমুবাচ। অগ্নির্ব্বৈ বেদা ইদং সর্ব্বমিত্যাদি যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতীত্যন্তং সসাগরা-মিত্যাদিনা যোজনীয়ম্। এতদুক্তং ভবতি ক্ষীরোদার্ণবশায়িন্যুপবিষ্টে ব্র হ্মস্তস্য সাঙ্গস্য সাম্নঃ পাদশ উক্তগুণাং পৃথিবীং হৃদয়ান্তর্ব্বর্ত্তিত্বেন অগ্নির্ব্বৈ বেদা ইদং সর্ব্বং বিশ্বানি ভূতানি প্রাণা বা ইন্দ্রিয়াণি পশবোঽন্নমমৃতং সম্রাট্ স্বরাট্ বিরাট্ তৎসাম্নঃ প্রথমপাদস্য তদঙ্গস্য প্রণবস্য হৃদয়মন্ত্রস্য চ দৈবতং জানীয়াদিতি পারমেশ্বরং হৃদয়ং ব্যাখ্যাতম্। তথা যক্ষগন্ধর্ব্বাদি-গণ বিশিষ্টমন্তরিক্ষং শিরোঽন্তর্ব্বর্ত্তিত্বেন সর্ব্ববেদময়ঃ সূর্য্যো হিরণ্ময়ঃ

পূর্ব্বোক্ত প্রকারে সামের অঙ্গ সকল নিরূপণ পূর্ব্বক স্ত্রী শূদ্রাতিরিক্তের বেদাধিকার বিধান করিয়া অন্ত্যপ্রশ্নের উত্তরে অঙ্গদেবতা কথনার্থ সাম-দেবতাই সেই অঙ্গের দেবতা ইহাই কথিত হইবে। প্রজাপতি অন্ত্য প্রশ্নের উত্তরার্থ কহিতেছেন।—অগ্নি, বেদ, সমস্তভূত, প্রাণ, ইন্দ্রিয়, পশু, অন্ন, অমৃত, সম্রাট, স্বর্গরাজ ও বিরাট প্রজাপতি এই সকলই সামের প্রথমপাদ জানিবে, অর্থাৎ এই সকলই সামের প্রথমপাদের ও তদঙ্গভূত প্রণবাত্মক হৃদয় মন্ত্রের দেবতা। ইহাতে পরমেশ্বরের হৃদয় ব্যাখ্যাত হইল। যক্ষ গন্ধর্ব্বাদিগণ সমন্বিত অন্তরিক্ষ শিরোঽন্তর্ব্বর্ত্তী ঋগ্‌, যজুঃ, সাম ও অথর্ব্ব এইবেদচতুষ্টয় ময় সূর্য্য এবং হিরণ্ময় পুরুষ, অর্থাৎ হিরণ্যগর্ভ

যস্তৎসাম্নো দ্বিতীয়ং পাদং জানীয়াৎ। য ওষধীনাং প্রভবতি তারাপতিঃ সোমস্তৎসাম্নস্তৃতীয়ং পাদং জানীয়াৎ। স ব্রহ্মা স শিবঃ স হরিঃ স ইন্দ্রঃ সোঽগ্নিঃ সোঽক্ষরঃ পরমঃ স্বরাট্ তৎসাম্নশ্চতুর্থং পাদং জানীয়াৎ। যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি॥ ১॥

পুরুষস্তৎসাম্নো দ্বিতীয়পাদস্য শিরোমন্ত্রস্য চ তদঙ্গস্য সাবিত্রমন্ত্রস্য চ দৈবতমিতি পারমেশ্বরং শিরো ব্যাখ্যাতম্। তথা বসুরুদ্রাদিত্যৈঃ সেবিতং দ্যুলোকং শিখান্তর্বর্ত্তিত্বেন য ওষধীনাং প্রভবতি তারাপতিশ্চন্দ্রমাস্তৎসাম্নস্তৃতীয়পাদস্য তদঙ্গস্য লক্ষ্ম্যা যজুষশ্চ শিখামন্ত্রস্য চ দৈবতমিতি পারমেশ্বরং শিখাঙ্গং ব্যাখ্যাতম্। তথা ব্রহ্মলোকং কবচান্তর্বর্ত্তিত্বেন স ব্রহ্মেত্যাদিমন্ত্রবর্ণাৎ তৎসাম্নশ্চতুর্থপাদস্য তদঙ্গভূতায়া নৃসিংহগায়ত্র্যাশ্চ কবচমন্ত্রস্য চ দৈবতমিতি পারমেশ্বরং কবচং ব্যাখ্যাতম্। তথা ওমিতি প্রণববহুলেন মহাচক্রেণ পারমেশ্বরমন্ত্রং ব্যাখ্যাতং। লোকানামঙ্গেষন্তর্ভাবাৎ সামাঙ্গদেবতাসাহচর্য্যাৎ ব্যতিষক্তা বা ইমে লোকাস্তস্মাদ্ব্যতিষক্তান্যঙ্গানি ভবন্তি ইতি বিধায়কবচনাচ্চ ইত্যেষ উপাসনাক্রমঃ॥ ১॥

ইহারাই সামের দ্বিতীয়পাদ, শিরোমন্ত্র, তদঙ্গ এবং সাবিত্রী মন্ত্রের দেবতা। ইহাতে পরমেশ্বরের শির ব্যাখাত হইল। বসু, রুদ্র ও আদিত্যগণ কর্তৃক পরিষেবিত স্বর্গলোক শিখান্তর্বর্ত্তী, ওষধিপতি ও তারাপতি চন্দ্র ইহারাই সামের তৃতীপাদ, তদঙ্গ, লক্ষ্মীমন্ত্র, যজুঃ ও শিখা মন্ত্রের দেবতা। ইহাতে পরমেশ্বরের শিখা ব্যাখ্যাত হইল। ব্রহ্মলোকই কবচান্তর্বর্ত্তী সামের চতুর্থপাদ, তদঙ্গভূতা নৃসিংহ গায়ত্রী ও কবচমন্ত্রের দেবতা। ইহাতে পরমেশ্বরের কবচ ব্যাখ্যাত হইল। যিনি এই সকল সম্যক্ প্রকারে জানেন, তিনি মুক্তিলাভ করিতে পারেন। প্রণবই সামের অস্ত্রদেবতা, ইহাতে পরমেশ্বরের অস্ত্র ব্যাখ্যাত হইল। এই সমস্তই সামের ক্রম জানিতে হইবে॥ ১॥ *

ওঁ উগ্রং প্রথমস্যাদ্যং জ্বলং দ্বিতীয়স্যাদ্যং নৃসিংহং তৃতীয়স্যাদ্যং মৃত্যুং। চতুর্থস্যাদ্যং সাম জানীয়াৎ। যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি। তস্মাদিদং সাম যত্র

এবং তাবন্মন্তসামদ্বারিকাং পারমেশ্বরীমুপাসনাং পরিসমাপ্য অথে-দানীং ন্যস্তং সামোদ্ধরতি। নন্থ নায়ং সামোদ্ধারঃ কিন্তু মন্ত্রোদ্ধার এব সামশব্দস্ত যৌগিক্যা বৃত্ত্যা অনেন সামর্থ্যেন সহ বর্ত্ততে ইতি সামমূলমন্ত্র-মাহ। তন্ন গীতিষু সামাখ্যেতি গীতাাং সামশব্দস্য রূঢ়ত্বাৎ রূঢ়ির্যোগমপ-হরতীতি ন্যায়াৎ সামোদ্ধার এব। নন্থ বেদেন সামশব্দো যৌগিকঃ কৃতঃ সৈব নাম ঋগাসীদমো নাম সামেত্যুপক্রম্য সা চামশ্চ সামনামা ভবতাং তৎসামাভবত্তৎসাম্নঃ সামত্বম্ ইতিশ্রুতেঃ। সত্যম্ ভবতু যৌগি-কস্তথাপ্যুভয়োদ্ধারে সামোদ্ধারস্ত সিদ্ধ এব। এবং রূঢ়েবৈদিকযোগাচ্চ সামোদ্ধারে স্থিতে দ্বাত্রিংশদক্ষরং সাম জানীয়াদিতি সামান্যাকারেণ সাম-সম্বন্ধে সিদ্ধে বিশেষাকারেণ মূলমন্ত্রাক্ষরাণাং সামসম্বন্ধং বিধাতুমাহ। উগ্রং প্রথমস্যাদ্যমিত্যাদিনা। অত্র হি সামগানাং হস্তমুখস্বরনির্ণয়ো দ্রষ্টব্যঃ। সপ্তধা হি স্বরঃ ষড়্জাদিভেদেন। তত্র হস্তগতস্বরানুসারেণ মুখেন গীত্যু-চ্চারণম্। তত্র হস্তাঙ্গুষ্ঠোত্তমপর্ব্বণঃ ক্রোষ্টকসংজ্ঞে উচ্চীভাবে কৃতে

ইতিপূর্ব্বে সামের মন্ত্রোদ্ধারপূর্ব্বক পরমেশ্বরের উপাসনা সমাপন করিয়া সামের গীতিরূপে উদ্ধার পূর্ব্বক উপাসনা নিরূপণ করিতেছেন। সামশব্দের যোগার্থ বেদ, পরন্তু গীতিই সামশব্দের রূঢ়ি অর্থ। এই অর্থেরই প্রাধান্য জানিতে হইবে, যেহেতু যোগার্থ হইতে রূঢ়ি অর্থেরই প্রাবল্য আছে। শ্রুতিপ্রমাণেও যোগার্থ হইতে রূঢ়ার্থের প্রাধান্য জানা যায়। এইরূপে যোগার্থ হইতে রূঢ়ার্থের প্রাধান্য সিদ্ধ হইলে, দ্বাত্রিংশদক্ষর সাম জানিতে হইবে। সামান্যরূপে সামসম্বন্ধ সিদ্ধ হইলে বিশেষরূপে মূল মন্ত্রাক্ষরের সামসম্বন্ধ বিধানার্থ বলিতেছেন। এইস্থলে সামগানকারী দিগের মুখ, হস্ত ও স্বর নির্ণয় করিতে হইবে। স্বর ষড়্জাদি ভেদে সপ্ত-বিধ এবং হস্তগত স্বরানুসারে মুখে গানের উচ্চারণ হয়। তাহাতে হস্তাঙ্গুষ্ঠের

কৃত্রচিন্নাচষ্টে যদি দাতুমপেক্ষতে পুত্রায় শুশ্রুষবে দাস্যত্য-স্মৈ শিষ্যায় চেতি ॥ ২ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

সর্ব্বোদাত্তাং ত্রিমাত্রাং চতুর্ম্মাত্রাং বা কৃত্বা বিহিতাক্ষরেষু গীতিং গীয়তে। তমাদ্যং নিরপেতং স্বরমিত্যাচক্ষতে। ততোঽঙ্গুষ্টোত্তমপর্ব্বণো বক্রীভাবে কৃতে পূর্ব্বোদাত্তাপেক্ষয়া অনুদাত্তামুত্তরাপেক্ষয়োদাত্তামেবাঙ্গুষ্ঠেন তর্জ্জনীস্পর্শে কৃতে তৎসন্নিহিতাঙ্গুলিস্পর্শে উপকনিষ্টিকাস্পর্শে কনিষ্টিকামধ্যপর্ব্বস্পর্শে কৃতে পূর্ব্বপূর্ব্বাপেক্ষয়োত্তরোত্তরাপেক্ষয়োদাত্তানুদাত্তাত্মিকাং বিহিতাক্ষরেষু গীতিমুচ্চার্য্য অঙ্গুষ্ঠেন কনিষ্টিকামূলপর্ব্বস্পর্শে কৃতে সর্ব্বানুদাত্তাং গীতিমুচ্চারয়েৎ তং জলং স্বরমিত্যাচক্ষতে। এবং মুখহস্তাভ্যাং ষড়্‌জাদয়ো যথাক্রমং সপ্ত স্বরা নিষ্পদ্যন্তে। স এষ সামগানাং সর্ব্বসামসাধারণঃ স্বরনির্ণয়ঃ। ততশ্চ উগ্রং ৩-৪-৫ গীতিমাত্রাসংখ্যা। উগ্রং প্রথমস্যাদ্যং সর্ব্বোদাত্তং সামপদানুষঙ্গাদুক্তে অক্ষরদ্বয়ে আদ্যং আদ্যস্বরাত্মকং সাম জানীয়াদিতি বিধীয়তে। অন্যথা প্রথমপাদস্যাদ্যমক্ষরদ্বয়ং জানীয়াদিত্যন্বয়ে দ্বিতীয়োপনিষদুক্তপদোদ্ধারাদেব জ্ঞাতত্বাদপ্রাপ্তে শাস্ত্রমর্থবদিতিন্যায়ো বাধিতঃ স্যাৎ। বেদিতব্যসামসম্বন্ধস্বরবিশেষে বিহিতে

উত্তম পর্ব্বের ক্রোষ্টক সংজ্ঞা আছে, ঐ পর্ব্ব উর্দ্ধীকৃত করিয়া যথা বিহিত অক্ষরে সর্ব্ববিধ উদাত্ত স্বরে ত্রিমাত্রা কি চতুর্ম্মাত্রায় গান করিবে। উক্ত স্বরসমূহের মধ্যে আদ্যস্বর নিরপেক্ষ, তাহাতে অঙ্গুষ্ঠের উত্তম পর্ব্ব বক্রীভূত করিয়া পূর্ব্বোক্ত উদাত্তাপেক্ষায় কিঞ্চিৎ অনুদাত্তভাবে এবং অঙ্গুষ্ঠে তর্জ্জনী স্পর্শ করিয়া ও তত্তৎসন্নিহিত অঙ্গুলি স্পর্শ করিয়া পূর্ব্ব পূর্ব্ব উদাত্তাপেক্ষয়া ক্রমশঃ অনুদাত্ত স্বরে গান করিতে হইবে। "উগ্র" এই শব্দই উক্ত স্বর প্রকাশক, অর্থাৎ প্রথম পাদের আদ্যবর্ণ। পরে অঙ্গুষ্ঠদ্বারা কনিষ্ঠার মূলদেশ স্পর্শ করিয়া সর্ব্ববিধ অনুদাত্ত স্বরে গান করা কর্ত্তব্য, "জ্বল" এই শব্দই উক্ত স্বরের প্রকাশক, অর্থাৎ দ্বিতীয়ের আদ্যবর্ণ, এইরূপে

অনির্দ্ধারিতস্বরবিশেষকং সাম কথং বিধাতুং শক্যতে তস্মাম্মূল মন্ত্রোক্তপ্রথম পাদাক্ষরদ্বয়স্যাদ্যাশব্দোক্তস্বরবিশেষাত্মকসামসম্বন্ধ এবেতি বিধীয়তে। এব-মুত্তরেষ্বপি ত্রিষু বাক্যেষু যোজনীয়ম্। জ্বলং ৩-৪-৫ গীতিমাত্রাসংখ্যা দ্বিতীয়পাদস্যাদ্যং সাম গীতিং জানীয়াৎ। নৃসিং ৩-৪-৫ গীতিমাত্রাসংখ্যা। তৃতীয়স্যাদ্যমিত্যুক্তার্থম্ মৃত্যুং ৩-৪-৫ গীতিমাত্রাসংখ্যা। চতুর্থস্যাদ্য মিত্যাদি গচ্ছতীত্যন্তমুক্তার্থম্। যস্মাদিদং সাম পরমরহস্যতরং তস্মাদিদং সাম যত্র কুত্রচিৎপুংসি নাচষ্ট ইতি কথয়িতুর্নিষেধঃ। যদি দাতুমপেক্ষতে পুত্রায় শুশ্রূষবে শুশ্রূষারতায় আচার্য্যোপসর্পণেন শ্রবণেচ্ছাবতে দাস্যতি দদ্যাদিত্যর্থঃ। অন্যস্মৈ শিষ্যায় প্রাগুক্তলক্ষণায় চেতি। ইতি শব্দঃ সামদাতৃপ্রতিগ্রহীত্রোরধিকারসমাপ্তিং দ্যোতয়তি ॥ ২ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

মুখ ও হস্তদ্বারা ষড়জাদি সপ্ত স্বর নিষ্পন্ন হয়। ইহাই সমাগানকারীদিগের সর্ব্বসাধারণ স্বর নির্ণয়। নৃসিংহ এইশব্দ তৃতীয় পাদের আদ্য সামগীতি এবং মৃত্যু এইশব্দ চতুর্থ পাদের আদ্য সামগতী জানিবে। যিনি এইরূপে সামগানের বর্ণোদ্ধার করিয়া সামগান জানিতে পারেন, তিনি মুক্তিলাভ করিয়া থাকেন। এই সামগান পরমগোপনীয়; সুতরাং ইহা সাধারণ লোকের নিকট প্রকাশ করিবে না. কেবল আপন পুত্র ও শিষ্য সামগান শ্রবণে সমুৎসুক হইলে, তাহারা যদি পূর্ব্বোক্ত গুণশালী হয়, তাহাহইলে সেই পুত্র ও শিষ্যকে বলিতে পারে। ২।

ইতি চতুর্থ খণ্ড ॥ ৪ ॥

পঞ্চমঃ খণ্ডঃ।

ক্ষীরোদার্ণবশায়িনং নৃকেসরিং যোগিধ্যেয়ং পরমং পদং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি॥১॥

বীরং প্রথমস্যার্দ্ধান্ত্যং তং স দ্বিতীয়স্যার্দ্ধান্ত্যং হং

এবং তাবৎ সাম্না সহ দাতৃপ্রতিগ্রহীত্রোঃ সম্বন্ধং বিধায় শ্রীক্ষীরোদার্ণবশায়িনোনৃকেসরিণো যোগিবদাসীনস্য ধ্যেয়স্যাশ্রযাশ্রয়িলক্ষণসম্বন্ধবিশেষোপাসনং কৃৎস্নফলবতীং বিধাতুমাহ। ক্ষীরোদার্ণবশায়িনম্। না চাসৌ কেসরী চ নৃকেসরী তং নৃকেসরিণং নৃকেসরিম্ ইতি ছান্দসম্। যোগিবদাসীনং শেষভোগমস্তকপরিবৃতং রহস্যকল্পান্তরপর্য্যালোচনয়া অস্মিন্নেব স্থানে শাখান্তরশ্রুত্যন্তরপর্য্যালোচনয়াসীনং শেষভোগমূর্দ্ধা পরিবৃতং জানীয়াৎ। দ্বিশাখাগামিনীয়মুপনিষৎ ভৃগুশাখায়ামাঙ্গিরসশাখায়াঞ্চ। পরমং পদং পরমাশ্রয়ভূতং জানীয়াদিতি সর্ব্বত্রানুষজ্যতে। সামেত্যাদি গচ্ছতীত্যন্তমুক্তার্থম্ এতদুক্তং ভবতি। যৎ সাম জানীয়াৎ তদুক্তগুণবিশিষ্টে নৃকেসরিণি সাঙ্গং ন্যস্তং জানীয়াদিত্যর্থঃ॥ ১ ॥

ইদানীং সাম্নো দ্বিতীয়োদ্ধারমক্ষরাণাং স্বরবিশেষসম্বন্ধার্থমাহ। বীরং

পূর্ব্বশ্রুতিতে সামের সহিত দাতা ও প্রতিগ্রহীতার সম্বন্ধ বিশেষ বিধান করিয়া যোগীর ন্যায় সমাসীন পরমধ্যেয় ক্ষীরোদার্ণব শায়ী নৃসিংহদেবের আশ্রয় আশ্রয়ী লক্ষণ সম্বন্ধ বিশেষরূপ উপাসনার সমস্ত ফলসাধনত্ব বিধানার্থ বলিতেছেন।—ক্ষীরোদসাগরশায়ী নৃসিংহদেবকে যোগিগণের পরমধ্যেয় বলিয়া জানিবে। এই নৃসিংহই পরমপদ, অর্থাৎ জগতের আশ্রয় স্বরূপ। ইনি অনন্ত নাগের মস্তকোপরি যোগীর ন্যায় উপবিষ্ট আছেন। যিনি এইরূপে নৃসিংহদেবকে জানিতে পারেন, তাঁহার মুক্তিলাভ হইয়া থাকে॥ ১ ॥

এইক্ষণ সামের অক্ষর সমূহের স্বর বিশেষ সম্বন্ধ নিরূপণার্থ দ্বিতীয় প্রকার বর্ণোদ্ধার কথিত হইতেছে। "বীর" এই বর্ণদ্বয় অন্ত্যস্বরাত্মক

ভো তৃতীয়স্যার্দ্ধান্ত্যং মৃত্যুং চতুর্থস্যার্দ্ধান্ত্যং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি তস্মাদিদং সাম যেন কেনচিদাচার্য্যমুখেন যো জানীতে স তেনৈব সংসা-

---

প্রথমস্যার্দ্ধান্ত্যং প্রথমপাদোক্তাক্ষরদ্বয়ে আদ্যার্দ্ধে প্রথমাতিক্রমে কারণাভাবাদিতিন্যায়েন অন্ত্যম্ অন্ত্যস্বরাত্মকং সাম জানীয়াদিত্যনুষজ্যতে। অত এবাস্মিন্‌স্থানে শাখান্তরে পাঠান্তরম্ বীরং প্রথমাদ্যার্দ্ধস্যান্ত্যমিতি। বিধানবিষয়ে প্রাগুক্তে চোদ্যসমাধানে। ততঃ বী অনুদাত্তাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা। ৩-৪-৫ রং মধ্যবর্ত্তিস্বরাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা ৩-৪-৫ এবমুত্তরেষ্বপি তদুঙ্কারবাক্যেষু যোজনীয়ম্। তং স দ্বিতীয়স্যার্দ্ধান্ত্যমিত্যুক্তার্থম্। তং স দ্বিতীয়াদ্যার্দ্ধস্যান্ত্যমিতি শাখান্তরে পাঠান্তরম্। তং অনুদাত্তাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা ৩-৪-৫ স মধ্যবর্ত্তিস্বরাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা। হংভো তৃতীয়স্যার্দ্ধান্ত্যমিত্যুক্তার্থম্। তৃতীয়াদ্যার্দ্ধস্যান্ত্যমিতি পাঠান্তরম্। হং অনুদাত্তাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা ৩-৪-৫ ভো মধ্যবর্ত্তিস্বরাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা। ৩-৪-৫ মৃত্যুং চতুর্থস্যার্দ্ধান্ত্যমিত্যুক্তার্থম্। মৃত্যুং চতুর্থাদ্যার্দ্ধস্যান্ত্যমিতি পাঠান্তরম্। মৃ অনুদাত্তাত্মিকা গীতির্ম্মাত্রাসংখ্যা। ৩-৪-৫ ত্যুং পারিশেষ্যান্মধ্যবর্ত্তিস্বরাকা গীতির্ম্মাত্রাসংখ্যা ৩-৪-৫। সামেত্যাদি গচ্ছতীত্যন্তমুক্তার্থম্। যস্মাৎ সামৈকদেশপরিজ্ঞানাৎ কৃৎস্নফলাবাপ্তিস্তত্র কৃৎস্ন-

---

সাম, ইহার মধ্যে "বী" এই বর্ণ অনুদাত্ত স্বরাত্মক এবং "রং" এই বর্ণ মধ্যবর্ত্তী স্বরাত্মক। "তং স" এই বর্ণদ্বয় দ্বিতীয় পাদোক্ত অক্ষরদ্বয়ের অন্ত্যস্বরাত্মক সাম। ইহার মধ্যে "তং" এই বর্ণ অনুদাত্তাত্মক এবং "স" এই বর্ণ মধ্যবর্ত্তী স্বরাত্মক। "হং ভো" এই বর্ণদ্বয় তৃতীয় পাদোক্ত অক্ষরদ্বয়ের অন্ত্যসাম। ইহার মধ্যে "হং" এই বর্ণ অনুদাত্তাত্মক এবং "ভো" এই বর্ণ মধ্যবর্ত্তী স্বরাত্মক। "মৃত্যু" এই বর্ণদ্বয় চতুর্থ পাদোক্ত অক্ষরদ্বয়ের অন্ত্যস্বরাত্মক। ইহার মধ্যে "মৃ" এইবর্ণ অনুদাত্তস্বরাত্মক এবং "ত্যু" এই বর্ণ মধ্যবর্ত্তী স্বরাত্মক। এই সমুদায়ের গীতিমাত্রা সংখ্যা ৩, ৪ ও ৫। যে ব্যক্তি এইরূপে সামগান জানিতে পারে, সেই

াম্মুচ্যতে মোচয়তি মুমুক্ষুর্ভবতি জপাত্তেনৈব শরীরেণ
:দবতাদর্শনং করোতি তস্মাদিদমেব মোক্ষদ্বারং কলৌ
ান্যেষাং ভবতি তস্মাদিদং সাঙ্গং সাম জানীয়াৎ যো
ানীতে স মুমুক্ষুর্ভবতি ॥ ২ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

মপরিজ্ঞানে কিমুতেত্যাহ। তস্মাৎ ইদং বিহিতাক্ষরেষূদ্ধৃতং কৃৎস্নং
ম যেন কেনচিৎ যেন কেনাপি নামোদ্ধারবাক্যকদম্বকেনাপি চ
নীতে ইত্যনুষঙ্গঃ। আচার্য্যমুখেন যো জানীতে ইত্যাচার্য্যমুখোপায়া-
রয়োর্ব্বিকল্পঃ। যদ্বা আচার্য্যশব্দোবেদমভিধত্তে তস্মাদাচার্য্যবচঃ প্রমাণ
ত্যাদি প্রয়োগাৎ আচার্য্যমুখেন বেদমুখেন সামোদ্ধারবাক্যকদম্বকেনে-
র্থঃ। স তেনৈব স্বয়মেব সামপরিজ্ঞানেন সংসারান্মুচ্যতে মোচয়তি
স্যং বা সাম জ্ঞাপয়ন্ সামপরিজ্ঞানাৎ সরাগোঽপি মুমুক্ষুর্ভবতি সংখ্যানু-
দোনাৎ সকৃদেব সামজপাৎ। যৎ সাঙ্গেন সাম্না পারমেশ্বরং শরীরং
রোদার্ণবস্থং পদকদম্বকব্যাকৃতং তেনৈব শরীরেণ দেবতাদর্শনং করোতি
বতা প্রত্যক্ষা ভবতি। যস্মাদেবং তস্মাদিদমেব সাঙ্গং সামৈব মুখ্যং

ক্তি মুক্তিলাভ করিয়া থাকে। যেহেতু সামের একদেশ মাত্র জানিলেই
মুদায় ফলপ্রাপ্তি হয়, পরন্ত সমগ্রসামপরিজ্ঞানে যে কিরূপ ফল হইতে
ারে, তাহা কথিত হইতেছে। যে কোন ব্যক্তি উক্তরূপে বর্ণোদ্ধার
রিয়া পদরচনা পূর্ব্বক সামগান করিতে পারে, অথবা আচার্য্য মুখে
বণ করিয়া জানিতে পারে, সেইব্যক্তি এই সাম পরিজ্ঞানবলে সংসার
ইতে মুক্ত হইয়া থাকে এবং এই সাম পরিজ্ঞাপন করিয়া অন্যব্যক্তিকে
ংসার হইতে মোচিত করিতে পারে। আর একবার মাত্র সাম জপদ্বারা
ংসারানুরাগী ব্যক্তিও মুমুক্ষু হইয়া থাকে। যে শরীরে সঙ্গ সামদ্বারা
ীরোদার্ণবস্থ পারমেশ্বর শরীর পরিগীত হইয়াছে, সেই শরীরেই দেবতা

দ্বারং দেবতাদর্শনে তদ্ব্যাক্তৌ চ। কলৌ পাপবহুলে কালে নান্যেষাং সামরহিতানাম্। কেবলমূলমন্ত্রপরিজ্ঞাতৃণাং দেবতাদর্শনং ঝটিতি ন ভবতীত্যর্থঃ। যস্মাদিদং সাঙ্গং সাম দেবতাদর্শনে দেবতাকারব্যাক্তৌ চ মুখ্যমেব দ্বারং তস্মাদিদং সাঙ্গং সাম জানীয়াৎ। মুমুক্ষুর্ভবতি মানুষানন্দা- রূঢ়োঽপি এতৎপরিজ্ঞানান্মানুষানন্দং বিহায় মোক্ষেচ্ছুর্ভবতি। যদ্বা মুমুক্ষুরেতজ্জানীয়াদিত্যন্বয়ঃ তস্য ভবতীতি ফলনির্দ্দেশঃ। ভূসত্তায়ামিতি ধাতো রূপম্ সাকারব্রহ্মোপাসনাদ্বারা তন্মাত্রতাং প্রাপ্নোতীত্যর্থঃ। ৫॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

দর্শন, অর্থাৎ দেবতা সাক্ষাৎকার হইতে পারে। যেহেতু সামদ্বারা উক্ত রূপ ফল হয়, অতএব সাঙ্গ সামই মুক্তির দ্বারস্বরূপ। এই পাপপরি- পূর্ণ কলিকালে যাহারা সামরহিত, তাহাদিগের মুক্তিলাভ হইতে পারে না, অর্থাৎ কেবল মূলমন্ত্র জপে কলিকালে দেবতাদর্শন হয় না। যেহেতু সাঙ্গসামই দেবতাদর্শনে ও দেবতাপ্রকাশে দ্বারস্বরূপ, অতএব অবশ্য এই সাঙ্গসাম জানিবে। তাহাতে যাহারা এই লৌকিকসুখে অনুরক্ত তাহারাও সাঙ্গসামের পরিজ্ঞানে সেই লৌকিক আনন্দ পরিত্যাগ করিয়া মুক্তি কামনা করিয়া থাকে। ২।

ইতি পঞ্চম খণ্ড ॥ ৫ ॥

ষষ্ঠঃ খণ্ডঃ।

ওঁ॥ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেসরিবিগ্রহম্।
কৃষ্ণপিঙ্গলমূর্দ্ধরেতং বিরূপাক্ষং শঙ্করং নীললোহিতম্।

এবং তাবদ্যদঙ্গমুপাস্য দেবতাকারব্যাকৃতৌ ক্ষমং তদেবাঙ্গং নির্দ্দিশন্নাহ ওমিতি তচ্চতুর্থোপনিষদি স্পষ্টীকরিষ্যতি ওমিত্যেতদক্ষরমিত্যাদিনা নৃকেসরিবিগ্রহো ব্যাখ্যাতঃ স ন স্বমায়য়া লীলাবিগ্রহঃ কিন্তু কর্ম্মবিপাকজন্মানুভবরূপাণাং কেবলতির্য্যগ্রূপাণাং মৎস্যকূর্ম্মাদীনাং কেবলাতির্য্যগ্রূপাণাং বামনাদীনাং লীলারূপত্বেনৈব দৃষ্টত্বাৎ অস্য চ তদ্বিলক্ষণত্বান্ন স্বমায়য়া লীলাবিগ্রহতা স্যাদিতীমামাশঙ্কাং মন্ত্রবর্ণাদপনেতুং মন্ত্রমাহ। ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেসরিবিগ্রহং না পুরুষশ্চ কেসরী সিংহশ্চ নৃকেসরী তত্র পুরুষমিত্যনূদ্য সত্যং পরং ব্রহ্ম জানীয়াদিতি বিধীয়তে। এতদুক্তং ভবতি। সত্যস্য পরব্রহ্মণঃ স্বমায়য়া লীলাবিগ্রহং পুরুষাকারম্ ঋতমিতি পরমার্থতো জানীয়াদিতি যাবৎ। যদ্বা ঋতং সত্যং পরং ব্রহ্ম ব্রহ্মাত্মকং পুরুষাকারম্ ওমিত্যোঙ্কারেণ ব্যাখ্যাতম্। ঋতমিতি ধননাম ঋতময়ং হিরণ্ময়ং জানীয়াদিত্যর্থঃ। অত এব সতো বন্ধুমিতি বন্ধুরিতি ধননাম ব্রহ্মণো বিবর্ত্তং হিরণ্ময়ম্ অসতি ব্রহ্মণি হৃদি নিরবিন্দন্নিতি

নৃসিংহদেবের যে অঙ্গের উপাসনা করিলে, দেবতাকার বিস্তারে ক্ষমতা জন্মে, সেই অঙ্গ নির্দ্দেশপূর্ব্বক উপাসনা বলিতেছেন।—ইহা চতুর্থোপনিষদে বিশেষ ব্যক্ত হইবে। চতুর্থোপনিষদে "ওমিত্যেতদক্ষরং" ইত্যাদি বাক্য ব্যাখ্যাত হইয়াছে। নৃসিংহদেব যে কেবল স্বীয় মায়াদ্বারা লীলাবিগ্রহধারণ করিয়াছেন, এমত নহে, তিনি কর্ম্মবিপাকানুসারে মৎস্য কূর্ম্মাদি তির্য্যক্রূপ এবং লীলাবশতঃ বামনাদিরূপধারণ করিয়াছেন। নৃসিংহরূপ মৎস্যকচ্ছপাদি তির্য্যক্রূপ এবং বামনাদিরূপের অতিরিক্ত; সুতরাং ইহাও লীলাবিগ্রহ, এইরূপ আশঙ্কা হইতে পারে, এই মন্ত্র-

উমাপতিং পশুপতিং পিনাকিনং হ্যমিতদ্যুতিম্। ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতির্ব্রহ্মণো-

কৈশ্চিদ্ব্যাখ্যাতম্। কৃষ্ণপিঙ্গলে অক্ষিণী যস্য তং তথোক্তম্। ঊর্দ্ধ-রেতম্ ইতি ছান্দসম্। ঊর্দ্ধরেতস্কং যোগারূঢ়ম্ আসীনং বিরূপাক্ষং ললাটনেত্রং ললাটনেত্রেণ রৌদ্রতাং প্রাপ্নোতি তদ্ব্যাবৃত্ত্যর্থং শঙ্করং সুখ-করং বরদাভয়হস্তং শঙ্করসাহচর্য্যাৎ নীললোহিতমিতি নীলং কণ্ঠে উপরি-তনপ্রদেশে লোহিতম্। নীললোহিতৌ বর্ণৌ যথাযোগ্যতয়া যস্য তং তথোক্তম্। কল্পান্তরে তু শ্বেতবর্ণম্ এবং সুবর্ণলোহিতশুক্লাকারাণাং বিকল্পাঃ কামনাবশাদ্ব্যবস্থা বা। উমা গৌরী তস্যাঃ পতিঃ তম্। শ্রিয়ং লক্ষ্মীমিতি সপ্ত শক্তয়ো বক্ষ্যন্তে। পশুপতিঃ পশূনাং দেবানাং পতিঃ পশূনাং প্রাণিনাং বা যদ্বা পশূনাং বেদানাং গায়ত্র্যাদীনাং পতিস্তম্। পশবো বৈ ছন্দাংসি ইতি শ্রুতেঃ। পিনাকিনং পিনাকধনুর্হস্তম্। হি ইতি নিশ্চিতার্থঃ অমিতদ্যুতিম্ অমিতপ্রকাশম্। ঈশানঃ সর্ব্ববিদ্যানাং প্রভুঃ ঈশ্বরঃ সর্ব্বভূতানাং প্রভুঃ। ব্রহ্মাধিপতিঃ ব্রহ্ম তপঃ মনসো বিষ-য়েভ্যো নিবর্ত্তনং পূর্ব্বোক্তোপাসনং তস্যাধিপতিঃ ব্রহ্মণোঽধিপতিঃ ব্রহ্ম-ণোঽধিষ্ঠাতা ব্রহ্মেত্যেতন্নাম অন্নং ক্ষীরং ততশ্চ ক্ষীরস্যাধিপতিরধিষ্ঠাতা যদ্বা ব্রহ্মণোঽথর্ব্ববেদস্যাধিষ্ঠাতা। এবং যো যজুর্ব্বেদবাচ্যঃ প্রাগুক্তেন

দ্বারা সেই আশঙ্কা নিবারণ করিতেছেন। এই নৃসিংহবিগ্রহকে সনাতন পরব্রহ্ম বলিয়া জানিবে। এই পরমপুরুষ কেশরী ও নর উভয়লক্ষণাক্রান্ত। ইহার নয়নদ্বয় কৃষ্ণপিঙ্গলবর্ণ, ইনি ঊর্দ্ধরেতা, অর্থাৎ যোগীর ন্যায় সমাসীন এবং বিরূপাক্ষ, অথচ ললাটস্থনেত্রদ্বারা রৌদ্রতর নহে, পরন্তু শঙ্কর, অর্থাৎ বরদাভয়হস্তপ্রযুক্ত সর্ব্বদা সর্ব্বপ্রাণীর সুখকর। আর ইনি নীললোহিত, কণ্ঠপ্রদেশে নীলবর্ণ এবং তদূর্দ্ধে লোহিত বর্ণ। আবার ইনিই কল্পান্তরে শ্বেতবর্ণ হয়েন এবং এই দেবই গৌরীপতি ও পশুতি। পশু, অর্থাৎ বেদ, অথবা গবাদি প্রাণী, ইনি সকলের অধীশ্বর এবং পিণাকধারী, অর্থাৎ ধনুর্হস্ত। ইহার প্রকাশের পরিমাণ নাই, এই নিমিত্তই ইহাকে

ঽধিপতির্যো যজুর্ব্বেদবাচ্যস্তং সাম জানীয়াৎ যো জানীতে সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি ॥ ১ ॥

মহা প্রথমান্তার্দ্ধস্যাদ্যং র্ব্বতো দ্বিতীয়ান্তার্দ্ধস্যাদ্যং ষণং তৃতীয়ান্তার্দ্ধস্যাদ্যং নমা চতুর্থান্তার্দ্ধস্যাদ্যং সাম জানীয়াৎ

যজুষা বেদেন বাচ্যো যজুর্ব্বেদবাচ্যঃ। প্রাগুক্তানাং গুণানাং প্রথমানির্দ্দিষ্টানাং জানীয়াদিত্যনেনান্বয়ং কর্ত্তুং বিশিষ্টতয়া একত্বাভিপ্রায়েণ দ্বিতীয়ান্ততয়া নির্দ্দিশতি তমিতি। তং সাম জানীয়াদিতি সামানাধিকরণ্যবৈয়ধিকরণ্যাভ্যাং ক্ষীরোদার্ণবশায়িবাক্যবদুভয়ং ব্যাখ্যেয়ম্ ইত্যাহ সামেত্যাদি। সামানাধিকরণ্যাৎ সর্ব্বস্মিন্ মন্ত্রবর্ণে সামপ্রাপ্তাবপি সম্প্রদায়াৎ ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোঽধিপতিরিত্যত্র সাম বিহিতমিতি জ্ঞেয়ম্। সামেত্যাদি গচ্ছতীত্যন্তমুক্তার্থম্। এবং প্রাগুক্তমাকারং নৃকেসরিণ্যেব জানীয়াৎ। অত্র কেচিৎ প্রাগুক্তমাকারং মন্ত্রবর্ণাৎ পৃথক্ত্বেনোপাস্যমাচক্ষতে। তদযুক্তম্। এবং তর্হ্যুপক্রমোপসংহারাভ্যাং নৃসিংহব্রহ্মৈক্যমবগতং বাধ্যেত। নৃসিংহপদব্যাখ্যানাবসরে নৃসিংহ এবাসীৎ পরমেশ্বর ইতি নৃসিংহেশ্বরয়োঃ সামানাধিকরণ্যমবগতং বাধ্যেত। তস্মাৎ ত্রিনেত্রাদ্যাকারবিশিষ্টোঽস্যাং বিদ্যায়াং নৃসিংহ এবোপাস্য ইতি সিদ্ধম্। ১ ॥

অথেদানীং তৃতীয়ং সামোদ্ধারমাহ। ম পারিশেষ্যাৎ মধ্যস্বরবর্ত্তি-

---

দেবৈরেবং প্রার্থিতঃ প্রজাপতিঃ ওমিত্যনুজানাতি প্রার্থিতং তথেতি যথাপ্রার্থিতমুপদিশামীত্যর্থঃ। তত্র প্রথমং সংগ্রহেণানুষ্টুবাত্মনঃ প্রণব-রূপতামাহ ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি। সঙ্ক্ষেপ-বিস্তারাভ্যাং হি প্রতিপাদ্যমানং বস্তু মন্দপ্রজ্ঞস্যাপি বুদ্ধাবারোহতি। যদিদমনুষ্টুমাত্র-মিত্যুক্তং সর্ব্বকার্য্য-কারণাত্মকং জগৎ য এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টু-ভমপশ্যৎ তেনৈব সর্ব্বমিদমসৃজৎ যদিদং কিঞ্চ তস্মাৎ সর্ব্বমেবানুষ্টু-ভমিত্যাচক্ষতে ইত্যাদিভির্ব্বাক্যৈস্তদনুষ্টুভা সহোমিত্যেতদক্ষরম্। কুতঃ যতো বাঙ্মাত্ররূপোঽয়মোঙ্কারঃ বক্ষ্যতি হি বাগ্বা ওঙ্কার ইতি। নন্বনুষ্টু-ভোঽপি বাঙ্মাত্ররূপত্বমুক্তং পূর্ব্বং বাগ্বা অনুষ্টুবিতি। অনুষ্টুভাত্মকশ্চ প্রণবঃ অতঃ সার্থায়া অনুষ্টুভঃ কথং প্রণবাত্মকত্বং বিপরীতং কিং ন

দেবগণ প্রজাপতির নিকট উক্ত প্রকারে প্রার্থনা করিলে প্রজাপতি দেবগণকে অনুমতি প্রদান করিলেন, অর্থাৎ আমি তোমাদিগের প্রার্থ-নানুরূপ উপদেশ করিব, ইহা স্বীকার করিলেন। প্রথমতঃ অনুষ্টুপের প্রণবস্বরূপতা প্রতিপাদন করিতেছেন। প্রথমে সংক্ষেপে বর্ণনা করিয়া পরে বিস্তার রূপে প্রতিপাদন করিলে তাহা মন্দবুদ্ধি ব্যক্তিরাও বুঝিতে পারে, অতএব প্রথমে সংক্ষেপে বলিতেছেন। এই যে অনুষ্টুপ্ মাত্র উক্ত আছে, তাহাই সর্ব্ব কার্য্যকারণাত্মক জগৎ। আর যিনি এই নারসিংহ মন্ত্ররাজ জানেন, তিনিই সকল সৃষ্টি করিতে পারেন এবং এই যাহা কিছু বিদ্যমান দেখা যায়, তৎসমুদয় নারসিংহ মন্ত্ররাজ হইতে উৎপন্ন, ইত্যাদিবাক্যে জানাযায় যে, ওঁ এই অক্ষরই অনুষ্টুপের সহিত বিদ্যমান, যেহেতু এই ওঙ্কার বাঙ্মাত্ররূপী, আর ইহাও কথিত হইবে যে ওঙ্কারই বাক্য। ইহাতে যদি বল, অনুষ্টুপ্ও বাক্যমাত্রস্বরূপ বলিয়া উক্ত আছে এবং প্রণবও সেই অনুষ্টুপাত্মক, অতএব অর্থযুক্ত অনুষ্টুপের কিরূপে প্রণবাত্মকত্ব হইতে পারে এবং তাহার বিপরীতই বা কেন না

স্যাদিতি চেৎ ন অনুষ্টুভি প্রণবান্বয়-দর্শনেন প্রণবস্যানুষ্টুভং প্রতিকারণ-ত্বোপপাদনেন পরিহৃতত্বাৎ অস্য চাদ্যস্য বাঙ্মাত্ররূপিণ্যামনুষ্টুভস্তথা-বিধাৎ প্রণবাদ্ভেদ এব নাস্তীতি তস্যা অপি তদাত্মকত্বং সিদ্ধম্। যদি চ ভেদোঽস্তীত্যুচ্যতে তথাপি বাগ্বিশেষরূপয়োর্হি প্রণবানুষ্টুভোঃ প্রণব-স্যৈব কারণত্বং দৃষ্টম্। তস্মাদ্বাক্যসামান্য-রূপয়োরপি তয়োস্তথৈব কার্য্য-কারণভাবো যুক্ত ইতি। বাঙ্মাত্ররূপে প্রণবে অনুষ্টুবন্তর্ভূতৈব। যথা অন্যে সর্ব্বে শব্দবিশেষাঃ। উক্তঞ্চ যথা অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষা স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতীতি। সাক্ষাচ্চ তদ্যথা শঙ্কুনা সর্ব্বাণি পর্ণানি সন্তৃণ্ণান্যেবমোঙ্কারেণ সর্ব্বা বাক্ সন্তৃণ্ণেতি সর্ব্ববাগাত্ম-কত্বমুক্তং প্রণবস্য। সর্ব্ববাগ্বাচ্যং বস্তু প্রণবাত্মকমিতি চ। অর্থবিশেষা-ণাঞ্চ তদ্বাচক-নামবিশেষদ্বারেণ বাঙ্মাত্ররূপে প্রণবেঽন্তর্ভাবঃ সম্ভবতি

হয়। এই আশঙ্কা হইতে পারে না। কারণ, অনুষ্টুপেতে প্রণবের অন্বয়দর্শনে এবং অনুষ্টুপের প্রতি প্রণবের কারণত্বপ্রতিপাদনেই উক্ত আশঙ্কা পরিহৃত হইয়াছে। বিশেষতঃ অনুষ্টুপে বাঙ্মাত্রস্বরূপবিধায় আদ্য আশ-ঙ্কার বিঘাতহেতু অনুষ্টুপে প্রণবের ভেদই নাই; সুতরাং অনুষ্টুপের প্রণবস্বরূপত্ব সিদ্ধ হইল। যদি বল, অনুষ্টুপে প্রণবের ভেদ আছে, তথাপি বাগ্বিশেষরূপ প্রণব ও অনুষ্টুপের মধ্যে প্রণবেরই কারণতা দৃষ্ট হয়, অত-এব বাক্যসামান্যরূপ অনুষ্টুপ ও প্রণবের কার্য্যকারণভাব পূর্ব্ববৎই যুক্ত, অর্থাৎ অনুষ্টুপ্ কার্য্য এবং প্রণবকারণ, এইরূপ সিদ্ধান্ত যুক্ত হইতেছে। বাস্তবিক অনুষ্টুপ্ বাঙ্মাত্ররূপী প্রণবের অন্তর্ভূত। যেমন অন্যান্য শব্দ সকল প্রণবের অন্তর্ভূত, সেইরূপ অনুষ্টুপ্ও প্রণবের অন্তর্ভূত। অন্যত্র উক্ত আছে যে, অকারই সকল বাক্যস্বরূপ, তাহাই স্পর্শ উষ্ম প্রভৃতি দ্বারা ব্যক্তীভূত হইয়া নানারূপ হয়। আর ইহাও দৃষ্ট হয় যে, যেমন একটি শঙ্কু সকল পর্ণ সংযত করিতে পারে, সেইরূপ এক ওঙ্কার দ্বারা সকল বাক্যসংযত আছে, অতএব প্রণব যে সর্ব্ববাক্যাত্মক ইহা উক্ত হইল। আর উক্ত আছে যে, সকল বাক্যের বাচ্য বস্তুই প্রণবাত্মক এবং বিশেষ বিশেষ অর্থও সেই সেই অর্থবাচক নামবিশেষদ্বারা বাঙ্মাত্ররূপী

তেষাং তদ্ব্যতিরেকেণানুপলম্ভাৎ। উক্তঞ্চ তদস্যেদং বাচা তন্ত্যা নামভির্দ্দামভিঃ সর্ব্বং সিতম্ সর্ব্বং হীদং নামনী তস্যৈ যদুপাংশু স প্রাণঃ অথ যদুচ্চৈস্তচ্ছরীরমিতি। অহমেব বাত ইব প্রবাম্যারভমাণা ভুবনানি বিশ্বা। যো বৈ তাং বাচং বেদ যস্যা এষ বিকার ইতি বাচঃ কারণত্বশ্রবণাচ্চ। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি চ বিকারস্য নামধেয়মাত্রত্বং শ্রুতম্। সাক্ষাচ্চ প্রণবস্যৈব সর্ব্বাত্মত্বং শ্রুতম্ ওঙ্কার এবেদং সর্ব্বম্ এতদ্বৈ সত্যকামে পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কারঃ যশ্ছন্দসামৃষভো বিশ্বরূপঃ ওমিতীদং সর্ব্বম্ ইত্যাদিবাক্যৈঃ। নন্থ বাঙ্মাত্রতাং বিবক্ষিত্বা সর্ব্বশব্দানাং সর্ব্বাত্মকং বক্তুং শক্যং তথা সতি কোঽয়ং বিশেষঃ প্রণবস্য সর্ব্বাত্মত্বে যেন সর্ব্বশ্রুতীনামত্রাদরো মহান্ দৃশ্যতে। সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি এতদালম্বনং শ্রেষ্ঠম্ ধনুর্গৃহীত্বা প্রণবো ধনুস্তিস্রো মাত্রা এতদ্বৈ মহোপনিষদম্ ইত্যাদি প্রদেশেষু। অনুষ্টুবন্তর্ভাব এবাসৌ বিশেষ ইতি চেৎ ন অন্যে-

---

প্রণবের অন্তর্ভূত আছে, যেহেতু নাম ব্যতিরেকে সেইসকল অর্থের উপলব্ধি হয় না। আর "তস্যেদং বাচা তন্ত্যা নামভির্দ্দামভিঃ সর্ব্বং সিতং সর্ব্বংহীদং নামনী তস্যৈ যদুপাংশু সপ্রাণঃ অথ যদুচ্চৈস্তচ্ছরীরমিতি অহমেব বাতইব প্রবাম্যারভমাণা ভুবনানি বিশ্বা যোবৈ তাং বাচং বেদ যস্যাএব বিকারঃ" ইত্যাদি শ্রুতিতে বাক্যের কারণত্ব শ্রবণ আছে এবং "বাচারম্ভণং বিকারোনামধেয়ং" এই শ্রুতিতে বিকারের নামমাত্রত্ব শ্রবণ আছে। পরন্তু সাক্ষাৎ সম্বন্ধে প্রণবই সর্ব্বাত্মক বলিয়া জানাযায়। আর ছান্দোগ্যোপনিষদে সত্যকামের উপদেশকালে মুনিগণ বলিয়াছেন যে, হে সত্যকাম! ওঙ্কারই সর্ব্বময় এবং ওঙ্কারই পরাপর ব্রহ্ম, এই প্রবণব সর্ব্বছন্দের প্রধান এবং এই অনন্তব্রহ্মাণ্ডই ওঙ্কার, ইত্যাদি বাক্যে প্রণবেরই সর্ব্বময়ত্ব কথিত আছে। এইক্ষণ বল দেখি, প্রণবের বাঙ্মাত্রতাবিবক্ষা করিয়া সকল শব্দেরই যদি সর্ব্বাত্মত্ব বলিলে, তবে প্রণবের সর্ব্বাত্মত্ব বিষয়ে বিশেষ কি হইল? যাহাতে সর্ব্বশ্রুতির এত মহা আদর দেখা যাইতেছে, ইহাতে যদি বলি "সকল বেদ যে পদ বর্ণন করিয়াছেন, তাহাই প্রধান অবলম্বন" ইত্যাদি স্থানেতে অনুষ্টুপ্ অন্তর্ভাবে উক্ত আছে, ইহাই বিশেষ,

যপ্যুকারাদিমকারান্তেষু মন্ত্রেষু অনুষ্টুবন্তর্ভাবসম্ভবাৎ অতোহত্রৈবানুষ্টু-বন্তর্ভাবকথনমপি প্রণবস্য ন মন্ত্রান্তরেভ্যো বিশেষং দ্যোতয়তি। অতঃ কোহসৌ বিশেষ ইতি বক্তব্যম্। উচ্যতে। শ্রুতিগম্য এবাসৌ বিশেষঃ স্মৃতিগম্যো বা নাস্মদ্বুদ্ধিগম্যঃ। তথা চোক্তং সারসংগ্রহে প্রণবনির্ণয়ে। ঋগ্বেদঃ স্যাদকারাদ্য উকারান্তং যজুর্ম্মতম্। সামবেদো মকারান্তঃ সর্ব্ব-গ্রাহী ততো ধ্রুবম্॥ ষড়ঙ্গ-ন্যায়-মীমাংসা-পুরাণ-স্মৃতি-পূর্ব্বকম্। বেদে-হন্তর্ভূতমেব স্যাৎ সর্ব্বে বেদাশ্চ তারগাঃ॥ অহয়োর্ম্মধগা বর্ণা লক্ষৌ যল্ল-গকৌ যতঃ। অকারঃ পুরুষস্তত্র হকারঃ প্রকৃতিঃ পরা॥ তথা প্রণবগো-কারো জীবাত্মা পুরুষঃ স্মৃতঃ। উকারঃ শক্তিরূপত্বাৎ প্রকৃতিঃ সা হরূ-পিণী॥ পুম্প্রকৃত্যাত্মকা বর্ণাস্তস্মাত্তন্মধ্যগাঃ সদা। ক্ষরাক্ষরপরো দেবো মকারঃ পরমেশ্বরঃ॥ অথবাকার এবায়ং চিন্মাত্রঃ পরমেশ্বরঃ। সর্ব্বপ্রকাশকো

তাহাও নহে, যেহেতু অন্যান্য উকারাদি মকারান্ত মন্ত্রেতে অনুষ্টুবন্তর্ভাবে সম্ভব আছে, অতএব প্রণবেরই অনুষ্টুবন্তর্ভাবকথন জানা যায়। অন্যান্য মন্ত্র হইতে বিশেষ প্রকাশ হয় না; সুতরাং কি বিশেষ আছে, তাহা জানা যাইতেছে না। ইহাতে বক্তব্য এই যে, অন্যান্য শব্দ হইতে প্রণ-বের যে বিশেষ আছে, তাহা শ্রুতিমাত্রগম্য, অথবা স্মৃতিমাত্রগম্য, উহা আমাদিগের বুদ্ধিমাত্রগম্য নহে। সারসংগ্রহে প্রণবনির্ণয়ে উক্ত আছে যে, অকার, উকার, মকারাত্মক প্রণবের অকারে ঋগ্বেদ, উকারে যজুর্ব্বেদ এবং মকারে সামবেদ হইয়াছে; সুতরাং প্রণবকে সর্ব্বগ্রাহী বলা যায়। আর ষড়ঙ্গ, ন্যায়, মীমাংসা, পুরাণ, স্মৃতিপ্রভৃতি সকলই বেদের অন্তর্ভূক্ত এবং সকলবেদও প্রণবে নিহিত আছে। অকারাদি হকারান্ত বর্ণসমু-দায়ের মধ্যে অকার পুরুষ এবং হকার প্রকৃতি, এইরূপে প্রণবমধ্যগত অকার জীবাত্মা এবং তাহাই পুরুষ বলিয়া বিখ্যাত, আর উকার শক্তি-স্বরূপ বিধায়, তাহাই প্রকৃতি এবং ঐ প্রকৃতিও হকাররূপিণী। অতএব প্রকৃতি পুরুষাত্মক বর্ণসকলই ওঙ্কারের মধ্যগত এবং পরাপর পরমেশ্বরই অকারস্বরূপ, অথবা প্রণবান্তর্গত অকারই চিন্মাত্র পরমেশ্বর, আর উকা-রও সর্ব্বপ্রকাশক এবং উকারই সকলের অবভাসক, এই উকার ব্যতিরেকে

দেবো হ্রুকারঃ সর্ব্বভাসকঃ ॥ ন হি তেন বিনা বর্ণপ্রকাশঃ কাপি কুত্রচিৎ। কার্য্যঞ্চ কারণং সর্ব্বমুকারঃ শক্তিরূপবান্ ॥ উকারমত এবাত্র জগৎপ্রসব-রূপতঃ। উচ্চরন্ত্যতিদীর্ঘেণ সৃষ্টি-স্থিতি-লয়াত্মনা। কার্য্য-কারণরূপেণ মহেশাদাত্মনোদ্গতম্। তমেবমাত্মকং ভূয়ঃ প্রবিশ্যাত্ম-স্বরূপিণম্ ॥ তাবন্মাত্রত্বমায়াতি মকারো হি মহাচিতিঃ। অকারঃ সোমরূপোঽর্থ উকারঃ সূর্য্য এব তু ॥ মকারশ্চ মহাবহ্নিরিতি তেজস্ত্রয়াত্মকঃ। ষোড়শাত্মা ভবেৎ সোমঃ ষোড়শ-স্বররূপবান্ ॥ সূর্য্যো দ্বাদশমাসাত্মা মাসাশ্চ দ্বিবিধা মতাঃ। অয়নদ্বয়-ভেদেন সৃষ্টি-সংহার-রূপতঃ ॥ সংসার-মোক্ষভেদেন তথাহোরাত্র-ভেদতঃ। কভাদি-বর্ণরূপান্তে সৃষ্টি-সংহার-রূপতঃ। মকারঃ কাল-কলিতঃ পরমাত্মা মহেশ্বরঃ। আদিত্যান্তর্গতো দেবঃ কালকালো মহাপ্রভুঃ। সর্ব্বসংহার-বহ্ন্যাত্মা সাক্ষী চিন্মাত্রবিগ্রহঃ। পুরুষঃ পঞ্চবিংশোঽয়ং ষড়্বিংশস্তু মহেশ্বরঃ। পঞ্চবিংশাত্মনা ভোক্তা ষড়্বিংশো ভোজকো মতঃ। উভয়াত্মা মকারোঽয়ং প্রণবস্থ উদাহৃতঃ। ভোক্তা

কোন স্থলেও কোন বর্ণের প্রকাশ হয় না এবং ঐ উকারই কার্য্যকারণস্বরূপ ও শক্তিপ্রধান, অতএব উকার জগৎপ্রসবরূপীপ্রযুক্ত সৃষ্টি স্থিতি প্রলয়াত্মকরূপে অতি দীর্ঘস্বরূপ উকারের উচ্চারণ করিবে। এবম্ভূত আত্মস্বরূপ উকার প্রবেশ করিয়াই চিন্ময় মকার ও তন্মাত্রত্ব প্রাপ্ত হয়। অকার চন্দ্র, উকার সূর্য্য এবং মকার অগ্নি; সুতরাং উক্ত তিনই তেজোময়। চন্দ্র ষোড়শকলাত্মক ষোড়শস্বরবিশিষ্ট, সূর্য্য দ্বাদশ মাসাত্মক এবং ঐ সকল মাস দ্বিবিধ, অর্থাৎ ঐ দ্বিবিধ মাস অয়নদ্বয় ভেদে সৃষ্টি ও সংহাররূপী। সংসার ও মোক্ষভেদেই অহোরাত্রবিভাগ হইয়াছে। ঐ সকলই সৃষ্টি সংহাররূপভেদে ককারভকারাদি বর্ণস্বরূপ। আর মকার কালকলিত, পরমাত্মা মহেশ্বর, এই মহাপ্রভু আদিত্যের অন্তর্গত হইয়া নানা প্রকার কালরূপে প্রকাশ পাইতেছেন। ইনিই সর্ব্বসংহারকারী বহ্নিস্বরূপ, সর্ব্বসাক্ষী ও চিন্ময়বিগ্রহ। আর এই পঞ্চবিংশ বর্ণ মকারই পুরুষ এবং ষড়্বিংশ বর্ণ যকার মহেশ্বর। এই পঞ্চবিংশবর্ণ মকারই ভোক্তা এবং ষড়্বিংশবর্ণ যকার ভোজক; পরন্তু প্রণবস্থ মকার উক্ত উভয়

তত্রাগ্নিরূপঃ স্যাদ্দশভেদযুতঃ স চ। সপ্তধাতুস্ত্রয়াধারো ভেদতোঽস্মিন্ কলেবরে ॥ যকারাদি-ক্ষকারান্তা বর্ণাস্তদ্ভেদরূপিণঃ। মকারস্তু সমষ্ট্যাত্মা ভোক্তৃ-ভোজক-রূপবান্। অতঃ সর্ব্বাত্মকস্তারঃ সাক্ষাৎ সর্ব্বেশ্বরঃ স্বয়ম্। সর্ব্ব-তেজোঽনুগশ্চৈব সর্ব্ব-বর্ণাত্মকঃ স্বয়ম্ ॥ অপরঃ প্রকৃতের্যদ্বা বাচকোকার ইষ্যতে। সম্মাত্র-বীজরূপেণ সর্ব্বত্রানুগতা হি সা। অকারঃ সর্ব্ব-বর্ণেষু তথৈবেহান্বিতঃ সদা। তস্মাত্তদ্বাচকোকারস্তদভিন্নঃ সদা ভবেৎ ॥ উন্মুখঃ স্যাদুকারোঽয়ং তস্যা উদ্গাতৃ-সাক্ষিণঃ। ব্যাপ্তের্ব্বলস্য চাধিক্যাদকারাদুদ্গতো হ্যসৌ তদ্বৎ সাত্মাত্মিকাশক্তিঃ সাভাসবল-সংযুতা। উকারোঽতস্তদাত্মা স্যাত্তদাভাসামৃতাপ্লুতঃ ॥ মকারো মহতো বোধঃ কেবলস্য মহাত্মনঃ। নিরাভাস-মহাসংবিদানন্দৈক-স্বরূপিণঃ। ইতি শব্দান্তরেভ্যোঽয়মোঙ্কারঃ পরমো মতঃ। বর্ণা বর্ণান্তরেভ্যশ্চ সারভূতাঃ পরা মতাঃ।

স্বরূপ। এই ভোক্তাই অগ্নিরূপী ও ইহা দশভেদযুক্ত। ইহার শরীরে সপ্তধাতু ও ত্রিবিধ আধার নানারূপে বিদ্যমান আছে, যকারাদি ক্ষকারান্ত বর্ণ সকলই তাহার ভেদরূপী এবং মকারই উক্ত সমষ্টিরূপ এবং ভোক্তা ও ভোজকস্বরূপ, অতএব প্রণবই সর্ব্বময় সাক্ষাৎ সর্ব্বেশ্বর, আর এই প্রণবই সর্ব্বপ্রকার তেজের অনুগত এবং স্বয়ং সর্ব্ববর্ণাত্মক, অপর অকারই প্রকৃতিবাচক বলিয়া জানা যায়, এই প্রকৃতি সম্মাত্রবীজ স্বরূপে সর্ব্বত্র অনুগত আছে, পরন্তু অকার সর্ব্ববর্ণে অন্বিত বিধায় এই স্থলেও অন্বিতরূপে জানিতে হইবে। আর উকার সম্মাত্রবাচক বিধায় সদা অভিন্নরূপী হইয়াছে। আর এই উকার উন্মুখ, ব্যাপ্তি ও বলের আধিক্য প্রযুক্ত অকার হইতেই ইহা উদ্গত হইয়াছে। এইরূপ সামাত্মিকা শক্তিও আভাস ও বলসংযুক্তা। আর উকারও সেই পরমাত্মরূপী; সুতরাং উহা তদাভাসবিশিষ্ট ও অমৃতাপ্লুত এবং অদ্বিতীয় পরমাত্মার বোধস্বরূপ, ইহা নিরাভাস এবং চিন্ময় ও আনন্দৈকরসস্বরূপ। এই সকল কারণেই ওঙ্কারকে পরমাত্মা বলিয়া জানাযায়। যে সকল বর্ণ অন্যান্য বর্ণের সারভূত, তাহারাই পরম বর্ণ। অকারাদি সকারান্ত যে সকল মন্ত্র আছে, তাহারা সকলই প্রণবাত্মক। আর ঐ সকল বর্ণ প্রণ-

ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব যচ্চান্যৎ ত্রি-কালাতীতং তদপ্যোঙ্কার এব ॥ ৩ ॥

আদিসান্তাস্ত যে মন্ত্রাস্তে সর্ব্বে প্রণবাত্মকাঃ। তেষাং তদাত্মকত্বেন সর্ব্বাত্মত্বং স্বতো ন তু ইতি ॥ এবং সার্থং মন্ত্ররাজং প্রণবেঽন্তর্ভাব্য তেনাত্মপ্রতিপত্তি-প্রকারঞ্চ সংগ্রহেণাভিধায় তদেব বিস্তরেণ ব্যাচিখ্যাসুর্বক্ষ্যমাণেঽর্থে শ্রোতৃণাং বুদ্ধিসমাধানবিশেষসিদ্ধয়ে প্রজাপতিরাহ তস্যোপব্যাখ্যানমিতি। তস্য ওমিত্যেতস্যাক্ষরস্য উপব্যাখ্যানম্ আত্মপ্রতিপত্ত্যুপায়তয়া তৎসামীপ্যেন ব্যাখ্যানম্ ইদানীং প্রস্তুতমিতি শেষঃ ॥ ২ ॥

যথাপ্রতিজ্ঞাতমুপব্যাখ্যানমেবানুবর্ত্তয়তে ভূতমিত্যাদিনা। ভূতং ভবদ্ভবিষ্যদিত্যেবং কালত্রয়-পরিচ্ছিন্ন-কার্য্যজাতমিত্যর্থঃ। তচ্চ দ্বিবিধং স্থূলং সূক্ষ্মঞ্চেতি। তত্র স্থূলং সমষ্টিব্যষ্ট্যাত্মকং বিরাড়্রূপম্ সূক্ষ্মন্তু সমষ্টি-ব্যষ্ট্যাত্মকং হিরণ্য-গর্ভরূপম্ তয়োরুভয়োরপি প্রণবাত্মকতামাহ সর্ব্বমোঙ্কার-এবেতি। নমু ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্ব-মকারোকারাবেবেতি চ বক্তব্যং

বাত্মক বিধায়ই সর্ব্বাত্মস্বরূপ, তাহারা স্বাভাবিক সর্ব্বাত্মকস্বরূপ নহে। এইরূপ সার্থ মন্ত্ররাজকে প্রণবের অন্তর্ভূত করিয়া এবং তদ্দ্বারাই আত্মতত্ত্ব পরিজ্ঞান কথনপূর্ব্বক সবিস্তর সেই মন্ত্ররাজ বিবরণেচ্ছু হইয়া বক্ষ্যমাণ অর্থে শ্রোতৃবর্গের যুক্তিসমাধান বিশেষসিদ্ধির নিমিত্ত প্রজাপতি বলিতেছেন যে, প্রণবাক্ষরের উপব্যাখ্যান, অর্থাৎ আত্মপরিজ্ঞানের কারণ বিধায় তাহার ব্যাখ্যান করা কর্ত্তব্য ॥ ২ ॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে প্রণবাক্ষরের উপব্যাখ্যান কর্ত্তব্য' এইক্ষণ সেই পূর্ব্ব প্রতিজ্ঞাত উপব্যাখ্যান কথিত হইতেছে।—অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই কালত্রয়পরিচ্ছিন্ন কার্য্যসমূহ স্থূলসূক্ষ্মভেদে দ্বিবিধ। স্থূলকার্য্য সমষ্টি ও ব্যষ্টিস্বরূপ বিরাটাত্মক এবং সূক্ষ্ম কার্য্যও সমষ্টি, অর্থাৎ একত্রীভূত ও ব্যষ্টি, অর্থাৎ পৃথগ্ভূত হিরণ্যগর্ভরূপ, এই স্থূল ও সূক্ষ্ম উভয়ই ওঙ্কার। এইক্ষণ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই কালত্রয়বর্ত্তী সমুদায় কার্য্যই অকার ও উকার স্বরূপ, ইহাই বলা কর্ত্তব্য। যেহেতু

বিরাড়্‌হিরণ্যগর্ভয়োর্হ্যুত্তরত্রাকারোকারাত্মকত্বমেবোচ্যতে ন তু সমস্ত-প্রণবাত্মকত্বম্ অত্রাপি ভূতং ভবিষ্যদিতি তাবেবোক্তৌ তয়োরেব দিক্কাল-পরিচ্ছেদসম্ভব ইতি। যচ্চান্যত্ত্রিকালাতীতমিত্যব্যাকৃতাদেঃ পৃথক্কথনাচ্চ। যদ্যেবং তর্হি ওঙ্কারৈকদেশাত্মনাবপি বিরাড়্-হিরণ্যগর্ভাবুপচারেণোঙ্কা-রাত্মানাবিত্যুক্তাবিতি চেৎ ন শ্রুত্যর্থ-পরিত্যাগ-প্রসঙ্গাৎ। তর্হি সামান্যে-নোঙ্কারমাত্রং সর্ব্বমিত্যুচ্যতে ইতি চেৎ। যদ্যেবং তর্হিকালত্রয়-পরিচ্ছিন্নং তদপরিচ্ছিন্নঞ্চ সর্ব্বমনূদ্য পুনঃ সর্ব্বমেতদোঙ্কার এবেতি বক্তব্যম্। নহু জগদেকদেশমেবানূদ্য অয়মথোঙ্কার এবেতি চ বচনমনুপপন্নং সামান্যেন চ সর্ব্বাত্মত্বমোমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি পূর্ব্বমেবোক্তমিতি ন পুন-র্ব্বচনীয়ম্। অতো বিরাড়্-হিরণ্যগর্ভাব্যাকৃত-সন্মাত্রশরীরাণাং প্রত্যেকং সর্ব্বাত্মকত্ব-প্রণবাত্মকত্বমেবাত্রোচ্যতে। নহু একস্যৈবোঙ্কারস্যৈকস্মিন্নেব প্রয়োগে কথং সর্ব্বাত্মনা শরীর-চতুষ্টয়াত্মত্বং সম্ভবতি ন একস্যৈব প্রণবস্য

বিরাট ও হিরণ্যগর্ভ ইহারাই অকার ও উকারাত্মক বলিয়া পরে কথিত হইবে; সুতরাং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই কালত্রয়বর্ত্তী কার্য্যসকল ওঙ্কারাত্মক হইতেছে না, পরন্তু সেই স্থলেও ভূত ও ভবিষ্যৎ কালপরি-চ্ছিন্ন কার্য্যসমূহই বিরাট ও হিরণ্যগর্ভরূপে উক্ত আছে, যেহেতু উহা-দিগেরই কালপরিচ্ছেদ সম্ভব হয়। বিশেষতঃ এই শ্রুতিতেও যাহা ত্রিকা-লাতীত অব্যক্ত পদার্থসমূহ তাহাও ওঙ্কারস্বরূপ. এইরূপে পৃথক্ উক্ত হই-য়াছে। এখন যদি বলাযায় যে, ওঙ্কারের একদেশ অকার ও উকারাত্মকই বিরাট ও হিরণ্যগর্ভ এইরূপ উপচার করিয়াই উহারা ওঙ্কারাত্মক. ইহা উক্ত হইয়াছে, তাহাহইলে শ্রুত্যর্থ পরিত্যাগপ্রসঙ্গ হয়। তথাপি যদি বলি সামান্যরূপেই সকল ওঙ্কারাত্মক, তাহাহইলে কালত্রয়পরিচ্ছিন্ন এবং কালত্রয়াপরিচ্ছিন্ন সমুদায় কার্য্যই ওঙ্কারাত্মক. ইহাই ব্যক্তব্য হয়, আর জগতের একদেশ গ্রহণ করিয়াই ওঙ্কার সর্ব্ব পদার্থস্বরূপ, এই কথাও উপ-পন্ন হয় না। আর সামান্য প্রকারেই সকল ওঙ্কারাত্মক, ইহাই পূর্ব্বে উক্ত আছে, অতএব বিরাট, হিরণ্যগর্ভ, অব্যক্ত ও সন্মাত্র ইহাদিগের প্রত্যে-কেরই সর্ব্বাত্মকত্ব ও প্রণবাত্মকত্ব কথিত হইল। এইরূপ আশঙ্কা হইতেছে

বৈধর্য্যাদিরূপেণ প্রত্যেকং সর্ব্বাত্মকত্বাদিতি ক্রমঃ। বৈধর্য্যাত্তাবদক্ষর-রূপিণ্যা অকারোকার-মকারার্দ্ধমাত্র-প্রণবাত্মকত্বং প্রত্যক্ষসিদ্ধম্ মধ্যমা-পশ্যন্তী-পরারূপ-প্রণবস্যাপি বৈধর্য্যাদ্যবিভাগ-রূপত্বেন সর্ব্বাত্মকমভ্যূপ-গন্তব্যম্। এবং সতি প্রত্যেকং চতূরূপত্বেন বক্ষ্যমাণানাং বিরাড়াদীনাং বাচকত্বং সম্ভবত্যোঙ্কারস্য। অকারাদীনামপি চতুরূপাণামেব বিড়াদি বাচকত্বং বক্ষ্যতি বিশ্বো বৈশ্বানরশ্চতুরূপোঽঙ্কার এবেত্যাদিনা। অকারাদয়ো হি বীজ-বিন্দু-নাদ-শক্তি-রূপস্বাত্মভেদে বাক-চতুষ্টয়রূপা এব। ন হি বৈধর্য্যাদিরূপ-চতুষ্টয়রহিতঃ শব্দ এবাস্তি লোকে। উক্তঞ্চ বাক-চতুরাত্মত্বম্ উত্তরোত্তরং সৌক্ষ্মঞ্চ। চত্বারি বাক্পরিমিতানি পদানি তানি বিদুর্ব্রাহ্মণা যে মনীষিণঃ। গুহা ত্রীণি নিহিতা নেঙ্গয়ন্তি তুরীয়ং বাচো মনুষ্যা বদন্তীতি। তস্মাদ্বৈধর্য্যাদি-রূপস্যৈবোত্তরোত্তরসূক্ষ্মস্য তথারূপ বিরা-ড়াদি-বাচকত্বেন বিরাড়াদ্যাত্মকত্বমত্রোক্তং যাবদ্ব্রহ্ম বিষ্ঠিতং তাবতী বাগিতি বাক্যান্তরম্। তত্রাকারোকার-মকারার্দ্ধমাত্রাত্মা অস্মদাদি-শ্রোত্র-গ্রাহ্যঃ ক্রিয়াশক্তি-প্রধানো বৈধর্য্যাত্মা তৎপ্রধানঃ প্রণবো বিরাজো

যে, একমাত্র ওঙ্কার সর্ব্বপ্রয়োগে কিরূপে সর্ব্বপ্রকারে শরীরচতুষ্টয়স্বরূপ হইতে পারে? এই আশঙ্কা হয় না, কারণ কণ্ঠোত্থিত উচ্চারণ বিশেষে এক ওঙ্কারেরই প্রত্যেকে সর্ব্বাত্মকত্ব বলা যায়, পরন্তু উচ্চারণ বিশেষ বলেই অকার, উকার, মকার ও অর্দ্ধমাত্রারূপ বর্ণ সমূহের প্রণবাত্মকত্ব প্রত্যক্ষসিদ্ধ। এইরূপেই প্রত্যেকে চারিরূপে বক্ষ্যমাণ বিরাটাদির প্রণব বাচকত্ব সম্ভব হয়, অকারাদি অর্থাৎ অকার, উকার, মকার ও অর্দ্ধ-মাত্রা ইহারাই বীজ, বিন্দু, নাদ ও শক্তি স্বরূপ এবং ইহাই আত্মভেদে বাক্চতুষ্টয়রূপ, ইহারাও উচ্চারণাদিরহিত নহে, যেহেতু লোকে উচ্চা-রণ রহিত শব্দ নাই। আর উক্ত আছে যে, চারিটি বাক্যপরিমিত পদ যে ব্রাহ্মণগণ জানেন, তাঁহারাই জ্ঞানী এবং মনুষ্যগণও চতুর্ব্বিধ বাক্য বলিয়া থাকে, অতএব উচ্চারণ বশতই বাক্য উত্তরোত্তর সূক্ষ্ম হইতেছে, এইরূপে বিরাড়াদি বাচকত্ব প্রযুক্ত এই স্থলেও বিরাড়াদিস্বরূপে উক্ত হইল, অতএব অকার, উকার, মকার, ও অর্দ্ধমাত্রাস্বরূপেই আমা-

বাচকঃ। উভয়োঃ স্বরত্বস্য কাঠিন্যস্য চ সাম্যাৎ। বিশেষেণ স্বরূপাবৈখরীত্যুচ্যতে বৈখর্য্যুচ্চারণাৎ পূর্ব্ব মকারাদিমাত্রা-চতুষ্টয়-রূপেণৈব মনস্যুদ্ভূতঃ ক্রমাদি-বিশিষ্ট-বর্ণ-বিমর্শাত্মা জ্ঞানশক্তি-প্রধানো মধ্যমাবাগাত্মা স তৎপ্রধানপ্রণবো হিরণ্যগর্ভবাচকঃ মনোরূপত্বসাম্যাদুভয়োঃ। সা চ মধ্যে বর্ত্ততে চেতি মধ্যমেত্যুচ্যতে। এবং বিরাড়্-হিরণ্যগর্ভয়োর্ব্বক্ষ্যমাণ-প্রকারেণ চতুরাত্মনা মধ্যমাবৈখরীরূপ-চতুর্ম্মাত্র-প্রণবাত্মত্বমভিধায় সমষ্টি-ব্যষ্টি-সুষুপ্তাত্মকস্যাব্যাকৃতস্য সমস্ত-জগদ্বাসনাবিশিষ্টতয়া কিঞ্চিদ্বহির্ম্মুখসদাত্মকস্য কারণশরীরস্যান্তর্ম্মুখ-সদাত্মক-সামান্য-শরীরস্য চ ব্রহ্মজ্ঞানাত্মনঃ ক্রমেণ পশ্যন্তী। পরাবাগ্রূপপ্রণবরূপতামাহ যচ্চান্যত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এবেতি। মধ্যমা-বিশেষজ্ঞানাৎ পূর্ব্বমক্রমবহির্ম্মুখ-স্পন্দমাত্ররূপ সামান্য-জ্ঞানাত্মক ইচ্ছাশক্তি-প্রধানঃ পশ্যন্ত্যাত্মা প্রণব উক্তরূপ-কারণ-শরীর-বাচকঃ পশ্যদ্রূপত্বাবিশেষাৎ। পরিত্যক্ত-সর্ব্বস্পন্দঃ কেবল-সন্মাত্রতয়াবস্থিতঃ স্বাতন্ত্র্যশক্তিঃ সদাত্মা পরাবাগ্রূপঃ প্রণব উক্তরূপ-সামান্যশরীর-বাচকঃ পরত্বসামান্যাৎ। উক্তবাচ্যানাক্তোক্তবাচক-ব্যতিরেকেণানুপলব্ধেঃ। সর্ব্বমোঙ্কার এবেতি যুক্তম্। ওঙ্কারস্য সর্ব্ব-ব্যাচ্য-বাচক-কল্পনা-

---

দিগের শ্রবণগোচর ক্রিয়াশক্তি প্রণবই বিরাট পুরুষবাচক। আর জ্ঞান শক্তিপ্রধান মধ্যমাত্রস্বরূপ প্রণবই হিরণ্যগর্ভবাচক, যেহেতু উভয়েরই মনোরূপত্ববিষয়ে সাম্য আছে। ইহা মধ্যে বর্ত্তমান আছে বলিয়াই তাহাকে মধ্যম বলা যায়। এইরূপে বিরাট ও হিরণ্যগর্ভের বক্ষ্যমাণ প্রকারে চতুর্ম্মাত্র প্রণবস্বরূপত্ব বলিয়া সমষ্টি, ব্যষ্টি ও সুষুপ্তাত্মক অব্যক্ত কারণশরীরের এবং অন্তর্ম্মুখ সদাত্মক সামান্যশরীরে ক্রমে ব্রহ্মজ্ঞান প্রদর্শন করিয়া শ্রুতিবাক্যরূপ প্রণব বলিতেছেন। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয়ের অতীত যাহা কিছু তাহাও ওঙ্কার। মধ্যম বাক্যের বিশেষ জ্ঞানহেতু পূর্ব্বে ক্রমবহির্ম্মুখ স্পন্দ মাত্ররূপ সামান্য জ্ঞানাত্মক ইচ্ছাশক্তিপ্রধান প্রণবই উক্তরূপ কারণশরীরবাচক, আর সর্ব্বস্পন্দ, পরিত্যক্ত কেবল সৎস্বরূপে অবস্থিত, স্বাতন্ত্র্যশক্তিক সদাত্মা প্রণবই উক্তরূপ সামান্যশরীরবাচক, যেহেতু উক্ত বাচক ব্যতিরেকে বাচ্য সকলের উপ-

সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম তমেতমাত্মানমোমিতি ব্রহ্মণৈকীকৃত্য ব্রহ্মচাত্মনা ওমিত্যেকীকৃত্য তদেক-মজর-

রহিত-চিন্মাত্ররূপত্বঞ্চ যচ্চান্যদিত্যনেনৈবোক্তম্। ন হি চিদ্রূপত্বং বিনা-প্রণবস্য বাধকত্বং সম্ভবতি ॥ ৩ ॥

এবমাত্মপ্রতিপত্ত্যর্থমোঙ্কারস্যোপব্যাখ্যানমেকেন প্রকারেণ কৃত্বা ব্যাখ্যাতং বাক্‌চতুষ্টয়প্রণবরূপং সার্থং ক্রমেণ তৎসাক্ষিণি ব্রহ্মণি প্রণবে বিলায়িতং তাবন্মাত্রং ভবতীত্যাহ সর্ব্বং হ্যেতদিতি। হি শব্দেন তত্রাধ্যা-সলক্ষণো হেতুঃ। এবং ত্বম্পদার্থং তৎপদার্থ-পর্য্যন্তমুপব্যাখ্যানেন সংশোধ্য শুদ্ধস্য প্রত্যগাত্মনো ব্রহ্মণৈক্যমাহ অয়মাত্মা ব্রহ্মেতি। উক্তঞ্চ ব্রহ্মাত্মৈক্যং প্রণবেন ব্যতিহারেণ প্রতিপত্তব্যমিত্যাহ তমেতমাত্মানমোমিতি ব্রহ্ম-ণৈকীকৃত্য ব্রহ্ম চাত্মনা ওমিতি। তম্ এতং ব্রহ্মস্বরূপম্ এতম্ প্রত্যগাত্মা-নমিতি তদেতচ্ছব্দয়োরর্থঃ। তত্র প্রথমা প্রতিপত্তিরহং স ইতি বাক্য-রূপেণ প্রণবেন কার্য্যা। তত্রাহংশব্দঃ স্থূল-সূক্ষ্ম-প্রধানত্বম্পদার্থবাচকঃ সন্ অবস্থাত্রয়-সাক্ষিণং প্রত্যগাত্মানং লক্ষয়তি। অকারোকারাবপি তদ্বাচক-

লব্ধি হয় না, অতএব সকলই ওঙ্কার, ইহা যুক্ত হইল। আর ইহাতেই প্রণবের সর্ব্ববাচ্যবাচকত্ব কল্পনা ভিন্ন চিন্মাত্র স্বরূপতা উক্ত হইল ॥ ৩ ॥

পূর্ব্বশ্রুতিতে এক প্রকার আত্মপরিজ্ঞানার্থ ওঙ্কারের উপব্যাখ্যান করিয়া ঐ ব্যাখ্যাত সার্থ বাক্ চতুষ্টয়াত্মক প্রণব ক্রমত তৎসাক্ষীভূত ব্রহ্মেতে বিচলিত হইলে ব্রহ্মস্বরূপ হয়, ইহাই প্রদর্শিত হইতেছে।— এই পরিদৃশ্যমান স্থাবরজঙ্গমাত্মক আকীটব্রহ্ম পর্য্যন্ত অনন্ত ব্রহ্মাণ্ডই ব্রহ্ম এবং এই আত্মাও ব্রহ্ম, অর্থাৎ ত্বংপদার্থ ও তৎপদার্থকে উপব্যাখ্যান দ্বারা সংশোধিত করিলে শুদ্ধ প্রত্যগাত্মা ব্রহ্মের সহিত একীভূত হয়। আর ইহাও উক্ত আছে যে, প্রণবদ্বারা ব্রহ্ম ও আত্মার ঐক্য জানিতে হয়, অর্থাৎ "ওম্" এইরূপে ব্রহ্মের সহিত আত্মাতে এবং ঐ প্রকার আত্মার সহিত ব্রহ্মকে একীভূত করিয়া সেই অদ্বিতীয় অজরামর অভয় ওঁশব্দস্বরূপ ব্রহ্মানুভব করত সেই প্রণবাত্মক ব্রহ্মেতে শরীরত্রয় আরো-

মমৃত-মভয় -মোমিত্যমুভূয় তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীর-

ত্বেন তমেব লক্ষয়ত ইতি তদাত্মকৌ তৌ। স ইতি কারণোপাধিপ্রধান-তৎপদার্থ-বাচকঃসন্ তৎসাক্ষিণং পরমাত্মানং লক্ষয়তি। মকারোঽপি তদ্বাচকত্বেন তমেব লক্ষয়তি। সামানাধিকরণ্যেন চ প্রত্যগাত্মনো ব্রহ্মণৈক্যং প্রতিপত্তব্যম্। দ্বিতীয়া তু প্রতিপত্তিঃ সোঽহংবাক্যরূপেণ প্রণবেন কর্ত্তব্যা। সোঽহমিত্যস্মাদ্বাক্যাৎ সকার-হকারয়োরুদ্ধারে কৃতে তৎপূর্ব্বরূপে চ ওমিতি প্রণবঃ সম্পদ্যতে। তস্মাদোমিতি পরমাত্মবাচকঃ। স ইতি হি তস্যার্থঃ। তচ্ছব্দশ্চ কারণোপাধি-প্রধান-ব্রহ্মবাচক ইতি। অহমিতি প্রত্যগাত্মবাচকঃ অহংশব্দাত্মকোঽসৌ সামানাধিকরণ্যেন চ ব্রহ্মণঃ প্রত্যগাত্মনৈক্যং প্রতিপত্তব্যমিতি। এবং ব্যতিহারেণৈকত্বং প্রতিপাদ্যাস্মাৎ-প্রণবেন পরিপূর্ণত্বাবদ্যোতকেন পরিপূর্ণবাক্যার্থমাত্রে পদ-পদার্থদ্বয়-তদৈক্য-প্রতিপত্তি-বিকল্প রহিতে স্থিতিঃ কার্য্যা মন্দস্য সম্যক্ জ্ঞানোদয়ায়েত্যাহ তদেক-মজর-মমৃত-মভয়-মোমিত্যমুভূয়েতি। তদেকং বস্তু

পণপূর্ব্বক তন্ময় হইয়া থাকে, অর্থাৎ সেই প্রত্যগাত্মা এই ব্রহ্ম প্রাপ্ত হয়। ওঁ এই শব্দ দ্বারা "আমিই সেই ব্রহ্ম" এইরূপ জ্ঞান করিবে, আমি স্থূল ও সূক্ষ্ম শরীরবান্ ও অবস্থাত্রয়ের সাক্ষী প্রত্যাগাত্মা, আর প্রণবস্থ অকার ও উকার ইহারাও সেই প্রত্যাগাত্মার বাচক; সুতরাং ঐ অকার ও উকার ইহারাও সেই আত্মস্বরূপ, অতএব আমিই সেই সেই কারণোপাধিপ্রধান তৎপদার্থ বাচক পরমাত্মা। আর প্রণবান্তর্গত মকারও সেই পরংব্রহ্মবাচক বিধায় ব্রহ্মস্বরূপ জানিবে; সুতরাং সামানাধিকরণ্যরূপে ব্রহ্মের সহিত আত্মার ঐক্য জানিতে হইবে। আর "সেই ব্রহ্মই আমি" এইরূপ জ্ঞান করিবে। এইরূপ জ্ঞানও প্রণবদ্বারাই হইয়া থাকে, অর্থাৎ "সোঽহং" এই বাক্য হইতে সকার ও হকারের উদ্ধার করিলেই তৎপূর্ব্বরূপে "ওম্" এই প্রণব সম্পন্ন হইয়া থাকে, অতএব ওম্‌শব্দ পরমাত্মবাচক এবং সোঽহং বাক্যের অন্তর্গত "সঃ" এই পদেও সেই ব্রহ্মার্থ বোধ হইতেছে। আর তৎপদও কারণোপাধিপ্রধান

মারোপ্য তন্ময়ং হি তদেবেতি সংহরেদোমিতি ॥ ৪ ॥

একত্বেন জরাহেত্বভাবাদজরম্ অজরত্বাৎ অমৃতং সর্ব্ববিকার-বর্জ্জিত-মিত্যর্থঃ অতোঽভয়মিতি ওমিতি শাস্ত্রাচার্য্য-যুক্তিসিদ্ধৈক্যস্ত স্বানুভব-সিদ্ধতয়া সত্যম্ এবং রূপমেবাত্মতত্ত্বমিতি স্বস্ত পূর্ণত্বাবদ্যোতকেনানুজ্ঞা-প্রণবেনানুভূয়েত্যর্থঃ। অনুভূয় তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীরমারোপ্য সংহরে-দিত্যন্বয়ঃ। যদ্যেবং স্বাত্মন্তবস্থিতস্ত কদাচিৎ কেনচিন্নিমিত্তেন জগৎপ্রতি-ভাসঃ স্যাত্তদা তৎ সর্ব্বং শরীরত্বেন স্বাত্মনি কল্পনীয়মিত্যাহ তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীরমারোপ্যেতি। তস্মিন্ পূর্ব্বোক্তবাক্যার্থস্বরূপে স্বাত্মনি তুরীয়ে ইদং সর্ব্বকার্য্য-কারণাত্মকং জগৎ ত্রিশরীরং স্থূল-সূক্ষ্ম-কারণ-লক্ষণং শরীরত্রয়ং যথা ভবতি তথারোপ্যেত্যর্থঃ। অত্র কারণ-সামান্তশরীরয়োরে-কত্বং বিবক্ষিতত্বাত্ত্রিশরীরত্বমুক্তমিত্যেবং মন্তব্যম্। ঈক্ষণাবস্থং প্রলয়াবস্থঞ্চ বহির্ম্মুখং সদাত্মকং কারণং কারণশরীরমুচ্যতে। তদেব সন্মাত্রমন্তর্ম্মুখং

ব্রহ্মবাচক বলিয়া জানিবে এবং অহংশব্দ প্রত্যগাত্মবাচক; সুতরাং সামানাধিকরণ্যরূপে ব্রহ্মের প্রত্যগাত্মার সহিত ঐক্য জানা যায়। সেই পরংব্রহ্ম অদ্বিতীয় বস্তু; সুতরাং তাহার জরার কোন কারণই নাই, অতএব তিনিই অজর। আর যেহেতু তাঁহার জরতা নাই, অতএব তিনিই অমৃত, অর্থাৎ সর্ব্ববিকার রহিত, তাঁহার কোনরূপ বিকার নাই বলিয়াই পরমাত্মা অভয়, অর্থাৎ তাঁহার কোন রূপেও ভয়ের সম্ভাবনা নাই, পরন্তু ওঙ্কারের সহিত শাস্ত্র ও আচার্য্যযুক্তিসিদ্ধ আত্মার ঐক্যই অনুভব সিদ্ধ, অতএব সেই আত্মাই সত্য। এইরূপে পরংব্রহ্মেতে আত্মার ঐক্য অনুভব করিয়া তাহাতে সকল আরোপপূর্ব্বক সংসার সংহার করিবে। যদিও এইরূপে স্বাত্মাবস্থিত ব্যক্তির কদাচিৎ কোন কারণ বশত জগৎ প্রতিভাস হয়, তাহাহইলে সেই শরীররূপে আত্মাতে কল্পনা করিবে। আর পূর্ব্বোক্ত বাক্যার্থস্বরূপ আত্মাতে স্থূল, সূক্ষ্ম ও কারণা-ত্মক শরীরত্রয় আরোপ করিবে। এইস্থলে কারণশরীর ও সামান্তশরীরের একত্ব বিবক্ষিত হেতু ত্রিশরীর জানিতে হইবে। যাহা ঈক্ষণাবস্থ

তং বা এতং ত্রিশরীরমাত্মানং ত্রিশরীরং এবং ব্রহ্মাত্মানু-সন্দধ্যাৎ ॥ ৫ ॥

সাক্ষ্যেকাকারং ব্রহ্মজ্ঞানরূপং সামান্যশরীরমিত্যুচ্যতে। আরোপ্য কিং তথৈব জ্ঞাতব্যং ন ইত্যাহ তন্ময়ং হি তদেবেতি সংহরেদোমিতি। তৎ সচ্চিদানন্দরূপং তুরীয়ং ব্রহ্ম তন্ময়ং হীদং সর্ব্বং পটঃ সন্ পটঃ সংবিৎ পটঃ সুখমিত্যাদি-প্রকারেণ তদনুগমদর্শনাৎ। হি যস্মাৎ এবং তস্মিন্নধ্যস্তং সর্ব্বং তস্মাত্তদেবেতি যুক্তিতো নিধার্য্য ওমিত্যাত্মানং প্রতিপাদ্য সর্ব্বং স্বাত্ম-মাত্রতয়া সংহরেদিত্যর্থঃ। ওমিতি তুরীয়প্রতিপত্ত্যা তত্রাধ্যস্তং সর্ব্বং তাব-ন্মাত্রতয়া বিলাপয়েন্মন্দ ইতিভাবঃ। ৪ ॥

ননু সর্ব্বস্য কথং ত্রিশরীরত্বম্ কথং বা তুরীয়ে আরোপিতত্বেন তাব-ন্মাত্রত্বম্ কথং বা অস্যোঙ্কারোচ্চারণমাত্রেণ তুরীয়প্রতিপত্ত্যা লয়ঃ ইত্যা-কাঙ্ক্ষায়াং তৎপ্রতিপাদনায় তং বা এতমিত্যাদ্যারভ্য এষ বীরো নৃসিংহ এবেত্যন্তো গ্রন্থ আরভ্যতে। তত্র তাবদবয়বসর্ব্বস্য ত্রিশরীরত্বমাহ তং

প্রলয়াবস্থ ও সদাত্মক বহির্ম্মুখ তাহাকেই কারণশরীর বলা যায়। আর ঐ কারণ শরীরই অন্তর্ম্মুখ সর্ব্বসাক্ষী ও একাকার, ব্রহ্মজ্ঞান হইলে সামান্য শরীর বলিয়া কথিত হয়। বাস্তবিক পরংব্রহ্মেতে যে সমু-দায় আরোপ করিবে, তাহাতে স্বতন্ত্র জ্ঞান করিবে না, সমুদায় তন্ময়, এইরূপ জ্ঞান করিয়া সমুদায় পরিহার করিবে; অর্থাৎ সেই আত্মাই সচ্চিদানন্দময় তুরীয় ব্রহ্ম, তন্ময়ই এই জগৎ, এইরূপে আরোপ করিবে। যেহেতু যাহাতে সমুদায় ন্যস্ত হয়, তিনিই সর্ব্বময়, এইরূপ যুক্তিদ্বারা অবধারণ করিয়া ওঙ্কাররূপে আত্মাকে জানিবে এবং সকলই একমাত্র আত্মা, আত্মভিন্ন আর কিছুই নাই, এইরূপ জ্ঞান করিবে ॥ ৪ ॥

এইক্ষণ পূর্ব্বশ্রুতিতে আশঙ্কা হইতেছে যে, কিরূপে সকলের ত্রিশরীরত্ব হইতে পারে, কিরূপেই বা তুরীয় ব্রহ্মেতে আরোপিত হইয়া তন্মাত্র হয়, আর কেমই বা ওঙ্কারের উচ্চারণমাত্র তুরীয় ব্রহ্ম-বিজ্ঞান হইয়া তাহাতে লয় হইতে পারে? এই সকল প্রশ্নের সমাধানার্থ "তং বা এতং" ইত্যাদি এবং "এষবীরো নৃসিংহ এব ইত্যন্ত গ্রন্থারম্ভ

বা এতং ত্রিশরীরমাত্মানং ত্রিশরীরং পরংব্রহ্মানুসন্দধ্যাদিতি। তমিতি পরমাত্মানং পরামৃশ্য বৈশব্দেন তং স্মারয়িত্বা স এবায়ং প্রত্যগাত্মেত্যাহ এতমিতি। এবমাত্মনঃ পারমার্থিকং রূপমভিধায় তস্যৈব কাল্পনিকং নিয়ম্য-রূপং শরীরত্রয়াত্মকং নিয়ন্তুঃ শরীরত্রয়েণাভিন্নং প্রতিপত্তব্যমিত্যাহ ত্রিশরীরমিত্যাদিনা। স্থূল সূক্ষ্ম-সৌষুপ্ত-শরীরৈরাত্মনস্ত্রিশরীরত্বং তদভি-মানিত্বেনায়মাত্মা বিশ্ব-তৈজস-প্রাজ্ঞ-নামা ভবতি। তম্ এবং ত্রিশরীর-মাত্মানং ত্রিশরীরং পরং ব্রহ্ম অনুসন্দধ্যাৎ অনুচিন্তয়েৎ। বিরাড়্-হিরণ্য-গর্ভাব্যাকৃত-শরীরৈর্ব্রহ্মণস্ত্রিশরীরত্বং তদুপহিতঞ্চ ব্রহ্ম বৈশ্বানর-সূত্রেশ্বর-শব্দৈরভিলপ্যতে। যদ্যপি নিয়ম্যং সর্ব্বং জীবস্য ব্রহ্মণশ্চ শরীরং তথাপি সমষ্টি-শরীরত্রয়-ব্রহ্মাভিব্যক্ত্যতিশয়াৎ তত্রয়ং নিয়ন্তুর্ব্রহ্মণ-ইত্যুচ্যতে। নিয়-ন্তুর্হি নিয়ম্যমাত্রশরীরং শ্রুতম্ যস্য সর্ব্বাণি ভূতানি শরীরম্ ইত্যাদিনা। জীবস্য চ সর্ব্বশরীরত্বং বক্ষ্যতি সর্ব্বে জীবাঃ সর্ব্বময়া ইতি। তস্মাদীশস্য যথা যস্মিন্ শরীরে স্বাতন্ত্র্যং তদ্বত্তদভিন্নস্যাত্মনোঽপি তত্র স্বাতন্ত্র্যং পরি-জ্ঞাতমেব। ৫॥

হইতেছে।—পরমাত্মাকেই প্রত্যগাত্মা বলিয়া জানিবে এবং তিনিই ত্রিশরীর, ইহাই পরমাত্মার পারমার্থিকরূপ, আর নিয়ম্য শরীরত্রয়াত্মক রূপই তাঁহার কাল্পনিকরূপ, যেহেতু শরীরত্রয়েই নিয়ম কর্ত্তার অভিন্নরূপ জানা যায়। আত্মার স্থূল, সূক্ষ্ম ও সৌষুপ্ত এই ত্রিবিধ শরীর আছে বলি-য়াই তাহাকে ত্রিশরীর বলা যায়। আর আত্মা ত্রিশরীরাভিমানী বিধায় বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ নামে অভিহিত হয়েন। এইরূপে আত্মাকেও ত্রিশরীর এবং ব্রহ্মকেও ত্রিশরীর বলিয়া চিন্তা করিবে। আর ব্রহ্মও বিরাট্, হিরণ্যগর্ভ এবং অব্যক্ত শরীর দ্বারা ত্রিশরীর হইতেছেন, উক্ত বিরাট্, হিরণ্যগর্ভ ও অব্যক্ত শরীরোপহিত ব্রহ্ম বৈশ্বানর ও সূত্রে-শ্বর শব্দে অভিহিত হইয়া থাকেন। যদিও নিয়ম্য সমুদায়ই জীবব্রহ্মের শরীর, তথাপি সমষ্টি শরীরত্রয়ে ব্রহ্মাভিব্যক্তির আতিশয্যহেতু সেই শরীরত্রয়ই নিয়ন্তা ব্রহ্মের শরীর বলিয়া কথিত হয়, পরন্তু "যস্য সর্ব্বাণি ভূতানি শরীরম্" ইত্যাদি শ্রুতিতে নিয়মকর্ত্তার নিয়ম্যমাত্র শরীরই

স্থূলত্বাৎ স্থূলভুক্‌ত্বাচ্চ সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মভুক্‌ত্বা-চ্চৈক্যাদানন্দভোগাচ্চ সোঽয়মাত্মা চতুষ্পাজ্জাগরিতস্থানঃ

জীবেশশরীরৈক্যমবগন্তব্যম্। স হি প্রতিবোধ-বাক্‌চতুষ্টয়ার্থরূপং শরীরত্রয়ং সৃজতি স্থাপয়তি সংহরতি চ তৎ কথমস্য তৎপারতন্ত্র্যং কথং ত্রিশরীরস্যাস্য পরিচ্ছিন্নস্যাপরিচ্ছিন্ন-ত্রিশরীর-ব্রহ্মণৈক্যং প্রতিপত্তুং শক্যতে গুণৈরিত্যাহ স্থূলত্বাৎ স্থূলভুক্ত্বাচ্চ সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মভুক্ত্বাচ্চৈক্যাদানন্দ-ভোগাচ্চেতি। তত্র স্থূলত্বাদিতি স্থূলবিরাজোরূপাধ্যংশয়োরেকত্বে সামান্যং স্থূলভুক্ত্বাদিতি বিশ্ব-বৈশ্বানরয়োরুপহিতয়োঃ। এবমুত্তরয়োরপি পদদ্বয়ং যোজ্যম্ তুরীয়স্য তু সাক্ষিণঃ সাক্ষিত্বাদেবৈকত্বং দ্রষ্টব্যম্। বক্ষ্যতি চ সাক্ষিত্বাচ্চেতি। এবং ব্যষ্টি-সমষ্ট্যৈক্যোপপাদনেন সর্ব্বস্যাপি জগতস্ত্রি-শরীরত্বং প্রতিপাদ্য প্রণবোচ্চারণমাত্রেণ সর্ব্বপ্রপঞ্চলয়-পূর্ব্বকং তদ্বিলক্ষণে ব্রহ্মণ্যবস্থানং দর্শয়িতুং চতুর্মাত্রাত্মকেন প্রণবেন যথোক্তস্য পরাপরস্যাত্মন একত্বং প্রকারেণাপি দর্শয়িতুং তস্য চতুষ্পাত্ত্বং চতুরংশত্বমাহ সোঽয়মাত্মা

শ্রুত আছে। "আর সর্ব্বে জীবাঃ সর্ব্বময়া" ইত্যাদি শ্রুতিতেও জীবের সর্ব্বশরীরত্ব শ্রুত আছে, অতএব ব্রহ্মের যেমন শরীরে স্বাতন্ত্র্য আছে, সেইরূপ ব্রহ্মাভিন্ন আত্মারও সেই শরীরে স্বাতন্ত্র্য জানা যায়। ৫॥

জীব ও ব্রহ্মশরীরের ঐক্য জানিতে হইবে, পরন্তু সেই জীবই শরীর সৃষ্টি করে, স্থাপন করে ও সংহার করে, তবে কিরূপে সেই জীবের পারতন্ত্র্য হইতে পারে? অর্থাৎ জীব যে ঈশ্বরের অধীন, ইহা কিরূপে সম্ভব হইতেছে। আর ত্রিশরীর পরিচ্ছিন্ন জীবের অপরিচ্ছিন্ন ব্রহ্মের সহিত কিরূপেই বা ঐক্য জানা যায়? এই আশঙ্কায় বলিতেছেন, স্থূল ও বিরাট, এই উপাধি অংশদ্বয়ের একত্ববিষয়ে সাম্য আছে, আর বিশ্ব ও বৈশ্বানর ইহারা স্থূলভুক্ এবং যিনি সাক্ষিস্বরূপ তুরীয় ব্রহ্ম তাহার সর্ব্ব-সাক্ষিত্বহেতুই ঐক্য দৃষ্ট হয়। এইরূপে ব্যষ্টি ও সমষ্টির ঐক্যোপ-পাদনদ্বারা সকল জগতের ত্রিশরীরত্ব প্রতিপাদন করিয়া প্রণবোচ্চারণ-মাত্র সর্ব্বপ্রপঞ্চের লয়সাধনপূর্ব্বক তদতিরিক্ত ব্রহ্মেতে অবস্থান প্রদর্শ-

স্থূলপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুক্ চতুরাত্মা বিশ্বো বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ। স্বপ্নস্থানঃ সূক্ষ্মপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ

চতুষ্পাদিতি। সোহয়ম্ ইতি পরাপররূপ ইত্যর্থঃ। কথং চতুষ্পাত্ত্বমিত্যাহ জাগরিতস্থান ইত্যাদিনা। স্থূলবিষয়া প্রজ্ঞা অস্যেতি স্থূলপ্রজ্ঞঃ। দ্যৌর্মূর্দ্ধা চক্ষুরাদিত্যোঽগ্নির্মুখং প্রাণো বায়ুর্দ্দেহং মধ্যমাকাশো বস্তিঃ সমুদ্রঃ পৃথিবী পাদাবিতি সপ্তাঙ্গান্যস্য নামরূপাত্মনা তদ্ব্যাপকস্যেতি সপ্তাঙ্গঃ। বাক্-শ্রোত্র-প্রাণ-মন-আদীনি সাধিদৈবতানি নামরূপাশ্রয়া ক্রিয়াসারাণ্যে কোন-বিংশতি-সঙ্খ্যানি মুখানি চোপলব্ধিদ্বারাণ্যস্যেকোনবিংশতিমুখঃ। স্থূলান্ বিষয়ান্ প্রাধান্যেন ভুঙ্ক্তে স্বাত্মসাৎ করোতীতি স্থূলভুক্। চত্বার আত্মানোঽস্যেতি চতুরাত্মা জাগ্রদাদ্যভিমানিনঃ স্থূল-সূক্ষ্ম-কারণ-সাক্ষি-লক্ষণাশ্চত্বার আত্মানঃ প্রসিদ্ধাঃ অন্যথা ব্যবহারাযোগাচ্চ। বিশ্ব-বৈশ্বানর ইতি সমষ্টিব্যষ্ট্যাত্মনোরেকত্বমুক্তম্। প্রথমঃ পাদঃ। এতৎপূর্ব্বকত্বাদুত্তর-পাদাদ্যধিগমস্য সংহারক্রমে স্বপ্নস্থানঃ সূক্ষ্মপ্রজ্ঞ ইতি সূক্ষ্মরূপবাসনাবিষয়া

নার্থ চতুর্মাত্রাত্মক প্রণব যথোক্ত পরাপর আত্মার প্রকারান্তরে একত্ব প্রদর্শনের নিমিত্ত তাহার চতুষ্পাদ ও চতুরংশ বলিতেছেন।—সেই সেই পরাপর আত্মা চতুষ্পাদ, যিনি জাগ্রদবস্থাপন্ন স্থূলবিষয়ে যাহার প্রকৃষ্ট জ্ঞান আছে এবং যিনি সপ্তাঙ্গ, অর্থাৎ আকাশ যাহার মূর্দ্ধা, আদিত্য চক্ষু, অগ্নি মুখ, বায়ু প্রাণ, মধ্যমাকাশ দেহ, সমুদ্র বস্তিদেশ (নাভির অধো-ভাগ) এবং পৃথিবী পাদ এইরূপ সপ্তাঙ্গ যে সর্ব্বব্যাপক পুরুষে বিদ্য-মান আছে, যিনি বাক, শ্রোত্র, প্রাণ, মন প্রভৃতি একবিংশতি সংখ্যক মুখশালী, অর্থাৎ বাক্ শ্রোত্র প্রভৃতি যাহার উপলব্ধির দ্বারস্বরূপ। যিনি স্থূল বিষয় সকল ভোগ করেন, যিনি চতুরাত্মা, অর্থাৎ জাগ্রদাদি অব-স্থার অভিমানী স্থূল, সূক্ষ্ম, কারণ ও সাক্ষী, এই চারিটী আত্মা প্রসিদ্ধ আছে এবং যিনি বিশ্ব ও বৈশ্বানর, তিনিই প্রথম পাদ। ইহাতে বিশ্ব ও বৈশ্বানরের, অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টি স্বরূপের ঐক্য উক্ত হইল। এই প্রথম পাদ জানিতে পারিলেই উত্তর পাদের জ্ঞান হয়। আর যিনি স্বপ্নাবস্থার

একোনবিংশতিমুখঃ সূক্ষ্মভুক্ চতুরাত্মা তৈজসো হিরণ্য-গর্ভো দ্বিতীয়ঃ পাদঃ ॥ ৬ ॥

যত্র সুপ্তো ন কশ্চন কামং কাময়তে ন কশ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তং সুষুপ্তস্থান একীভূতঃপ্রজ্ঞানঘন এব-

---

অস্য প্রজ্ঞেতি অঙ্গমুখয়োরপি বাসনারূপত্বমেবাত্র বোদ্ধব্যম্। স্বপ্নেঽপি বাসনাময়য়োঃ স্থূলসূক্ষ্ময়োঃ প্রতীয়মানত্বাচ্চতুরূপত্বং রূপং ন বিরুধ্যতে ত্রিষপি স্থানেষু তত্ত্বাপ্রতিবোধ-লক্ষণস্য স্বাপস্য তুল্যত্বাৎ॥ ৬।

পূর্ব্বাভ্যাং সুষুপ্তং বিভজতে যত্র সুপ্ত ইতি প্রাপ্তবিষয়-ভোগকালে কস্যাপি কামস্যাভাবাৎ। তৎকাল-ব্যাবৃত্ত্যর্থমাহ ন কঞ্চন স্বপ্নমিতি। স্বপ্নশব্দেনান্যথাগ্রহণমাত্রং বিবক্ষিতম্। যত্র ন কঞ্চন স্বপ্নং পশ্যতীত্যে-বোক্তে কামকালেঽপি বিষয়ান্যথাভাব-লক্ষণস্য স্বপ্নদর্শনস্যাভাবাত্তদ্ব্যাবৃ-ত্ত্যর্থং যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ইত্যুক্তম্। তৃতীয়পাদমাহ সুষুপ্ত-স্থান ইত্যাদিনা। অসৎকার্য্যবাদস্যাযুক্তত্বাদ্বিদ্যমানমপ্যত্র সপ্তাঙ্গত্বমেকো-নবিংশতি-মুখত্বঞ্চ ন পৃথক্ সর্ব্বাত্রাদ্বিভাব্যতে ইত্যাহ একীভূত ইতি। কিমাত্মকোঽসাবেকীভাব ইত্যাকাঙ্ক্ষায়াং সম্মাত্ররূপ-প্রজ্ঞানাত্মক ইত্যাহ প্রজ্ঞানঘন এবেতি। জাগ্রদাদিপ্রজ্ঞা সবিষয়া একীভূতেয়মবস্থেত্যর্থঃ। অতএব বিশেষবিজ্ঞানায়াভাসাভাবাৎ 'আনন্দময়ঃ' আনন্দ প্রায়ঃ নানন্দ

সাক্ষীস্বরূপ, যিনি সূক্ষ্মপ্রজ্ঞ অর্থাৎ সূক্ষ্মরূপ বাসনা বিষয়েই যাহার প্রকৃষ্ট জ্ঞান আছে, যিনি পূর্ব্বোক্ত প্রকারে সপ্তাঙ্গ ও একোনবিংশতিমুখ, সূক্ষ্মভুক ও চতুরাত্মা, সেই তৈজস হিরণ্যগর্ভই দ্বিতীয়পাদ। ৬॥

এইক্ষণ জাগ্রৎ ও স্বপ্ন হইতে সুষুপ্তির পার্থক্য দেখাইতেছেন।—যাহাতে সুপ্ত হইলে কোন কামনা থাকে না কিম্বা কোন স্বপ্ন দর্শন হয় না, তাহাই সুষুপ্ত। এই সুপ্তই যাঁহার স্থান, যিনি সপ্তাঙ্গ একোনবিংশতি মুখ, প্রজ্ঞানময়, আনন্দভুক, অর্থাৎ বিশ্ব ও তৈজসের ন্যায় ইহারও ভোজ্য আছে, বিশ্ব ও তৈজস পুরুষ বিষয় দর্শনে ব্যগ্রবিধায় তাহাদিগের সম্যক

আনন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখশ্চতুরাত্মা প্রাজ্ঞ ঈশ্বর-স্তৃতীয়ঃ পাদঃ ॥ ৭ ॥

এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোহন্তর্য্যাম্যেষ যোনিঃ

এব দুঃখবীজস্য বিদ্যমানত্বাৎ অনেন সচ্চিদানন্দাভাসগ্রস্তান্তর্মুখ-সন্মাত্র-রূপ-ব্রহ্মজ্ঞানাত্মক সামান্যশরীরেহন্তঃপ্রবেশোপায়ঃ প্রদর্শিতঃ। বিশ্বতৈজ-সয়োরিবাত্রাপি ভোগ্যমাহ আনন্দভুগিতি। বিষয়দর্শন-ব্যগ্রতয়া হি ইতরয়োরবস্থয়োঃ পরমানন্দানুভবাভাবঃ। ততোহত্র তদভাবাৎ। স্বাভা-বিকপরমানন্দভোগ উপপন্নঃ প্রজ্ঞানঘনরূপোহয়ং সৌষুপ্তশ্চ আত্মেতি। কথমবগম্যতে ইতি চেৎ স্বপ্ন-জাগ্রৎ-প্রজ্ঞাকারণত্বাদিত্যাহ চেতোমুখ ইতি। জাগ্রদাদ্যবস্থা চেতসাং কারণভূত ইত্যর্থঃ। সূক্ষ্ম-স্থূলয়োরপি ঘন-রূপেণ বিদ্যমানত্বাদত্রাপি চতুরূপত্বং স্যাৎ ন হ্যসতঃ সম্ভব উৎপন্নঃ তত্র সর্ব্বং ঘনীভূতং বিদ্যতে চেৎ কিমিতি সর্ব্বং ন জানাতীতি চেৎ ন। যেন সন্মাত্ররূপেণ সর্ব্বস্যাপি বিদ্যমানত্বং তদাত্মনা সর্ব্বং জানাত্যেবেত্যাহ প্রাজ্ঞ ইতি। প্রাজ্ঞস্য সমষ্ট্যভিমানিনা ... হ ঈশ্বর ইতি। ৭ ॥

সর্ব্বেশ্বরত্বাদিকমপি ধর্ম্মজাতং সাপেক্ষত্বাৎ বীজস্যৈব প্রাজ্ঞস্য সম্ভবতি ন তু নির্ব্বীজস্য তুরীয়স্যেত্যত আহ এষ সর্ব্বেশ্বর ইত্যাদি। সর্ব্বযোনিত্বে

আনন্দানুভব হয় না, পরন্তু ইহার বিষয় দর্শন ব্যগ্রতা নাই; সুতরাং ইহার স্বাভাবিক পরমানন্দ ভোগ উপপন্ন হইতেছে। আর ইনি চেতোমুখ, অর্থাৎ স্বপ্ন, জাগ্রৎ ও প্রজ্ঞার কারণ, অতএব সুষুপ্তাবস্থাপন্ন আত্মাই প্রজ্ঞানঘন; সুতরাং তিনিই জাগ্রদাদি অবস্থা ও চিত্তের কারণস্বরূপ। আর সূক্ষ্ম ও স্থূলের ঘনরূপে বিদ্যমানতাহেতু ইহার চারিরূপ জানা যায়, কখনও অসৎ পদার্থের সম্ভব উৎপন্ন হয় না, ইহাতেই সন্মাত্ররূপে সকল বিদ্যমান আছে; অতএব সৎস্বরূপেই সকল জানিতেছেন; সুতরাং ইহাকেই প্রাজ্ঞ বলে, এই প্রাজ্ঞই ঈশ্বর এবং ইহাই তৃতীয় পাদ। ৭ ॥

সর্ব্বেশ্বরত্বাদি ধর্ম্মসকলও সাপেক্ষত্বপ্রযুক্ত জগৎকারণীভূত প্রাজ্ঞ পুরু-ষেরই সম্ভব হয়। কিন্তু নির্ব্বীজ তুরীয় ব্রহ্মের তাহা সম্ভবেনা, অতএব

সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রং চিদেকরসো হ্যয়মাত্মা অথ চতুর্থশ্চতুরাত্মা

হেতুমাহ প্রভবাপ্যয়ৌ হি ভূতানামিতি। এবং পাদত্রয়মাত্মন্যারোপ্য তস্যাজ্ঞান-মিথ্যাজ্ঞানরূপত্বেনাবস্তুত্বমাহ ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নমিতি। জাগ্রদাদিকমেতৎ ত্রয়মপি সুষুপ্তম্। ন হ্যত্র কিঞ্চিদপি বস্তু বিজ্ঞায়তে তত্ত্বেন মূঢ়ৈঃ। স্বপ্নরূপত্বৈক্তত্রয়ম্, অন্যথা জ্ঞানরূপত্বাৎ তাৎপর্য্যার্থমাহ মায়ামাত্রমিতি। অত্র হেতুমাহ চিদেকরসো হ্যয়মাত্মেতি। ন হি চিদেকরসস্যাত্মনো মায়াব্যতিরেকেণোক্তবৈচিত্র্যং সম্ভবতীত্যর্থঃ। তুরীয়পাদস্যাপি সোপক্রমং চতূরূপত্বমাহ অথ চতুর্থশ্চতুরাত্মেতি। চতুর্ণামপ্যাত্মনাং কথং তুরীয়স্য সম্ভবতীত্যত আহ তুরীয়াবসিতত্বাদেকৈকস্যেতি। একৈকস্য রূপস্যেত্যর্থঃ। কৈরূপৈস্তুরীয়স্য চতূরূপত্বমিত্যত আহ ওতানুজ্ঞাত্রনুজ্ঞাহ-বিকল্পৈরিতি। অবিকল্পৈরিতি পদচ্ছেদঃ। ওতদীনাং স্বরূপমুত্তরত্র বক্ষ্যতি। নন্বু চতূরূপত্বে তুরীয়স্যানেকরসত্বং স্যাদিতি চেৎ ন রূপত্রয়স্য

এই প্রাজ্ঞই সর্ব্বেশ্বর, ইনিই সর্ব্বজ্ঞ, ইনিই অন্তর্য্যামী এবং ইনিই সকলের যোনি, অর্থাৎ কারণরূপে বিদ্যমান আছেন, যেহেতু ইহা হইতেই সর্ব্বভূতের উৎপত্তি ও বিনাশ হইতেছে। জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্ত, এই পাদত্রয়ই আত্মাতে আরোপিত আছে এবং এই তিনই সুষুপ্তস্বরূপ, সুষুপ্তাবস্থাতে অজ্ঞেরা কোন বস্তুই যথার্থরূপে জানিতে পারে না, বাস্তবিক স্বপ্ন ও সুষুপ্ত মায়ামাত্র, কেবল একমাত্র আত্মাই চিৎস্বরূপ। মায়াব্যতিরেকে চিন্ময় আত্মার উক্তরূপ বৈচিত্র্য সম্ভবে না। যিনি চতুর্থপাদস্বরূপ, তাঁহার উক্ত চারিরূপ জানা যায়। এক একরূপে উক্ত চারি আত্মাই চতুর্থপাদরূপী আত্মাতে পর্য্যবসিত আছেন, অর্থাৎ ওতা, অনুজ্ঞাতা, অনুজ্ঞা ও অবিকল্প, এই চারিরূপে এক তুরীয় ব্রহ্মে চারি আত্মা অধিষ্ঠিত রহিয়াছেন। এই ওতা প্রভৃতির স্বরূপ, ইহা পরে কথিত হইবে। এইরূপ যদি আত্মা চতুর্ব্বিধ হইলেন, তাহাহইলে তুরীয় আত্মারও অনেকরূপ হইতে পারে, তাহাও নহে, যেহেতু রূপত্রয়েরই কারণভূত তুরীয় ব্রহ্মেতে অন্তর্ভাব

তুরীয়াবসিতত্বাদেকৈকস্যোতানুজ্ঞাত্রনুজ্ঞাংবিকল্পৈস্ত্রয়মা-
ত্রাপি সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রং চিদেকরসো হ্যথায়মাদেশো

কারণ এবান্তর্ভাবাদিত্যাহ ত্রয়মাত্রাপীত্যাদিনা। অত্রাপি তুরীয়পাদে ত্রয়-মোতানুজ্ঞাত্রনুজ্ঞালক্ষণং সুষুপ্তস্থলমিত্যুক্তার্থম্। অয়ং ভাবঃ। সচ্চিদানন্দ-রূপস্য কারণ-সাক্ষিণঃ সদাদিরূপৈঃ কারণব্যাপ্তি-চিন্তনমোতযোগো নাম তেন ব্যাপ্তস্য কারণস্য স্বতঃ সত্তাদ্যভাবাৎ তদধীনসত্তাপ্রকাশকত্বেন তস্মিন্নধ্যস্তং তদিতিচিন্তনমনুজ্ঞাতৃযোগো নাম। তস্মিন্নধ্যস্তত্বাত্তাবন্মাত্র-মেতদিতি চিন্তনমনুজ্ঞাযোগো নাম। এতচ্চ যোগত্রয়মোতানুজ্ঞাত্রনুজ্ঞা-রূপেণাবিভক্তেন প্রণবেন কার্য্যম্। ওতমিত্যত্র তকারে লুপ্তে সত্যোমিতি ভবতি তস্মাদোতশব্দ এবায়মোঙ্কারঃ তস্মাদোতত্বগুণ-বিশিষ্টং ব্রহ্ম অনেন প্রতিপত্তুং শক্যম্। অনুজ্ঞাতৃত্বানুজ্ঞাত্বয়োরপ্যোঙ্কারে প্রসিদ্ধত্বাৎ তদ্গুণ বিশিষ্টমপি ব্রহ্ম অনেনৈবাবিভক্তেন তুরীয়েণ প্রতিপত্তুং শক্যতে। এতচ্চ যোগত্রয়ং কারণপ্রতিব্যপেক্ষমিতি কারণ এবান্তর্ভবতীতি ত্রয়মপ্যোতং

আছে, অর্থাৎ কারণ সাক্ষীভূত সচ্চিদানন্দের সদাদিরূপে কারণব্যাপ্তি চিন্তা করিবে। অতএব সর্ব্বব্যাপ্ত কারণস্বরূপ সৎস্বরূপের সত্তাদি অভাব-হেতু তদধীন সত্তার প্রকাশক বলিয়াই সেই সৎস্বরূপে সকল আরোপিত হয়। আর সদাদিরূপে যে কারণের ব্যাপ্তি চিন্তন, তাহার নাম ওতাযোগ, সৎস্বরূপে যে আরোপিতচিন্তন, তাহার নাম অনুজ্ঞাতৃযোগ এবং স্বরূপে আরোপিত হেতু তাবন্মাত্রই জগৎ, এইরূপ চিন্তনের নাম অনুজ্ঞাযোগ, এই ত্রিবিধযোগই প্রণবদ্বারা করিতে হয়, অর্থাৎ "ওতং" এই শব্দের তকার লোপ করিলেই "ওম্" এই অক্ষর হয়, অতএব 'ওতং" এই শব্দকেই ওঙ্কার জ্ঞান করিবে; সুতরাং ব্রহ্মকে ওতত্বগুণবিশিষ্ট জানা যাইতে পারে। অনুজ্ঞাতৃত্ব ও অনুজ্ঞাত্ব ইহারা ওঙ্কারে প্রসিদ্ধ আছে বলিয়া অনুজ্ঞাতা ও অনুজ্ঞার গুণবিশিষ্টরূপে অবিভক্ত তুরীয় ব্রহ্মকে জানা যায়। পরন্তু এই যোগত্রয়ও কারণসাপেক্ষ এবং কারণেরই অন্তর্গত আছে, এই নিমিত্ত উক্তযোগত্রয়ই সুষুপ্ত, স্বপ্ন ও মায়ামাত্র। আর যোগত্রয় তুরীয় ব্রহ্মের

ন স্থূলপ্রজ্ঞং ন সূক্ষ্মপ্রজ্ঞং নোভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘন-মদৃষ্ট-মব্যবহার্য্য-মগ্রাহ্য-মলক্ষণ-মচিন্ত্য-মব্য

সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রমিত্যুক্তম্। তুরীয়প্রধানত্বাচ্চস্য যোগত্রয়স্য কারণ-সংহারকস্য তুরীয়েপ্যন্তর্ভাবো বিদ্যতে। তুরীয়-প্রধানা হি তদা বুদ্ধিবৃত্তি-র্ভবতি। ততস্তুরীয়পাদত্রয়ত্বমপি ন বিরুধ্যতে ইতি। এবং তুরীয়পাদত্রয়স্য মিথ্যাত্বমভিধায় পারমার্থিকং তুরীয়স্য চতুর্থং রূপং নির্ব্বিশেষমিতি। বিশেষ-প্রতিষেধমুখেনৈবোপদেষ্টুং শক্যত ইত্যাহ অথায়মাদেশ ইতি ন স্থূলপ্রজ্ঞমিতি। জাগ্রদবস্থা-তদভিমানিতদ্ভেদানাং নিষেধঃ। ন সূক্ষ্মপ্রজ্ঞমিতি স্বপ্নাদেঃ। নোভয়তঃ প্রজ্ঞমিতি জাগ্রৎস্বপ্নয়োর্মধ্যস্য নিষেধঃ। ন প্রজ্ঞমিতি সামান্যজ্ঞানস্য। নাপ্রজ্ঞমিতি অচেতনত্বস্য। ন প্রজ্ঞানঘন-মিতি সুষুপ্তাবস্থাদেঃ অতোঽদৃষ্টং চক্ষুষা কর্ম্মেন্দ্রিয়ৈরপ্যব্যবহার্য্যম্। শ্রোত্রাদিভিরপ্যগ্রাহ্যম্ অতঃ অলক্ষণম্ অলিঙ্গম্ অননুমেয়মিত্যর্থঃ।

অন্তর্গত আছে এবং এই তুরীয় ব্রহ্মেতেই বুদ্ধিবৃত্তি হয়, অতএব ব্রহ্মের তুরীয় পাদও বিরুদ্ধ হইতেছে না, এইরূপে তুরীয় পাদের মিথ্যাত্ব নিরূপণ দ্বারা পারমার্থিক তুরীয় ব্রহ্মের চতুর্থরূপই নির্ব্বিশেষ হইতেছে। এই প্রকারে বিশেষ প্রতিষেধ পূর্ব্বক উপদেশ করিতে শক্য হয়, অর্থাৎ ইহাই বিশেষ উপদেশ যে, পরব্রহ্ম স্থূলপ্রজ্ঞ নহেন, কেহই তাহাকে স্থূলরূপে জানিতে পারে না, ইহাতে জাগ্রদবস্থা ও তদভিমানীর প্রতিষেধ হইল। আর তিনি সূক্ষ্মপ্রজ্ঞ নহেন, ইহাতে স্বপ্নাবস্থা ও তদভিমানীর প্রতিষেধ হইল এবং তিনি স্থূল সূক্ষ্ম উভয়প্রজ্ঞ নহেন; সুতরাং পরংব্রহ্ম জাগ্রৎ ও স্বপ্ন ইহাদিগের মধ্যাবস্থাপন্ন নহেন, ইহাই প্রতিপন্ন হইতেছে। আর তিনি প্রজ্ঞ নহেন, অর্থাৎ সামান্য জ্ঞানের গম্য হয়েন না, তাঁহাকে অপ্রজ্ঞও বলা যায় না, যেহেতু তিনি অচেতন নহেন। আর পরংব্রহ্ম প্রজ্ঞান ঘনও হইতেছেন না, ইহাতে তাঁহার সুষুপ্তাবস্থাদির নিষেধ হইল, বাস্তবিক তিনি অদৃষ্ট, অর্থাৎ সামান্য চক্ষুদ্বারা তাঁহাকে দর্শন করা যায় না, পরন্তু তিনি কর্ম্মেন্দ্রিয়ের ব্যবহারযোগ্য হয়েন না এবং তিনি

পদেশ্য-মেকাত্ম-প্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শিবং শান্তমদ্বৈতং মন্যন্তে। স এবাত্মা স এব বিজ্ঞেয় ঈশ্বরগ্রাসস্তুরীয়স্তুরীয়ঃ। ৮ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

কেবলমনসাপ্যচিন্ত্যম্ অতঃ শব্দেরব্যপদেশ্যম্। প্রমাণাভাবান্নাস্তি তর্হি তদিতি নেত্যাহ একাত্ম-প্রত্যয়সারমিতি। জাগ্রদাদিষ্বেকোঽয়মাত্মেত্যব্যভিচারী সর্ব্বপ্রাণিনাং সূক্ষ্মস্বাভাবিকোঽকৃত্রিমঃ প্রত্যয়ঃ সততোদিতঃ তেন সারং সরণীয়ং তৎসাধকত্বেন তদবিষয়তয়ানুসরণীয়ং তৎপ্রমাণকমিত্যর্থঃ। তথা প্রপঞ্চোপশমম্ উপশান্ত-প্রপঞ্চম্ অতঃ শিবং নিরুপদ্রবসুখরূপম্। অতঃ শান্তম্ অবিক্রিয়ম্ অবিক্রিয়ত্বাদি-ধর্ম্মবত্ত্বমপি নাস্তীত্যাহ অদ্বৈতমিতি। ইত্যেবং তুরীয়পাদস্য চতুর্থং রূপং মন্যন্তে ব্রহ্মবিদঃ। এবং সর্ব্ববিশেষ-বিনির্ম্মুক্তং ব্রহ্মাত্মানমুপদিশ্য মুমুক্ষুং তজ্জ্ঞান এব নিয়ময়তি স

শ্রোত্রাদির অগ্রাহ্য, অতএব পরংব্রহ্মই অলক্ষণ, অর্থাৎ কোনরূপ লক্ষণের বিষয় নহেন এবং অলিঙ্গ, অর্থাৎ কোন কারণে তাহার অনুমান হয় না এবং তাহাকে কেবল মনে মনে চিন্তা করা যায় না, অতএব কোন শব্দদ্বারাও তাহাকে কেহ প্রকাশ করিতে পারে না এবং তাঁহার অস্তিত্ববিষয়ে প্রমাণাভাব হেতু তিনি নাই, ইহাও বলা যায় না, যেহেতু কেবল আত্মপ্রতীতিই তাঁহার জ্ঞানের কারণ। জাগ্রদাদি সকল অবস্থাতেই আত্মা আছেন, এইরূপ প্রতীতি হইয়া থাকে, সকল প্রাণীরই এই এক প্রতীতি হয় যে, সূক্ষ্মভাবে আত্মা আছেন, এই প্রতীতিপ্রমাণেই আত্মাকে জানা যাইতেছে, আর তাহাতে কোন প্রপঞ্চের সম্পর্ক নাই, অতএব তিনি শিবস্বরূপ, অর্থাৎ সর্ব্বপ্রকার উপদ্রব রহিত, আর পরব্রহ্ম শান্ত, অর্থাৎ অবিক্রিয়, পরন্তু অবিক্রিয়ত্বাদি ধর্ম্মও তাঁহার নাই, যেহেতু তিনি অদ্বৈত। ব্রহ্মবিৎ পণ্ডিতগণ এইরূপে তুরীয় পাদের চতুর্থরূপ স্বীকার করিয়া থাকেন। এইরূপে সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্ম বিবর্জ্জিত

এবাত্মা বিজ্ঞেয় ইতি। নন্বীশ্বর এব বিজ্ঞেয়ো নাত্মা ইত্যাশঙ্ক্য ঈশ্বরস্যাপি কারণাত্মনঃ সংহারকোঽয়ং ব্রহ্মরূপ আত্মা তস্মাৎ স এব পরমেশ্বরো জ্ঞেয় ইত্যাহ ঈশ্বরগ্রাস ইতি। ঈশ্বরম্‌অপি কারণাত্মানং স্বাসাধারণবৃত্ত্যা রূঢ়ঃ সন্‌ গ্রসতীতি ঈশ্বরগ্রাসঃ যস্মাৎ তুরীয় ঈশ্বরমপি গ্রসতি তস্মাৎ তস্যৈবাত্মশব্দযোগ্যতা তস্মাৎ স এবাত্মা তস্মাৎ স এব তুরীয়ঃ। তদনুভবার্থ এব প্রযত্নোঽনুষ্ঠেয় ইত্যর্থঃ॥ ৮॥

ইত্যুত্তরতাপনীয়ে প্রথমঃ খণ্ড॥ ১॥

ব্রহ্মস্বরূপ পরমাত্মোপদেশ করিয়া এইক্ষণ মুমুক্ষু ব্যক্তিদিগের যে উক্ত পরমাত্ম জ্ঞান বিধেয়, তাহাই বলিতেছেন।—মুক্তিকামী ব্যক্তিরা এই পরমাত্মাকে জানিবে। মুমুক্ষুরা ঈশ্বরকেও জানিতে চেষ্টা করিবে না, তাহারা সর্ব্বতোভাবে আত্মতত্ত্ব জানিতে যত্ন করিবে, যেহেতু এই পর-ব্রহ্মরূপী আত্মা কারণস্বরূপ ঈশ্বরেরও সংহারক। অতএব পরমাত্মাই মুমুক্ষুদিগের একমাত্র জ্ঞেয়, এই পরমাত্মা স্বীয় অসাধারণ বৃত্তিদ্বারা কারণাত্মা ঈশ্বরকেও গ্রাস করেন। যেহেতু পরমাত্মা তুরীয় ঈশ্বরকেও গ্রাস করেন, অতএব তাহারই আত্মশরীরযোগ্যতা; সুতরাং তিনিই আত্মা এবং তিনিই তুরীয়ব্রহ্ম, তাঁহার জ্ঞানার্থ অবশ্য যত্ন ও অনুষ্ঠান করিবে॥ ৮॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

দ্বিতীয় খণ্ডঃ।

—oo—

তং বা এতমাত্মানং জাগ্রত্যস্বপ্নমসুষুপ্তং স্বপ্নে জাগ্রত-মসুষুপ্তং সুষুপ্তে জাগ্রতমস্বপ্নং তুরীয়েঽজাগ্রতমস্বপ্নমসুষুপ্ত-মব্যভিচারিণং নিত্যানন্দং সদৈকরসং হ্যেবম্ ॥ ১ ॥

যদুক্তং ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রমিতি। তৎসংগ্রহেণ চিদেক-রসো হীত্যুপপাদিতম্ পুনরপি সহেতুকস্য তস্যৈব বিস্তরেণ প্রতিপাদনায় মাত্রাপাদৈক্যং প্রদর্শ্য প্রণবোচ্চারণেন সর্ব্বসংহার-পূর্ব্বকং বিদুষস্তুরীয়-মাত্ররূপত্ব-দর্শনায় চ খণ্ডান্তরপ্রারম্ভঃ। তং বা এতমিতি। অত্র প্রথম-মাগমায়ায়িতদবধ্যস্বয়-ব্যতিরেকমাশ্রিত্যাবস্থাত্রয়-ব্যভিচারিত্বেনাব্যভিচা-রিণাত্মনি কল্পিতত্বমাহ তমিত্যাদিনা। তমিত্যুক্তং তুরীয়ং পরামৃশ্যতে। এতমিত্যস্যৈবাবস্থাত্রয়ানুগতিং দর্শয়তি অব্যভিচারিত্বোপপাদনায়। অথ জাগ্রদাদিত্রয়স্যেতরেতরব্যভিচারিত্বং তুরীয়ে সর্ব্বব্যভিচারশ্চ সাধয়তি জাগ্রত্যস্বপ্নমসুষুপ্তমিত্যারভ্য তুরীয়ে অজাগ্রতমস্বপ্নমসুষুপ্তমিত্যন্তেন। তং চতুষ্পাদং মাত্রাভিরোঙ্কারেণ চৈকীকুর্য্যাদিত্যুত্তরত্র দ্বিতীয়ান্তানাং

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, স্বপ্ন ও সুষুপ্ত মায়ামাত্র এবং সেই মায়ার সংগ্রহদ্বারা একমাত্র চিন্ময়ই উপপাদিত হইয়াছে, এক্ষণ পুনর্ব্বার হেতু প্রদর্শন পূর্ব্বক সেই চিন্ময়ের ব্রহ্মত্ব প্রতিপাদনার্থ মাত্রার ঐক্য প্রদর্শন করিয়া প্রণবোচ্চারণ দ্বারা সর্ব্বসংহার পূর্ব্বক সর্ব্বজ্ঞের তৃতীয় মাত্রা স্বরূপ প্রদর্শনার্থ দ্বিতীয় খণ্ডের আরম্ভ হইতেছে। তুরীয় ব্রহ্মই জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়ে আত্মস্বরূপে বিদ্যমান আছেন। ইনি জাগ্রদবস্থাতে অস্বপ্ন ও অসুপ্ত, স্বপ্নাবস্থায় জাগ্রত ও অসুপ্ত, সুষুপ্তাবস্থায় জাগ্রত ও অস্বপ্ন এবং তুরীয়াবস্থায় অজাগ্রত, অস্বপ্ন ও অসুপ্ত। অতএব সেই চতুষ্পাদ ব্রহ্মকে সর্ব্বত্র অব্যভিচারী নিত্যানন্দ ও সর্ব্বদা একরসা-ত্মক বলিয়া জানিবে। এই চতুষ্পাদ ব্রহ্মই ওঙ্কারের সহিত একীভূত।

চক্ষুষো দ্রষ্টা বাচো দ্রষ্টা মনসো দ্রষ্টা বুদ্ধের্দ্রষ্টা প্রাণস্য দ্রষ্টা তমসো দ্রষ্টা সর্ব্বস্য দ্রষ্টা ততঃ সর্ব্বস্মাদস্মাদন্যো বিলক্ষণঃ॥ ২॥

সর্ব্বেষাং পদানামন্বয়ঃ। আত্মনস্তনাত্মবৎ ন ব্যভিচারঃ সর্ব্বকল্পনাধিষ্ঠানত্বেন সর্ব্ববাধাবধিত্বেন চেত্যাহ অব্যভিচারিণমিতি। উক্তান্বয়-ব্যতিরেকফলমাহ নিত্যানন্দং সদেকরসং হ্যেবমিতি। এবং সতি নিত্যত্বমানন্ত্যং পরমার্থসত্ত্বমেকরসত্বঞ্চাত্মনঃ সিদ্ধমিত্যর্থঃ। অবস্থাত্রয়ানুগমান্নিত্যত্বম্ তদ্ব্যাপকত্বাদানন্ত্যম্ ব্যভিচারিত্বেন কল্পিতস্য সতঃ পরমার্থসদ্রূপাধিষ্ঠানাপেক্ষত্বাৎ সত্বম্ কল্পিতস্যাধিষ্ঠান-ব্যতিরেকেণাভাবাদেকরসত্বম্॥ ১॥

অথ দ্রষ্টৃ-দৃশ্যান্বয়-ব্যতিরেকমাহ চক্ষুষো দ্রষ্টেত্যারভ্য সর্ব্বস্য দ্রষ্টেত্যন্তেন। চক্ষুঃশ্রোত্রাভ্যাং নামরূপবিষয়াভ্যামবশিষ্টমপি জ্ঞানেন্দ্রিয়ত্রয়ং গৃহ্নাতি। বাচা শব্দনির্ব্বর্ত্তিকয়াঽবিশিষ্টমপি কর্ম্মেন্দ্রিয়গ্রহণম্। জ্ঞান-ক্রিয়াশক্তি-সমষ্টিরূপাভ্যাং তদ্বৃত্তিগ্রহণম্। তম ইতি কারণমুক্তম্। উক্তান্বয়-দ্রষ্টৃত্বং সংক্ষিপ্যাহ সর্ব্বস্যেতি। উক্তান্বয়ব্যতিরেকফলমাহ ততঃ সর্ব্ব-

---

কোন স্থানেও ইহার ব্যভিচার নাই, ইনিই সকলের আশ্রয় ইহাতে আত্মার নিত্যত্ব, অনন্তত্ব, পরমার্থসত্ত্ব ও একরসত্ব সিদ্ধ হইল। পরমাত্মা অবস্থাত্রয়ের অনুগত বিধায় নিত্য, সর্ব্বব্যাপকহেতু অনন্ত, ব্যভিচারিত্বরূপে কল্পিত সৎপদার্থ সকল পরমার্থ সদ্রূপে অধিষ্ঠিত হেতু সত্য, আর অধিষ্ঠানব্যতিরেকে কল্পিত পদার্থের সম্ভব হয় না বলিয়া তিনি এক রসাত্মক॥ ১॥

এইক্ষণ অন্বয় ও ব্যতিরেকে রূপে দ্রষ্টা ও দৃশ্যের সম্বন্ধ স্থির করিতেছেন।—পরমাত্মাই চক্ষুর দ্রষ্টা ও কর্ণের শ্রোতা। তিনি নামরূপাদি বিশিষ্ট না হইয়াও জ্ঞানেন্দ্রিয়ত্রয় গ্রহণ করেন, অর্থাৎ পরমাত্মাই চক্ষুদ্বারা দর্শন করেন ও কর্ণদ্বারা শ্রবণ করেন, আর সেই পরমাত্মা বাক্যপ্রবর্ত্তক শব্দবিহীন হইয়াও কর্ম্মেন্দ্রিয়জন্য জ্ঞান গ্রহণ করেন। তিনিই বুদ্ধি ও প্রাণের দ্রষ্টা, অর্থাৎ পরমাত্মাই জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি দ্বারা বুদ্ধি ও প্রাণের

চক্ষুষঃ সাক্ষী শ্রোত্রস্য সাক্ষী বাচঃ সাক্ষী মনসঃ সাক্ষী বুদ্ধেঃ সাক্ষী প্রাণস্য সাক্ষী তমসঃ সাক্ষী সর্ব্বস্য সাক্ষী ততোঽবিক্রিয়ো মহাচৈতন্যোঽস্মাৎ সর্ব্বস্মাৎ প্রিয়তম আনন্দঘনং হ্যেবম্ ॥ ৩ ॥

স্মাদিতি। ততো দ্রষ্টৃত্বেন সর্ব্বত্রান্বয়াব্যভিচারিণী দৃশ্যাদন্যত্বম্ তস্মাদ্বৈলক্ষণ্যঞ্চাত্মনো ঘট-দ্রষ্টৃত্ববৎ সিদ্ধমিত্যর্থঃ। প্রথমান্তানাঞ্চৈষাং পদানাং দ্বিতীয়ান্তত্বেন পরিণতানামুত্তরত্রৈবান্বয়ঃ ॥ ২ ॥

অথ সাক্ষি-সাক্ষ্যান্বয়-ব্যতিরেকমাহ চক্ষুষঃ সাক্ষীত্যারভ্য সর্ব্বস্য সাক্ষীত্যন্তেন। অস্যান্বয়-ব্যতিরেকফলমাহ ততোঽবিক্রিয়ো মহাচৈতন্য ইতি। ততঃ সর্ব্বসাক্ষিত্বেনাবিক্রিয়ত্বং মহত্ত্বং চিদ্রূপত্বঞ্চ সিদ্ধমিত্যর্থঃ। দুঃখি-পরমপ্রেমাস্পদান্বয়-ব্যতিরেকমাহ অস্মাৎ সর্ব্বস্মাৎ প্রিয়তম ইতি। পুত্রবিত্তাদেশ্চক্ষুঃ শ্রোত্রাদেশ্চ প্রিয়তমঃ তচ্ছেষত্বেন হি তেষাং প্রিয়ত্বং ন স্বতঃ আত্মনস্তু স্বত এব প্রিয়ত্বম্ অতঃ পরম-প্রেমাস্পদত্বাৎ পরমানন্দরূপোঽয়মাত্মেতি। অস্যান্বয়-ব্যতিরেকস্য ফলমাহ আনন্দঘনং হ্যেবমিতি। দ্বিতীয়ায়া উক্ত এবান্বয়ঃ ॥ ৩ ॥

বৃত্তি গ্রহণ করিয়া থাকেন। আর পরমাত্মাই সর্ব্বপ্রকার ইন্দ্রিয়জন্য জ্ঞানের আশ্রয় এবং উক্তামুক্ত সকলেরই দ্রষ্টা পরমাত্মা, আর পরমাত্মা সকল পদার্থের অতিরিক্ত। যেহেতু তিনি সকল পদার্থের দ্রষ্টা, অতএব পরমাত্মাই সকল দৃশ্য পদার্থ হইতে অন্য এবং তিনিই সর্ব্ববিলক্ষণ, অর্থাৎ সর্ব্বাতিরিক্ত ॥ ২ ॥

পরমাত্মা চক্ষুর সাক্ষী, কর্ণের সাক্ষী, বাক্যের সাক্ষী, মনের সাক্ষী, বুদ্ধির সাক্ষী, প্রাণের সাক্ষী, সর্ব্বেন্দ্রিয়ের সাক্ষী এবং উক্তামুক্ত সর্ব্ব পদার্থের সাক্ষী। আর তিনি সর্ব্বসাক্ষী, এই হেতুই বিক্রিয়াবিহীন, মহান, এবং চিন্ময়। ইনিই পুত্র কলত্রাদি এবং চক্ষুঃ শ্রোত্রাদি হইতেও প্রিয়তম; সুতরাং পরমাত্মা সকলের প্রেমাস্পদবিধায়ই পরমানন্দরূপী। ৩।

অস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিধাত-মেকরসমেবাজর-মমর-মমৃত-মভয়ং ব্রহ্মৈবাপ্যজয়ৈনং চতুষ্পাদং মাত্রাভি-রোঙ্কারেণ চৈকীকুর্য্যাৎ ॥ ৪ ॥

এবমন্বয়-ব্যতিরেক-চতুষ্টয়েন সচ্চিদানন্দানন্তাত্মরূপত্বং প্রসাধ্য সচ্চি-দাদি-ভেদেনানেকরসত্বমাশঙ্ক্য তদ্‌ব্যুদাসার্থমাহ অস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিভাতমেকরসমেবেতি। অস্মাৎ সচ্চিদাদি-বাচ্যভেদ-প্রত্যয়াৎ পুরতঃ পূর্ব্বমেব সুষ্টু বিস্পষ্টং তদ্ভেদসাক্ষিত্বেন ভাতীত্যনৃতাদি-বিরুদ্ধরূপঃ আত্মা তথোক্তঃ তৎফলমাহ একরসমেবেতি। এবং ব্রহ্মলক্ষণ-লক্ষিতত্বাদ্‌ব্রহ্মৈ-বায়মাত্মেত্যাহ অজর-মমর-মমৃত-মভয়ং ব্রহ্মৈবেতি। অমরমিত্যেকদেশ-নাশপ্রতিষেধঃ। অমৃতমিতি সর্ব্বনাশনিষেধঃ। তস্মাদমরং যদ্‌ব্রহ্ম তদে-বায়মাত্মেত্যর্থঃ। কথং তর্হি তস্য চতুষ্পাত্ত্বমুক্তমিত্যনাদ্যা-কল্পিতং তদি-ত্যাহ অপ্যজয়ৈনং চতুষ্পাদমিতি। ব্রহ্মস্বরূপমপ্যেনম্ অজয়া অনাদ্য-বিদ্যয়া মায়য়া চতুষ্পাদম্ কিমিত্যাহ মাত্রাভিরোঙ্কারেণ চৈকীকুর্য্যাদিতি। মাত্রাঃ অকারাদ্যাঃ ওঙ্কারঃ তাস্বনুগতঃ ওতানুজ্ঞাত্রনুজ্ঞাহবিকল্পরূপঃ ॥ ৪ ॥

ইতিপূর্ব্বে অন্বয়ব্যতিরেকরূপে পরমাত্মার সচ্চিদানন্দত্ব ও অনন্ত স্বরূপ প্রতিপাদন করিয়া এইক্ষণ সচ্চিদাদিভেদে তাঁহার অনেকরসত্বা শঙ্কা নিরাসার্থ বলিতেছেন। এই সচ্চিদানন্দাদি স্বরূপ ব্যাখ্যানের পূর্ব্বেই পরমাত্মার একরসত্ব সুবিস্পষ্টরূপে প্রতিপাদিত হইয়াছে। পর-মাত্মা সচ্চিদানন্দত্বাদিভেদ-সাক্ষীবিধায় তিনি একরসাত্মক। যিনি উক্ত লক্ষণলক্ষিত ব্রহ্ম, তিনিই পরমাত্মা, ইনি অজর, অমর, অমৃত ও অভয়। তাহার কোন একদেশে বা সর্ব্বপ্রকারে বিনাশ নাই, ইহাই অমর ও অমৃত এই পদদ্বয়ে প্রদিপাদিত হইতেছে। অতএব সেই অভয় ব্রহ্মই আত্মা। এইক্ষণ আশঙ্কা হইতেছে যে, যদি উক্তরূপ ব্রহ্মই আত্মা হইলেন, তবে কিরূপে চতুষ্পাদ হইতে পারেন? সুতরাং আত্মার অনাদি অবিদ্যা কল্পিত হইতে পারে, তাহা নহে, যেহেতু অনাদি অবিদ্যা দ্বারা ব্রহ্মের চতুষ্পাদ মাত্র জানা যায়, বাস্তবিক অকারাদি মাত্রাবিশিষ্ট ওঙ্কা-রের সহিত একীভূত হইয়া আছেন। ৪।

জাগরিতস্থানশ্চতুরাত্মা বিশ্বানরশ্চতুরূপোঽকার এব চতুরূপো হ্যয়মকারঃ স্থূল-সূক্ষ্ম-বীজ-সাক্ষিভি-রকাররূপৈ-রাপ্তেরাদিমত্ত্বাদ্বা ॥ ৫ ॥

কস্য পাদস্য কয়া মাত্রয়ৈক্যমিত্যাহ জাগরিতস্থান ইত্যাদিনা। জাগরিতস্থানশ্চতুরাত্মা বিশ্বো বৈশ্বানর ইত্যুক্তানুবাদঃ। তস্য বৈশ্বর্য্যাদি-ভেদেন চতুরাত্মনা অকারেণৈক্যমাহ চতুরূপোঽকার এবেতি। অকারস্য চতুরূপত্বমসিদ্ধমিতি নেত্যাহ চতুরূপো হ্যয়মকার ইতি। কথং প্রসিদ্ধির পীত্যত আহ স্থূল-সূক্ষ্ম-বীজ-সাক্ষিভিরকাররূপৈরিতি। স্থূলাদি-বিমর্শরূপ-বৈখরী-মধ্যমা-পশ্যন্তী-পরারূপ-বীজ-বিন্দু-নাদ-শক্তিভিরকার-রূপৈরিত্যর্থঃ। কেন সামান্যেনাকার-বিরাড়াত্মনোরেকত্বং নির্ণীয়ত ইত্যাহ আপ্তেরাদি-মত্ত্বাদ্বেতি। অকারস্য তাবৎ সর্ব্ববর্ণব্যাপ্তিঃ প্রসিদ্ধা বিরাজশ্চ বিশ্বরূপাত্ম-ত্বেন ব্যাপ্তিঃ সিদ্ধৈব তেন ব্যাপ্তিসামান্যেন তাবদেকত্বং প্রতিপত্তুং শক্যতে। নামরূপাত্মনোরকার-বিরাজোঃ স্থূলবিমর্শ-প্রকাশাত্মনোরাদিম-ত্ত্বাদ্বা সামান্যাৎ তয়োরৈক্যং ফলবিশেষকামস্য প্রতিপত্তব্যম্। মাত্রাণা-মাদিরকারো বিশ্বশ্চ পাদানাম্। ৫ ॥

